The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 945 | 23 October 2026 | শুক্রবার ৭ কার্তিক ১৪৩৩

Trump Renews Call to Rename the State of New Mexico
→ Page 19

Republicans Employ Anti-Muslim Rhetoric in U.S. Midterm Elections
→ Page 18

Prince Harry says he wants to reconcile with family
→ Page 19

Tom Cruise to receive AFI Life Achievement Award
→ Page 19

সোসাইটির নির্বাচনে উৎসব আমেজ আর উত্তেজনা

অশ্লীল আক্রমণাত্মক বার্তায় নানা প্রশ্ন
তৃণমূল ভোটে এগিয়ে সেলিম-আলী
কুনু-ফিরোজের ভাগ্য নির্ধারণে ওজনপাক ও ব্রুকলিন

আজকাল রিপোর্ট

নিউইয়র্কে বহুল আলোচিত হয়ে উঠেছে বাংলাদেশ সোসাইটির নির্বাচন। আগামী ২৫ অক্টোবর রোববার সকাল ৯টা-রাত ১০টা পর্যন্ত এই নির্বাচনে ৩৫ হাজারের বেশি ভোটার ভোট দেবেন। নির্বাচনে উৎসব মুখর আয়োজনের পাশাপাশি রয়েছে টানটান উত্তেজনা। চলছে পক্ষে বিপক্ষে বাকবিতণ্ডা এছাড়া একটি পক্ষের অশ্লীল প্রপাগান্ডার অভিযোগ পাওয়া গেছে। তবে ভোটের মাঠে যাই অলিখিত হিসেবে যাদের কণ্ঠস্বর উচ্চারিত হচ্ছে তাদের অধিকাংশই আবার এই নির্বাচনে ভোটার নন বলে জানা যায়। তারপরও ওই সকল ব্যক্তির নানা ধরনের উত্তেজনাকর মন্তব্যের কারণে নির্বাচনি পরিবেশ বিষিয়ে উঠার মতো অবস্থা বলে সচেতন মহল থেকে অভিযোগ করা হয়েছে। সর্বশেষ তথ্যমতে তৃণমূল পর্যায়ে সেলিম-আলী পরিষদের এগিয়ে থাকার ইঙ্গিত পাওয়া যায়। এছাড়া ফ্লোটিং ভোটারদের একটা বড় অংশ কুনু-ফিরোজ প্যানেলের দিকে ঝুঁকেছে। এমন পূর্বাভাস প্রতিবেদক গত ৭ দিন নির্বাচনী এলাকাগুলো সফর করে পেয়েছেন। ওজনপার্ক ভোট কেন্দ্রের ভোটারদের ওপর আধিপত্য নিয়ে ২ পক্ষের মধ্যে টানাপোড়েন চলছে। আজমল হক কুনুর সমর্থকরা বলছেন, হাজার ভোটের ব্যবধানে জিতবো। কুনু বিয়ানীবাজার ও ওজনপার্কের সন্তান। সেখানে ৭ হাজার ভোটারের মধ্যে ৪ হাজার বিয়ানীবাজারের এরপর ২২ পৃষ্ঠায়

ট্রাম্পের আশংকা প্যারিস মুসলিম শহরে পরিণত হবে

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, খুব শিগগিরই ফ্রান্সের রাজধানী প্যারিস একটি মুসলিম শহরে পরিণত হবে। ফ্রান্সের সাম্প্রতিক বিক্ষোভ ও সহিংসতার জন্য অভিবাসনকে দায়ী করে ইউরোপের এরপর ২২ পৃষ্ঠায়

মধ্যবর্তী নির্বাচনে মুসলিম বিদ্বেষী প্রচারণায় রিপাবলিক্যানরা

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচন ৩ নভেম্বর। সিনেটের ৩৫টি ও হাউজ অব রিপ্রেজেন্টেটিভস'র (প্রতিনিধি পরিষদ) ৪৩৫টি আসনে নির্বাচন। এই ২টি কক্ষ অর্থাৎ কংগ্রেসে রিপাবলিক্যান পার্টি এখন সংখ্যাগরিষ্ঠ দল। হোয়াইট হাউজেও তাদের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মধ্যবর্তী নির্বাচনে প্রেসিডেন্ট পরিবর্তন হবে না। ২০২৮ সালের সাধারণ নির্বাচনে প্রেসিডেন্ট নির্বাচিত হবেন। এরপরও আমেরিকার রাজনীতিতে এই মধ্যবর্তী নির্বাচন খুবই গুরুত্বপূর্ণ। প্রেসিডেন্টকে জবাবদিহিতায় রাখা ও তার একক কর্তৃত্ব টেনে ধরতে পারে এই কংগ্রেসই। এই নির্বাচনে অধিকাংশ জরিপেই ডেমোক্র্যাটদের বিজয়ের খবর দিচ্ছে। কংগ্রেসে সংখ্যাগরিষ্ঠতা পেতে হলে নিজেদের আসনগুলো ধরে রেখে রিপাবলিক্যানদের ৪টি সিনেট ও ৭টি হাউজ আসনে ডেমোক্র্যাটদের জিততেই হবে। মধ্যবর্তী নির্বাচনে জয়লাভ করতে মরিয়া ট্রাম্প। জিততে ভোটারদের ৫ হাজার ডলার প্রদান ও কৃষকদের ৮ বিলিয়ন দেবার ঘোষণা দিয়েছেন। ট্রাম্প নির্বাচনের আগে এরপর ২২ পৃষ্ঠায়

ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান যা বললেন

আজকাল রিপোর্ট

বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ সোসাইটির নির্বাচন নিয়ে আজকাল পত্রিকাকে এক প্রতিক্রিয়া দিয়েছেন। তিনি বলেছেন, এই কমিউনিটি আমাদের। বাংলাদেশ সোসাইটি আমাদের সবার। নির্বাচন নিয়ে পক্ষ বিপক্ষ থাকবে এটাই স্বাভাবিক। ৩৫ হাজার বাংলাদেশি ২৫ অক্টোবর স্বাধীনভাবে ও এরপর ২২ পৃষ্ঠায়

অ্যাসালের বার্ষিক কনভেনশন অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতিতে দক্ষিণ এশীয়, বিশেষ করে বাংলাদেশি আমেরিকানদের অংশগ্রহণ বৃদ্ধি, শ্রমজীবী মানুষের অধিকার প্রতিষ্ঠা এবং সামাজিক ন্যায়বিচার নিশ্চিত করার অঙ্গীকারের মধ্য দিয়ে নিউইয়র্কে অনুষ্ঠিত হলো অ্যালায়েন্স অব সাউথ এশিয়ান আমেরিকান লেবার (অ্যাসাল) এর ১৯তম বার্ষিক সম্মেলন।
গত ১৭ অক্টোবর নিউইয়র্ক সিটির ডিস্ট্রিক্ট কাউন্সিল ৩৭ (ডিসি ৩৭) এর সদর দপ্তরে আয়োজিত দিনব্যাপী এ সম্মেলনে মার্কিন এরপর ৫৬ পৃষ্ঠায়

সোসাইটির নির্বাচন ঠেকাতে দিনভর নাটক

আজকাল রিপোর্ট

সোসাইটির নির্বাচন রোববার। মাত্র ২ দিন বাকী। কিন্তু এই নির্বাচন ঠেকাতে তৎপর ছিলেন ২ জন বাংলাদেশি। তাদের পেছনে কেউ কলকাঠি নাড়ছেন কিনা তা নিয়েও প্রশ্ন উঠেছে। একজন সাবেত সাথী। কানেকটিকাটের বাসিন্দা। তার ব্যক্তিগত ক্ষোভের কারণে বৃহস্পতিবার কুইন্স কাউন্টি কোর্টে মামলাদায়ের করেন। নির্বাচনের উপর নিষেধাজ্ঞা চান। মাননীয় আদালত মামলার বিষয় আমলে না নিয়ে আবেদন খারিজ করে দিয়েছেন।
আরেকটি মামলার বাদী ছিলেন ওসমান চৌধুরী। তিনি বেশ কয়েক বছর আগে সোসাইটির নির্বাচিত কর্মকর্তাও ছিলেন। এর আগেও নির্বাচনের সময় বেশ কয়েকবার সোসাইটির বিরুদ্ধে মামলা করেছিলেন। এমন আচরণে সোসাইটি তার সদস্যপদ বাতিল করে। এবার তিনি সদস্যপদ ফেরত পাবার জন্য দাবি জানান। কিন্তু সোসাইটি এরপর ২২ পৃষ্ঠায়

স্টেট গর্ভনর ক্যাথি হোকুলের ঘোষণা
জ্যাকসন হাইটসে হচ্ছে কমিউনিটি সেন্টার

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের জ্যাকসন হাইটসে শিশু-কিশোর, পরিবার ও স্থানীয় বাসিন্দাদের জন্য আধুনিক সুযোগ-সুবিধাসম্পন্ন একটি নতুন কমিউনিটি সেন্টার নির্মাণে ১০ মিলিয়ন ডলার বরাদ্দের ঘোষণা দিয়েছেন স্টেটের গভর্নর ক্যাথি হোকুল। প্রস্তাবিত এই কেন্দ্রটিতে এরপর ২২ পৃষ্ঠায়

এক্সিডেন্ট কেইসেস
ও
মেডিকেল ম্যালপ্র্যাক্টিস
বিনামুল্যে পরামর্শ
Call : +1(866) 664 6529
For appointments only

Computer Support/Job?
ডাটা রিকভারি, নেটওয়ার্কিং, AI সফটওয়্যার
ট্যাক্স কোর্স ও কম্পিউটারের চাকুরী
২৫ বছরের অভিজ্ঞ প্রফেশনালদের পরামর্শ ও সহায়তা নিন।
(929) 665 2500
Tired of Driving? Get office Job

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবাধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

BISMILLAH
HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ২টি ফ্রি
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

Gree Mechanical Yonkers
914-222-9477, 914-989-0089
1900 Central Park Ave, Yonkers NY 10710
$8000-$10000

RAJIB AHMED
PRESIDENT & CEO
LICENSED REAL ESTATE EXPERT
MEGA insurance BROKERAGE
TLC UBER, LYFT, YELLOWCAB, BLACK CAR
ইন্স্যুরেন্সের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
আমরা দিচ্ছি ফ্রি কোটেশন সুবিধা
TAXI-LIMOUSINE INSURANCE EXPERT
WE OFFER DMV/TLC SERVICES & CLAIMS

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
Health Insurance for New Yorkers
elderplan
a participating agency of MJHS Health System
Anthem
Hamaspik
MANAGED CARE
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ
GROUP
Design by: ihopeprint.com, 929-536-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416

মমতাজউদ্দীন পাটোয়ারী-এর কলাম কিউবার অভিজ্ঞতা এবং আমাদের শিক্ষা
০৫ পৃষ্ঠায়

কাজী মারুফুল ইসলাম- এই কলাম শহরের বাইরেই হোক সচিবালয়
১০ পৃষ্ঠায়

সহিদুল আলম স্বপন-এর কলাম ট্রাম্পের বিরতি, এশিয়ার স্বস্তি: বিশ্ব শক্তির নতুন সমীকরণ
০৬ পৃষ্ঠায়

অভিবাসিদের ৩ লাখের বেশি ভিসা যুক্তরাষ্ট্রে বাতিল

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রে বিদেশি নাগরিকদের ৩ লাখের বেশি ভিসা বাতিল করেছে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন। দেশটির পররাষ্ট্র দপ্তরের দাবি, আগের যেকোনো প্রশাসনের তুলনায় দ্রুতগতিতে ভিসা বাতিলের এই পদক্ষেপ নেওয়া হয়েছে। আইন লঙ্ঘন, জালিয়াতি, জননিরাপত্তার ঝুঁকি এবং জাতীয় নিরাপত্তার বিষয়গুলোকে এ সিদ্ধান্তের প্রধান কারণ হিসেবে উল্লেখ করা হয়েছে। মঙ্গলবার (২০ অক্টোবর) সংবাদমাধ্যম আল জাজিরাকে পাঠানো এক ইমেইলে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর জানায়, দেশের সীমান্ত ও নিরাপত্তা সুরক্ষিত রাখতে এ ধরনের পদক্ষেপ নেওয়া হয়েছে এবং ভবিষ্যতেও তা অব্যাহত থাকবে।

পররাষ্ট্র দপ্তরের এক কর্মকর্তা জানান, অধিকাংশ ভিসা বাতিলের পেছনে রয়েছে অপরাধমূলক কর্মকাণ্ড, জননিরাপত্তা নিয়ে উদ্বেগ, অভিবাসনসংক্রান্ত নিয়ম লঙ্ঘন, জালিয়াতি, ভুল তথ্য দেওয়া কিংবা ভিসা পাওয়ার যোগ্যতা হারানোর মতো বিষয়।

ওই কর্মকর্তা আরও জানান, শিশু জন্ম দেওয়ার উদ্দেশ্যে যুক্তরাষ্ট্রে ভ্রমণসংক্রান্ত কার্যক্রমে জড়িত থাকার অভিযোগে ৪ হাজারের বেশি বিদেশি নাগরিকের ভিসা বাতিল করা হয়েছে। এ ধরনের ভ্রমণকে 'জন্ম পর্যটন' বলা হয়। এর মাধ্যমে যুক্তরাষ্ট্রে সন্তান জন্ম দিয়ে শিশুর জন্য দেশটির নাগরিকত্ব পাওয়ার সুযোগ নেওয়ার চেষ্টা করা হয়।

পররাষ্ট্র দপ্তরের দেওয়া তথ্য অনুযায়ী, বাতিল হওয়া ভিসাগুলোর মধ্যে উল্লেখযোগ্য এরপর ২৪ পৃষ্ঠায়

ফিলিস্তিনিদের আত্মনিয়ন্ত্রণের অধিকারের প্রতি বাংলাদেশের পূর্ণ সমর্থন

আজকাল রিপোর্ট

ফিলিস্তিনি জনগণের আত্মনিয়ন্ত্রণের অবিচ্ছেদ্য অধিকারের প্রতি বাংলাদেশের অবিচল সমর্থন পুনর্ব্যক্ত করেছেন জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত আইমিন জুবাইদা খান। একই সঙ্গে তিনি ফিলিস্তিনি ভূখণ্ডে ইসরায়েলের অবৈধ দখলদারত্ব, বসতি সম্প্রসারণ, জোরপূর্বক বাস্তুচ্যুতি ও মানবাধিকার লঙ্ঘন বন্ধে জাতিসংঘ নিরাপত্তা পরিষদকে অবিলম্বে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়েছেন। গত ১৬ অক্টোবর নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে নিরাপত্তা পরিষদের 'মধ্যপ্রাচ্যের পরিস্থিতি, বিশেষ করে ফিলিস্তিন প্রশ্ন' শীর্ষক উন্মুক্ত বিতর্কে বক্তব্য প্রদানকালে রাষ্ট্রদূত আইমিন খান এ আহ্বান জানান।

গাজায় ব্যাপক ধ্বংসযজ্ঞের তীব্র নিন্দা জানিয়ে তিনি ফিলিস্তিনি ভূখণ্ডে ভূমি দখল, সহিংসতা ও অবৈধ ইসরায়েলি বসতি এরপর ২৪ পৃষ্ঠায়

লেখকের অঙ্গনের ৩০তম গ্রন্থালোচনা অনুষ্ঠিত

আজকাল রিপোর্ট

প্রবাসে মননশীল বাংলা ভাষা ও সাহিত্য চর্চার ধারাবাহিকতায় 'লেখকের অঙ্গন'-এর ৩০তম গ্রন্থালোচনা গত ১৭ অক্টোবর কুইন্স পাবলিক লাইব্রেরিতে সাহিত্যপ্রেমী কবি, গবেষক ও পাঠকদের উজ্জ্বল উপস্থিতিতে অনুষ্ঠিত হয়। 'লেখকের অঙ্গন'-এর পরিচালক নীনা কাদরীর স্বাগত বক্তব্য প্রদানের পর বাংলা সাহিত্যের প্রথিতযশা জনামধন্য বিশিষ্ট লেখকদের বই নিয়ে গ্রন্থালোচনার সূত্রপাত হয়।

অনুষ্ঠানের শুরুতে বিশিষ্ট কবি, সাহিত্যিক এরপর ২০ পৃষ্ঠায়

ওয়ার্ল্ড হিউম্যান রাইটসের সাধারণ সম্পাদক ড. সাদিয়া

আজকাল রিপোর্ট

ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্ট ইউএসএ'র নবনিযুক্ত সাধারণ সম্পাদক হিসেবে মনোনীত হয়েছেন ড. সাদিয়া আফরিন এরা। মানবাধিকার, মানবিক সেবা ও সমাজকল্যাণমূলক কর্মকাণ্ডে তাঁর অবদান, অভিজ্ঞতা এবং নেতৃত্বের প্রতি আস্থা রেখে সংগঠনটি তাঁকে এ গুরুত্বপূর্ণ দায়িত্বে মনোনীত করেছে।

ড. সাদিয়া আফরিন এরা একজন উদ্যোক্তা, মানবিক সেবাকর্মী ও কমিউনিটি নেতা। তিনি এরা কনসাল্টিং সার্ভিসেস ইউএসএ, এরা ফাউন্ডেশন ফর হিউম্যান ডেভেলপমেন্ট অ্যান্ড পিস- এর প্রতিষ্ঠাতা ও সিইও। তিনি নিউইয়র্ক বাংলাদেশি আমেরিকান লায়ন্স ক্লাবের সদস্য। তাঁর পেশাগত নেতৃত্ব ও মানবিক কর্মকাণ্ড এরপর ৪০ পৃষ্ঠায়

সাবেক চিফ প্রসিকিউটরে তাজুল ইসলামের সঙ্গে মতবিনিময়

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের জ্যামাইকায় গত ১৬ অক্টোবর 'মানবতাবিরোধী অপরাধের বিচারের অগ্রগতি ও সংকট' শীর্ষক আলোচনা ও মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় বাংলাদেশের বিচারব্যবস্থা, মানবাধিকার, গণতন্ত্র, রাষ্ট্রীয় জবাবদিহিতা, আইনের শাসন ও আধিপত্যবাদবিরোধী জাতীয় অবস্থান নিয়ে আলোচনা হয়। নিউইয়র্কের বিভিন্ন সামাজিক, রাজনৈতিক, মানবাধিকার ও পেশাজীবী সংগঠনের প্রতিনিধিরা এতে অংশ নেন।

প্যাট্রিয়টস অব বাংলাদেশের উদ্যোগে ও সংগঠনের আবদুল কাদেরের সঞ্চালনায় এরপর ২৪ পৃষ্ঠায়

ইসরায়েলসহ ১২ দেশে নাগরিকদের সতর্ক করলো যুক্তরাষ্ট্র

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের নাগরিকদের উদ্দেশে ভ্রমণ সতর্কতা জারি করেছে মধ্যপ্রাচ্যের ১২টি দেশে থাকা মার্কিন দূতাবাস। এক যৌথ বিবৃতিতে এই সতর্কতা জারি করা হয়েছে। ইউরো নিউজের প্রতিবেদন থেকে এ তথ্য জানা গেছে। সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, জর্ডান, বাহরাইন, ওমান, ইরান, কাতার, ইরাক, লেবানন, ইয়েমেন এবং ইসরায়েলসহ এই ১২ দেশের মার্কিন দূতাবাস এই বিবৃতি দিয়েছে। নাগরিকদের উদ্দেশে বিবৃতিতে বলা হয়েছে, সংঘাত, ফ্লাইট বাতিল ও আকাশসীমা বন্ধ থাকার কারণে যুক্তরাষ্ট্রের নাগরিকদের আপাতত এসব দেশ ভ্রমণে নিরুৎসাহিত করা হচ্ছে।

বর্তমানে এই ১২টি দেশে যেসব মার্কিন নাগরিক এরপর ২৬ পৃষ্ঠায়

ড. ইউনূস ও মেজর আখতারুজ্জামানকে হেনস্তার প্রতিবাদে ব্রুকলিনে বিক্ষোভ

আজকাল রিপোর্ট

ড. মুহাম্মদ ইউনূসকে নিউইয়র্কে হেনস্তা ও মেজর (অব.) আখতারুজ্জামানের সঙ্গে ঢাকায় বিমানবন্দরে দুর্ব্যবহার এবং প্রবাসীদের বিমান বন্দরে হেনস্তার প্রতিবাদে ব্রুকলিনে বিক্ষোভ সমাবেশ করেছে প্রবাসী বাংলাদেশিরা। এ সময় প্রবাসীদের হয়রানি বন্ধ, মানবাধিকার সুরক্ষা ও আইনের শাসন প্রতিষ্ঠার দাবি করেন উপস্থিত প্রবাসীরা।

গত ১৪ অক্টোবর ব্রুকলিনের কেনসিংটন প্লাজায় প্রবাসী নাগরিক সমাজের উদ্যোগে এ প্রতিবাদ সমাবেশে উপস্থিত ছিলেন জাতীয় এরপর ২৪ পৃষ্ঠায়

JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন, ব্যাংক্রাপসি, ক্রেডিট কার্ড মেটার, ডিভোর্স, চাইল্ড কাস্টডি, চাইল্ড সাপোর্ট, অর্ডার অব প্রোটেকশন, সিটিজেনশিপ, সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।

Asif Mortuza

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

NY INSURANCE BROKERAGE INC

NYI
NY INSURANCE BROKERAGE

আপনি কি TLC প্লেট নিতে চান??

NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ

Design & Print by: ihopeprint.com, 929-538-7903

CONTACT US:

SCAN ME

718-476-2025

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

সম্পাদকীয়

ইশরাকের হঠকারিতায় ধ্বংস হতে পারে ক্যারিয়ার

ক্ষমতার দম্ভ, দায়িত্বের সীমালঙ্ঘন কিংবা বিতর্কিত কর্মকাণ্ড-কোনোটির দায় থেকেই ক্ষমতাসীন দলের নেতা, সংসদ সদস্য বা মন্ত্রীকে দায়মুক্তি দেওয়া হবে না। প্রধানমন্ত্রী তারেক রহমানের সাম্প্রতিক পদক্ষেপ থেকে এমন একটি বার্তাই পাওয়া যাচ্ছে। বিএনপির সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ফেরদৌসী আহমেদ মিষ্টির পদত্যাগ এবং মুক্তিযুদ্ধবিষয়ক প্রতিমন্ত্রী ইশরাক হোসেনকে পদ ছাড়ার নির্দেশ দেওয়ার ঘটনায় সরকার ও দলের ভেতরে যে সতর্ক সংকেত তৈরি হয়েছে, তা নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ।

ঘটনা দুটি ভিন্ন। ঢাকার মিরপুরে রাস্তা স্বাস্থ্যসেবা কেন্দ্রে হামলা, তাণ্ডব ও স্থাপনা গুঁড়িয়ে দেওয়ার ঘটনায় সংশ্লিষ্ট ব্যক্তিদের নাম আসার পর পদ ছাড়তে হয় সংসদ সদস্য মিষ্টিকে। তিনি অবশ্য তার বিরুদ্ধে ওঠা অভিযোগ অস্বীকার করেছিলেন। অন্যদিকে গেন্ডারিয়ায় মাদকবিরোধী অভিযানে আগ্নেয়াস্ত্র হাতে প্রতিমন্ত্রী ইশরাকের উপস্থিতির ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ার পর বিতর্ক তৈরি হয়। ইশরাকের দাবি, সম্ভাব্য হামলার আশঙ্কায় আত্মরক্ষার জন্য তিনি অস্ত্র উঁচিয়ে ধরেছিলেন। তার কর্মকাণ্ড আইনসম্মত ছিল কি না-তা খতিয়ে দেখতে পুলিশ তদন্ত শুরু করে। এর মধ্যেই তাকে পদত্যাগের নির্দেশ দেওয়ার খবর সামনে আসে।

> তারেক রহমান দ্রুতই অ্যাকশন নিচ্ছেন। সঠিক সিদ্ধান্ত নিতে পিছুপা হচ্ছেন না। ত্যাগী অনেক নেতাকে মাশুলও দিতে হচ্ছে ছোটবড় অপরাধে। কথাও বলতে শুরু করেছেন। ফ্যাসিবাদের সাথে কাদের আতাঁত গড়ে উঠছে তাও বলে দিচ্ছেন। গোয়েন্দাদের রিপোর্ট তার হাতে। গা ঝাড়া দিয়ে উঠেছেন। রাজনীতির ময়দানে ইতোমধ্যেই কানাঘুষা শুরু হয়েছে। তা দুলছে হাওয়ায়। দেখার জন্য অপেক্ষা করতে হবে

দুটি ঘটনার মধ্যে পার্থক্য থাকলেও একটি বিষয়ে মিল স্পষ্ট-ক্ষমতাসীন দলের গুরুত্বপূর্ণ ব্যক্তিদের কর্মকাণ্ড সরকারকে বিব্রত করেছে আর প্রধানমন্ত্রী তারেক রহমানের 'জিরো টলারেন্স' নীতির খড়্গ নেমে এসেছে। এ ঘটনাগুলো স্পষ্ট করে দিচ্ছে-ক্ষমতার মোহে অন্ধ হয়ে দায়িত্বের সীমা লঙ্ঘন করলে দলীয় পরিচয় কিংবা মন্ত্রী পদও কাউকে রক্ষা করতে পারবে না।

তবে প্রশ্ন থেকেই যায়- এই কঠোর পদক্ষেপ কি নিছকই প্রতীকী বার্তা, নাকি প্রাতিষ্ঠানিক সুশাসনের স্থায়ী ভিত্তি? অতীতে আমরা দেখেছি, ক্ষমতার ছায়ায় দুর্নীতি ও অনিয়ম প্রশ্রয়ের সংস্কৃতিই ছিল প্রধান রাজনৈতিক চালিকাশক্তি। ক্ষমতায় বসার পর রাজনৈতিক নেতৃত্বের আচরণে যে ঔদ্ধত্য, দায়মুক্তির প্রবণতা ও প্রতিষ্ঠানকে পাশ কাটানোর সংস্কৃতি গড়ে ওঠে, তা গণতান্ত্রিক শাসনের জন্য বিপজ্জনক। সেই সংস্কৃতির বিরুদ্ধে অবস্থান নেওয়া জরুরি।

কিন্তু এই জিরো টলারেন্স কি শুধু বিব্রতকর পরিস্থিতি সামলানোর কৌশল, নাকি এটি আইনের শাসন প্রতিষ্ঠার নীতিগত অঙ্গীকার? অভিযোগের সত্যতা প্রমাণের আগে কাউকে অপরাধী সাব্যস্ত করা যেমন অনুচিত, তেমনি দলীয় পরিচয়ের কারণে কাউকে তদন্ত ও বিচারের বাইরে রাখাও গ্রহণযোগ্য নয়।

ইশরাক মন্ত্রীত্ব হারিয়েছেন। সংসদ সদস্য পদ বহাল আছে। পদত্যাগের পর ২ দিন এলাকায় দাপিয়ে বেড়িয়েছেন। সংগঠনের নেতাকর্মিদের বেশি সময় দিচ্ছেন। তাকে নিয়ে গুজবও ছড়ানো হচ্ছে। বলা হচ্ছে, সে এনসিপিতে যোগ দিতে পারেন। এটি হাস্যকর বটেই। বীর মুক্তিযোদ্ধা ও ঢাকার রাজনীতির আইকন সাদেক হোসেন খোকার সন্তান ইশরাক। রাজনীতির শিরায় শিরায় তার বিচরণ। ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনে ছিলেন লড়াকু সৈনিক। ছিলেন বিএনপির রাজনীতির রাজকুমার। সেই ইশরাক কি পিচ্ছিল পথে পা বাড়াবে? হটকারি সিদ্ধান্ত ধ্বংস করে দিতে পারে তার ক্যারিয়ার। এরমধ্যেই অনেক ক্ষতি হয়ে গেছে। এখনই গুধরে ঘুরে দাঁড়াবার সময়। তারেক রহমান নিশ্চয়ই তার ত্যাগ ও পরিশ্রমকে ভবিষ্যতে অবমূল্যায়ন করবেন না। প্রধানমন্ত্রী তারেক রহমানের সাম্প্রতিক কর্মকাণ্ডে প্রতিশোধমূলক রাজনীতির বদলে সংযম ও শালীনতার যে বার্তা দেখছেন অনেকে, তার গুরুত্ব রয়েছে। সিনিয়র আইনজীবী ও সংবিধান বিশেষজ্ঞ শাহদীন মালিকের ভাষায়, বর্তমান নেতৃত্বের মধ্যে 'একধরনের শালীনতা ও গণতান্ত্রিক শ্রদ্ধাবোধের ধারা দৃশ্যমান হচ্ছে'। এই ধারাকে ইতিবাচক রাজনৈতিক পরিবর্তনে রূপ দিতে হলে ব্যক্তিগত আচরণের পাশাপাশি রাষ্ট্রীয় প্রতিষ্ঠানগুলোর স্বাধীনতা, আইনের সমান প্রয়োগ এবং জবাবদিহির সংস্কৃতিও নিশ্চিত করতে হবে।

ক্ষমতার দম্ভের বিরুদ্ধে বার্তা দেওয়া সহজ। সেই বার্তাকে প্রাতিষ্ঠানিক নিয়মে পরিণত এরপর ৪০ পৃষ্ঠায়

কিউবার অভিজ্ঞতা এবং আমাদের শিক্ষা

মমতাজউদ্দীন পাটোয়ারী



চোখের জটিল চিকিৎসার জন্য কয়েক বছর আগে কিউবায় আমাকে তিনবার যেতে হয়েছিল। চিকিৎসার ফাঁকে কয়েকটি স্কুল এবং হাভানা বিশ্ববিদ্যালয়ে শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় করতে গিয়েছিলাম। দুটি স্কুলের শিক্ষার্থীদের শ্রেণিকক্ষে গিয়ে তাদের লেখাপড়ার ধরন-ধারণ প্রত্যক্ষ করেছি, বই-পুস্তক নেড়েচেড়েও দেখেছি। কয়েকজন শিক্ষার্থীকে কোচিং এবং গাইড বইয়ের কথা জিজ্ঞেস করতে তারা প্রথমে কোনো উত্তর দিতে পারেনি। তারা জানিয়েছে, গাইড বই, প্রাইভেট কোচিং সম্পর্কে তাদের কোনো ধারণা নেই, ক্লাসেই তাদের সব বুঝিয়ে দেওয়া হয়। স্কুল শেষে তারা খেলাধুলা, সাংস্কৃতিক চর্চা, বিজ্ঞানের নানা বিষয় নিয়ে ক্লাবে সময় কাটায়। উন্নত দেশগুলোতেও এভাবেই শিক্ষার্থীদের দক্ষতা, জ্ঞান অর্জন এবং মেধার বিকাশ ঘটানো হয়ে থাকে। উচ্চতর স্তরে তাদের ব্যাপকভাবে প্রস্তুত হওয়ার শিক্ষা স্কুলেই দেওয়া হয়ে থাকে। বিশ্ববিদ্যালয়ে তারা বিশেষজ্ঞ ও গবেষক হওয়ার শিক্ষা পেয়ে থাকে। অথচ আমরা গাইড বই ও কোচিংনির্ভরতার প্রসার ঘটিয়ে গোটা শিক্ষাব্যবস্থাকেই মানহীন এবং জাতির জন্য প্রায় অপ্রয়োজনীয় করে ফেলেছি।

গত ৩০-৪০ বছরে বাংলাদেশের শিক্ষাব্যবস্থার মধ্যে গাইড বই এবং কোচিং ব্যবস্থা ভয়ানকভাবে ফুলেফেঁপে উঠেছে। ফলে গোটা শিক্ষাব্যবস্থাই শিক্ষার আদর্শ হারিয়ে ফেলেছে বললে মোটেও অত্যুক্তি হবে না। বলা চলে, এখন দেশে শিক্ষাব্যবস্থার প্রাথমিক, মাধ্যমিক এবং কলেজ পর্যন্ত সবটাই এই দুই আরোপিত অপপ্রভাব দ্বারা নিয়ন্ত্রিত হয়ে পড়েছে, বিশ্ববিদ্যালয় শিক্ষাও মান হারিয়ে ফেলেছে।

মূলত আমাদের দেশের শিক্ষার্থীদের শিক্ষাজীবনের শুরু থেকেই প্রশ্ন করা, নিজে নিজেই প্রকাশ করা এবং লেখার কোনো শিক্ষাই শ্রেণি পাঠে থাকে না। তাই তারা তাদের মনে জাগা প্রশ্নের উত্তর লিখতে কিংবা জানতে অভ্যস্ত হয়ে ওঠে না

দেশে শিক্ষাব্যবস্থা শুরুর দিকেই শিশুদের অনাকাঙ্ক্ষিতভাবে নানা কোচিং সেন্টার, কিংবা প্রাইভেট টিউটরের ওপর নির্ভরশীল করা হয়। এর জন্য অভিভাবকদের শিশুদের শিক্ষা সম্পর্কে অজ্ঞানতা এবং নিজেদের উচ্চাকাঙ্ক্ষা অনেকটাই দায়ী। প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি হতে না হতেই তাদের শিশুদের ওপর নানা ধরনের চাপ পড়তে থাকে। এই চাপ হজম করার জন্য তাদের কোচিং অথবা গৃহশিক্ষকদের কাছে পাঠানো হয়।

শিশুদের জন্য পাঠ্যপুস্তক বোর্ডের বইকে অনেক অভিভাবকই যথেষ্ট মনে করেন না, তাই তারা শিশুদের খেলাধুলা এবং মানসিক বিকাশে নানা উদ্যোগ থেকে বঞ্চিত করতে থাকেন। এই জায়গায় কালো দূতের আসনে গাইড বই নিয়ে হাজির হন নানা প্রকাশক ও শিক্ষক। শিক্ষকদের অনেকেই আর্থিক সুবিধা পেয়ে এসব গাইড বই কেনার জন্য অভিভাবকদের প্রলুব্ধ করে থাকেন। যত ওপরের শ্রেণিতে শিশুরা উঠতে থাকে, তত তাদের ওপর গাইড বই ও কোচিংয়ের চাপ বাড়তে থাকে। পরীক্ষা নামক কোনো ব্যবস্থার সুযোগ থাকলে তো কথাই নেই। একসময় পিএসসি ও জেএসসি পরীক্ষার প্রবর্তন করা হয়েছিল। সেটিতে গাইড বই এবং কোচিংয়ের ব্যবসা দেশব্যাপী রমরমা হয়ে উঠেছিল। শেষ পর্যন্ত সেসব পরীক্ষা বাতিল করা হয়। এখনো নানা ধরনের বৃত্তি পরীক্ষার নামে গাইড বই, কোচিং নামক দুই দুষ্টচক্রের হাতে আমাদের ওই পর্বের শিক্ষার্থী ও অভিভাবকরা ভয়ানকভাবে জিম্মি হয়ে আছে। স্কুলপর্যায়ে যেসব পাঠ্যবই শিক্ষার্থীদের জন্য নির্ধারিত হতে থাকে, সেগুলোকে শিক্ষাপ্রতিষ্ঠানেই যথাযথ গুরুত্ব দেওয়া হয় না বলে অভিযোগ রয়েছে। শিক্ষকদের একটি বিরাট অংশ প্রাইভেট পড়ানোর ব্যবস্থা করে রেখেছে। ফলে শ্রেণি পাঠদানে তাদের দুর্বলতা বাস্তবিক হয়ে থাকে। শিক্ষার্থীদের কোচিংনির্ভরশীলতা বেড়ে ওঠে। পরীক্ষায় বেশিরভাগ শিক্ষার্থী প্রশ্নপত্রের উত্তরদানে নিজেদের বুদ্ধির প্রয়োগ ঘটাতে না পারার কারণ থেকেই গাইড বইয়ের ওপর তাদের নির্ভর করতে হয়। মূলত আমাদের দেশের শিক্ষার্থীদের শিক্ষাজীবনের শুরু থেকেই এরপর ৫৭ পৃষ্ঠায়

> কোনো কিছু বুঝতে অসুবিধা হলে শিক্ষকরা বিদ্যালয়েই সেটি বুঝিয়ে দিতেন। অঙ্ক ও ইংরেজির মতো বিষয়ে কারও বেশি দুর্বলতা থাকলে অভিভাবকরা অনুরোধ করে কোনো শিক্ষককে বড়জোর দুয়েক মাস বিদ্যালয়ে ক্লাস শেষে কিছু সময়ের জন্য অতিরিক্ত পাঠদান করাতে সম্মত করতেন। অনেক শিক্ষকই এর জন্য কোনো টাকা নিতেন না, কেউ নিলেও তা শিক্ষক এবং অভিভাবকের মধ্যে সীমাবদ্ধ থাকত। কিন্তু এখন সে শিক্ষাব্যবস্থায় দুর্দান্ত মহাপ্রতাপশালী বিষয় হয়ে দাঁড়িয়েছে কোচিং সেন্টার ও গাইড বই। দেশের শিক্ষাব্যবস্থা যদি উন্নত করতে চাই, তাহলে প্রথমেই আমাদের এই কোচিং সেন্টার ও গাইড বইয়ের চক্র থেকে বেরিয়ে আসতে হবে

উন্নয়ন বনাম কাঠামোগত ফাঁদ

রাজেকুজ্জামান রতন

এই অক্টোবরেও দুপুরের রোদে দাঁড়ালে যে গরম লাগে সেটা সবাই বুঝতে পারে। কিন্তু তাপমাত্রা কত, আর্দ্রতা কত এবং গরম কেন এত বেশি লাগছে, তা বুঝতে হলে একটু আবহাওয়া রিপোর্ট দেখা দরকার। অবশ্য এ রিপোর্ট এখন হাতের স্মার্টফোনেই পাওয়া যায়। এই রিপোর্ট পাওয়ার জন্য যে বৈজ্ঞানিক গবেষণা, তা অস্বীকার করা যায় না। অস্বীকার করলে কত গরম তা আন্দাজে বলা গেলেও সুনির্দিষ্ট কারণ ও সম্ভাব্য প্রতিকারের পথ জানা যায় না। ঠিক তেমনি সমাজের চারপাশে তাকালেও সমস্যা দেখা যায়। দ্রব্যমূল্য নিয়ে অসন্তোষ, চিকিৎসার ব্যয় নিয়ে উদ্বেগ আর চাকরি ও কর্মসংস্থান নিয়ে অনিশ্চয়তার সম্মিলিত রূপ যে আতঙ্ক সৃষ্টি করে, তা মুষ্টিমেয় মানুষ ছাড়া সবাই অনুভব করেন। ফলে সাধারণ মানুষের সাধারণ ধারণা, দেশের অর্থনৈতিক অবস্থা ভালো নয়।

অর্থনীতি ফাঁদে পড়েছে, নাকি খাদে আটকে গেছে- এটিই এখন বড় প্রশ্ন। দেশের অর্থনীতি তিনটি কাঠামোগত ফাঁদে পড়েছে। প্রথম ফাঁদ হচ্ছে পরিবারের আর্থিক দুর্দশা বাড়ছে। এ কারণে ঋণ করে ও সঞ্চয় ভেঙে খাচ্ছেন নিম্নবিত্ত ও মধ্যবিত্ত মানুষরা। দ্বিতীয়ত, বিনিয়োগে স্থবিরতার কারণে মোট দেশজ উৎপাদনের (জিডিপি) প্রবৃদ্ধি কমে গেছে; আর তৃতীয়টি হচ্ছে, রাজনৈতিক-প্রশাসনিক শাসনব্যবস্থার ফাঁদ। পরস্পর সম্পর্কযুক্ত এই তিন ফাঁদ অর্থনীতিকে গভীর সংকটে ফেলেছে। সংকটের এই পর্যবেক্ষণ করেছে বেসরকারি গবেষণা সংস্থা পাওয়ার অ্যান্ড পার্টিসিপেশন রিসার্চ সেন্টার (পিপিআরসি)।

সঞ্চয়ের গুরুত্ব যতই বোঝানো হোক না কেন, মানুষের হাতে টাকা না থাকলে যেমন সঞ্চয় করে না। দেশের ক্ষেত্রেও তেমনি জাতীয় সঞ্চয় না বাড়লে জাতীয় বিনিয়োগ বাড়বে না। দরিদ্র বাড়লে সঞ্চয় কমে, সঞ্চয় কমলে বিনিয়োগ কমে, বিনিয়োগ কমলে প্রবৃদ্ধিও কমে। ফলে অর্থনীতি আটকে যায় 'উচ্চ দারিদ্র্য-নিম্ন বিনিয়োগ-নিম্ন প্রবৃদ্ধি'র ফাঁদে। গবেষণা বলছে, বাংলাদেশ এখন এই ফাঁদে পড়েছে। এসব ফাঁদে পড়ে দারিদ্র্যের হার বাড়ছে, কর্মসংস্থানে অনিশ্চয়তা, উচ্চ মূল্যস্ফীতি, ঋণের চাপ ও প্রাতিষ্ঠানিক হয়রানি চলছে। আর তার ভুক্তভোগী হচ্ছেন সাধারণ মানুষ। তাই টেকসই অর্থনৈতিক উত্তরণের জন্য এই কাঠামোগত ফাঁদ থেকে বেরিয়ে আসা এখন অর্থনীতির প্রধান চ্যালেঞ্জ।



সরকার কখনোই অর্থনীতির সংকটের কথা স্বীকার করতে চায় না। কিন্তু তার ফল কি কখনো ভালো হয়? সংকটের স্বীকৃতি দুর্বলতা নয়; বরং সমাধানের পথ তৈরির সহায়ক। ফলে সরকারের প্রতি আস্থা এবং সরকারের ওপর নজরদারি দুটোই বাড়ে। এ তো অস্বীকার করার উপায় নেই, একদিকে মানুষের ঋণের বোঝা বাড়ছে-অন্যদিকে বিনিয়োগ হচ্ছে না। এর জন্য অর্থের সংকট নয়; বরং সরকার ও ব্যাংক ব্যবস্থার প্রতি আস্থার সংকটই প্রধানত দায়ী।

অর্থের অপচয়কে অর্থনীতির জন্য আরেক বড় সমস্যা। একদিকে বলা হয় গরিব দেশ অথচ অপ্রয়োজনীয় কেনাকাটা, ব্যয়বহুল প্রকল্প, বিলাসবহুল ভবন তৈরি হচ্ছে। এর ফলাফল কী? দেশে সরকারি, বেসরকারি ও ব্যয়বহুল শিক্ষাপ্রতিষ্ঠান আছে; কিন্তু মানসম্পন্ন পড়াশোনা নেই। এ কারণে বাইরে থেকে লোক এনে কারখানা চালাতে হচ্ছে। শিক্ষা বিস্তারের সঙ্গে গুণগত মানের শিক্ষায় জোর দেওয়া এখন সময়ের দাবি।

অর্থনীতির প্রথম ফাঁদে আটকে রয়েছেন দেশের শ্রমজীবী মানুষ। তারা উদয়াস্ত পরিশ্রম করেও প্রয়োজনীয় আয় করতে পারছেন না। সংসারের আয় ও ব্যয়ের পার্থক্য এত কম যে, সামান্য ধাক্কা সামলানোর মতো সঞ্চয়ও থাকছে না অনেক পরিবারের। পিপিআরসির প্রতিবেদন অনুযায়ী, দেশের ১৭ দশমিক ৯৭ শতাংশ পরিবার এখন 'ভঙ্গুর মধ্যবিত্ত'। দারিদ্র্যসীমার ওপরে থাকলেও ব্যয় করার সক্ষমতা কম, এমন মানুষের সংখ্যা ৩ কোটি ১০ লাখ। তাদের অর্ধেকের বেশি পরিবারের ঋণ সঞ্চয়ের চেয়ে বেশি।

এ যেন অর্থনীতির এক দুষ্টচক্র, যেখানে মানুষ কাজের সঙ্গে যুক্ত থাকলেও উন্নত জীবনের জন্য প্রয়োজনীয় আয় ও নিরাপত্তা পায় না। ফলে কাজ করে দারিদ্র্য দূর হচ্ছে না; বরং কর্মজীবী দরিদ্রের সংখ্যা বাড়ছে

প্রতিদিনের ব্যয়ের সঙ্গে তাল মিলিয়ে বাড়ছে না আয়। গবেষণায় দেখানো হয়েছে, মধ্যবিত্ত একটি পরিবারের গড় মাসিক আয় ৩২ হাজার ৬৮৫; আর ব্যয় ৩২ হাজার ৬১৫ টাকা। তাতে মাস শেষে হাতে থাকে মাত্র ৭০ টাকা। সবচেয়ে দরিদ্র ১০ শতাংশ পরিবারের গড় মাসিক আয় ৮ হাজার ৪৭৭ টাকা হলেও ব্যয় ১২ হাজার ২৯৪ টাকা। ঘাটতি মেটাতে এসব পরিবারকে হয় ঋণ করতে হচ্ছে, না হয় সঞ্চয় ভাঙতে হচ্ছে। এ ছাড়া সর্বনিম্ন আয়ের ৪০ শতাংশ পরিবারের মাসিক আয় ১৫ হাজার টাকার কম। তার বিপরীতে এসব পরিবারের ৫৪ দশমিক ৯ শতাংশ অর্থ খাবারের পেছনে চলে যায়। ফলে শিক্ষা, যাতায়াত ও চিকিৎসায় ব্যয় করার টাকা থাকে না তাদের। জরিপে অংশ নেওয়া ৬৭ দশমিক ৪ শতাংশ পরিবার জানিয়েছে, চিকিৎসার ব্যয় তাদের আর্থিক সংকটের অন্যতম কারণ। এসব গেল পরিবারের সমস্যা। এরপর ৪০ পৃষ্ঠায়

> এখন পর্যন্ত প্রবাসী আয় বৈদেশিক মুদ্রা অর্জনের প্রধানতম খাত। সৌদি আরব, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, আরব আমিরাত ও মালয়েশিয়া- এই পাঁচটি দেশ থেকেই প্রবাসী আয়ের ৬২ শতাংশ আসে। মধ্যপ্রাচ্য পরিস্থিতি এক্ষেত্রে সংকটে ফেলতে পারে। দেশের রপ্তানি আয়ের ৮০ শতাংশের বেশি আসে গার্মেন্টস পণ্য থেকে। একক পণ্যের ওপর নির্ভরশীলতাও কর্মসংস্থান ও রপ্তানির জন্য ঝুঁকিপূর্ণ। এ সংকট সমাধানের ওপর নির্ভর করছে অর্থনীতির গতিশীলতা

Editor & Publisher : Shah Nawaz
Managing Editor : Rano Nawaz
City Editor : Anik Raj
General Manager : Abubakar Siddique

সম্পাদক ও প্রকাশক : শাহ্ নেওয়াজ
ব্যবস্থাপনা সম্পাদক : রানো নেওয়াজ
সিটি এডিটর : অনিক রাজ
জেনারেল ম্যানেজার : আবুবকর সিদ্দিকী

Weekly Ajkal
71-16 35th Ave, Jackson Heights,
NY 11372, USA.
Ph: 646-267-7751
web: www.ajkalusa.com
e-mail: ajkalnews@gmail.com

রোজনৈতিক ফাঁদে বন্দী আমরা সবাই!

আহসান হাবিব বরুন

আমাদের রাজনীতি যেন এক চিরন্তন কসাইখানা, যেখানে যুগের পর যুগ ধরে নির্মমভাবে বলি হচ্ছে সাধারণ মানুষের সততা, স্বপ্ন, সম্ভাবনা আর রক্তজল করা পরিশ্রম। জনগণ স্বপ্ন দেখেন, বিশ্বাস করেন, বুকভরা আশা নিয়ে নতুন নেতৃত্বের হাতে রাষ্ট্রের দায়িত্ব তুলে দেন। অথচ সেই স্বপ্নের বিনিময়ে বারবার তাঁদের কপালে জোটে হতাশা, বঞ্চনা আর প্রতারণার দীর্ঘশ্বাস। একদিকে সাধারণ মানুষের ঘামঝরা জীবনের নির্মম বাস্তবতা, অন্যদিকে ক্ষমতার অলিন্দে দাঁড়িয়ে একশ্রেণির ভণ্ড, প্রতারক ও সুবিধাবাদী রাজনীতিকের আখের গোছানোর উৎসব! নীতি, নৈতিকতা ও আদর্শের কথা যত জোরে মাইকে উচ্চারিত হয়, বাস্তব রাজনীতিতে তার নগ্ন প্রতারণা ও দেউলিয়াত্ব ততটাই প্রকট হয়ে ওঠে। নির্বাচনের আগে জনগণের দরজায় দরজায় ঘুরে নেতারা প্রতিশ্রুতির ফুলঝুরি ছড়ান। তাঁদের মুখে তখন দুর্নীতিমুক্ত রাষ্ট্রের স্বপ্ন, ঘুষমুক্ত প্রশাসনের অঙ্গীকার, চাঁদাবাজি ও দখলবাজির বিরুদ্ধে কঠোর অবস্থান এবং সন্ত্রাস ও মাদকমুক্ত সমাজ গড়ার দৃঢ় প্রত্যয়। কিন্তু ক্ষমতার মসনদে বসামাত্রই সেই প্রতিশ্রুতির রং ফিকে হতে শুরু করে, আর মুখোশের আড়াল থেকে বেরিয়ে আসে তাঁদের বিষাক্ত আসল চেহারা।

তখন সাধারণ মানুষের মনে একের পর এক প্রশ্নের জন্ম নেয়-প্রতিশ্রুতির সঙ্গে শাসনের এত বিশাল ব্যবধান কেন? যে শোষক ও অপরাধীদের বিতাড়িত করে মানুষ নতুন বাংলাদেশের স্বপ্ন দেখেছিল, তাদেরই উত্তরসূরিরা কিংবা নতুন পরিচয়ে আবির্ভূত একই ধরনের কতিপয় সুবিধাবাদীরা কেন আবার মানুষের ঘাড়ে চেপে বসে? কেন পুরোনো অপরাধগুলো নতুন রাজনৈতিক আশ্রয়ে, নতুন চেহারায়, নতুন সিন্ডিকেটের হাত ধরে দ্বিগুণ শক্তিতে ফিরে আসে? কেন বারবার সরকার বদলায়, নেতৃত্ব বদলায়, রাজনৈতিক স্লোগান বদলায়, অথচ সাধারণ মানুষের ভাগ্য বদলায় না? এই প্রশ্নগুলো কোনো বিচ্ছিন্ন ক্ষোভের বহিঃপ্রকাশ নয়; বরং বাংলাদেশের রাজনীতির গভীরে শেকড় গেড়ে বসা এক ভয়াবহ সংকটের প্রতিচ্ছবি।

বাংলাদেশের রাজনীতির সবচেয়ে জঘন্য সংকট এখানেই-বিরোধী দলে থাকলে অনেকে নীতি-নৈতিকতার ফেরিওয়ালা, আর ক্ষমতায় গেলেই তাঁদের একাংশ হয়ে ওঠেন সেই শোষক, যাদের বিরুদ্ধে একসময় তাঁরা নিজেরাই সোচ্চার ছিলেন। রাজপথে দাঁড়িয়ে আদর্শের ভাষণ, জনসভায় দুর্নীতির বিরুদ্ধে বজ্রকণ্ঠ ঘোষণা, ক্যামেরার সামনে জনগণের প্রতি দরদ-সবকিছুই যেন তখন বিশ্বাস অর্জনের রাজনৈতিক অভিনয়। কিন্তু রাতের অন্ধকারে, বন্ধ দরজার ওপারে, আলো নিভে গেলে শুরু হয় অন্য এক রাজনীতি। সেখানে জনগণের অধিকার নয়, মুখ্য হয়ে ওঠে ক্ষমতার ভাগাভাগি; দেশপ্রেম নয়, প্রাধান্য পায় অবৈধ অর্থের লেনদেন; জনসেবা নয়, প্রধান লক্ষ্য হয়ে ওঠে রাষ্ট্রীয় সম্পদ ও সুযোগ-সুবিধার ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা। স্বাধীনতার পর থেকে দুর্নীতির যে বহুমুখী বিস্তার আমরা দেখেছি, তা কেবল কিছু বিচ্ছিন্ন ব্যক্তির অপরাধ নয়; এর পেছনে রয়েছে রাজনৈতিক প্রশ্রয়, প্রশাসনিক দুর্বলতা, জবাবদিহির অভাব এবং স্বার্থান্বেষী গোষ্ঠীর সুসংগঠিত তৎপরতা। সন্ত্রাস, দখলবাজি, টেন্ডারবাজি, চাঁদাবাজি ও মাদকের ব্যবসা সমাজের রন্ধ্রে রন্ধ্রে ছড়িয়ে পড়ার পেছনে এই যোগসাজশের ভূমিকা অস্বীকার করার সুযোগ নেই। দল বদলায়, শাসক বদলায়, ক্ষমতার কেন্দ্র বদলায়; কিন্তু সাধারণ মানুষের ঘাড়ের ওপর চেপে বসা এসব রাজনৈতিক ব্যাধির দৌরাত্ম্য যেন কিছুতেই কমে না।

প্রতিটি রাজনৈতিক দলই ক্ষমতায় এসে দুর্নীতির বিরুদ্ধে 'জিরো টলারেন্স' বা শূন্য সহনশীলতার ঘোষণা দেয়। অথচ বাস্তবতা এমন যে, বছরের পর বছর ধরে একই প্রতিশ্রুতি শুনতে শুনতে মানুষ এখন প্রতিশ্রুতির চেয়ে তার বাস্তবায়নের হিসাব জানতে চায়। দুর্নীতির বিরুদ্ধে বক্তৃতা হয়, সভা হয়, বিবৃতি আসে; কিন্তু সাধারণ মানুষের জীবন কতটা সহজ হলো, সরকারি দপ্তরে ঘুষের দৌরাত্ম্য কতটা কমল, চাঁদাবাজির শিকার মানুষের নিরাপত্তা কতটা নিশ্চিত হলো-সেই হিসাব কোথায়? সাধারণ মানুষের জীবনযাত্রার ব্যয় বাড়ে, কর্মসংস্থানের সংকট তীব্র হয়, ব্যবসায়ীরা অবৈধ চাপের মুখে পড়েন, আর অসাধু চক্র নিজেদের স্বার্থ রক্ষায় নতুন নতুন পথ খুঁজে নেয়। রাজনীতিবিদদের একাংশ মুখে দুর্নীতির বিরুদ্ধে কথা বললেও বাস্তবে তাঁদেরই কেউ কেউ সন্ত্রাস, চাঁদাবাজি ও টেন্ডারবাজির মাধ্যমে অর্জিত অবৈধ অর্থের ওপর নির্ভরশীল রাজনৈতিক সংস্কৃতিকে টিকিয়ে রাখেন। নির্বাচনী মনোনয়ন কেনাবেচা থেকে শুরু করে ক্যাডার পোষা-রাজনীতির নানা স্তরে কালোটাকার প্রভাব বিস্তারের অভিযোগ দীর্ঘদিনের। তাই দুর্নীতির বিরুদ্ধে যতই তোপ দাগা হোক, রাজনৈতিক অর্থায়ন, অপরাধের পৃষ্ঠপোষকতা এবং ক্ষমতার অপব্যবহারের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা না নিলে এসব ঘোষণা জনগণের কাছে নিছক প্রহসন হয়েই থাকবে।

রাজনীতির এই দেউলিয়াত্বের সবচেয়ে নগ্ন ও লজ্জাজনক চিত্র ফুটে ওঠে কিছু রাজনীতিবিদের এরপর ৩৬ পৃষ্ঠায়



কোটি কোটি মানুষের হৃদয়ে একজন শ্রেষ্ঠ ও স্মরণীয় রাষ্ট্রনায়ক হিসেবে স্থান করে নেওয়ার পথও তাঁর সামনে উন্মুক্ত হবে। কিন্তু সেই মর্যাদা অর্জনের জন্য প্রয়োজন কথার চেয়ে কাজের প্রমাণ, প্রতিশ্রুতির চেয়ে বাস্তবায়ন এবং ব্যক্তিগত সদিচ্ছার চেয়ে প্রাতিষ্ঠানিক সংস্কারের দৃঢ়তা। পরিশেষে বলতে চাই, প্রধানমন্ত্রী তারেক রহমান যদি তাঁর সহজাত বিনয়ের পাশাপাশি অপশাসন ও রাজনৈতিক সিন্ডিকেটের বিরুদ্ধে এই লৌহকঠিন ও কঠোর পদক্ষেপগুলো গ্রহণ করতে পারেন, তবে তিনি শুধু একটি সফল সরকার পরিচালনা করবেন না; বরং বাংলাদেশের ইতিহাসে ও এ দেশের কোটি কোটি মানুষের হৃদয়ে একজন শ্রেষ্ঠ ও অমর রাষ্ট্রনায়ক হিসেবে যুগ থেকে যুগান্তরে, প্রজন্ম থেকে প্রজন্মান্তরে খোদাই হয়ে থাকবেন, ইনশাআল্লাহ। মহান আল্লাহ সুবহানাতায়ালা আমাদের সহায় হোন

ট্রাম্পের বিরতি, এশিয়ার স্বস্তি: বিশ্ব শক্তির নতুন সমীকরণ

সহিদুল আলম স্বপন

মার্কিন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের সাম্প্রতিক সিদ্ধান্তকে নিছক একটি প্রশাসনিক পদক্ষেপ হিসেবে দেখার সুযোগ নেই। রাশিয়াবিরোধী নতুন শুল্ক ও নিষেধাজ্ঞা কার্যকরের ঠিক আগে সেগুলো স্থগিত করার মাধ্যমে তিনি মূলত একটি বাস্তব সত্য স্বীকার করেছেন: বর্তমান বিশ্বে অর্থনীতিকে উপেক্ষা করে ভূরাজনীতি চালানো ক্রমেই কঠিন হয়ে উঠছে।

রাশিয়ার বিরুদ্ধে কঠোর অবস্থান নেওয়ার রাজনৈতিক অঙ্গীকার ছিল। ইউক্রেন যুদ্ধকে কেন্দ্র করে মস্কোকে অর্থনৈতিকভাবে চাপে রাখার লক্ষ্যও স্পষ্ট ছিল। কিন্তু যখন সেই চাপের অভিঘাত গিয়ে পড়ে জ্বালানি বাজারে, সরবরাহ ব্যবস্থায় এবং বৈশ্বিক মূল্যস্ফীতির ওপর, তখন বাস্তবতা রাজনীতিকে নতুন করে ভাবতে বাধ্য করে। ট্রাম্পের সিদ্ধান্ত সেই বাস্তবতারই প্রতিফলন।

সবচেয়ে বড় স্বস্তি পেয়েছে ভারত ও চীন। কারণ গত কয়েক বছরে রাশিয়ার তেল ও গ্যাসের প্রধান ক্রেতা হিসেবে এই দুই দেশ নিজেদের অবস্থান শক্ত করেছে। যুক্তরাষ্ট্র যদি তাদের পণ্যের ওপর অতিরিক্ত শুল্ক আরোপের পথে যেত, তাহলে শুধু নয়াদিল্লি বা বেইজিং নয়, বিশ্ব বাণিজ্য ব্যবস্থাই নতুন অনিশ্চয়তার মুখে পড়ত। এমনকি বৈশ্বিক সরবরাহ শৃঙ্খলেও বড় ধরনের অস্থিরতা তৈরি হতে পারত।

এখানে একটি গুরুত্বপূর্ণ প্রশ্ন সামনে আসে। ইউক্রেন যুদ্ধের চার বছর পরও কেন পশ্চিমা বিশ্ব রাশিয়াকে পুরোপুরি কোণঠাসা করতে পারল না? উত্তরটি সহজ। কারণ বিশ্ব অর্থনীতি এখন আর একমুখী নয়। নিষেধাজ্ঞা আরোপকারী শক্তিগুলোর বিকল্প বাজার রয়েছে, কিন্তু নিষেধাজ্ঞার লক্ষ্যবস্তু দেশগুলোরও বিকল্প ক্রেতা রয়েছে। রাশিয়ার তেল ইউরোপে না গেলে এশিয়ায় যাচ্ছে, এশিয়া কিনলে বিশ্বের শিল্প উৎপাদন সচল থাকছে। ফলে নিষেধাজ্ঞার রাজনীতি আজ আর আগের মতো একপাক্ষিক ক্ষমতার প্রদর্শন নয়।

এই পরিবর্তনের কেন্দ্রবিন্দুতে রয়েছে এশিয়া। একসময় বৈশ্বিক অর্থনীতির সিদ্ধান্ত নেওয়া হতো আটলান্টিকের দুই তীর থেকে। এখন সেই চিত্র বদলাচ্ছে। বিশ্বের প্রবৃদ্ধির বড় অংশ আসছে এশিয়া থেকে, জ্বালানির বড় বাজার এশিয়ায়, উৎপাদনের বৃহত্তম কেন্দ্রও এশিয়া। ফলে ওয়াশিংটন, ব্রাসেলস কিংবা মস্কোকে এখন এশিয়ার বাস্তবতা বিবেচনায় নিতেই হচ্ছে। বাংলাদেশের জন্য এখানেই সবচেয়ে বড় বার্তা লুকিয়ে আছে। আমাদের অর্থনীতি রপ্তানিনির্ভর। আমাদের শিল্প উৎপাদন আমদানি করা জ্বালানি, কাঁচামাল ও বৈশ্বিক বাজারের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। আন্তর্জাতিক কূটনীতিতে কোনো ভুল হিসাব কিংবা বড় শক্তিগুলোর সংঘাতের মূল্য শেষ পর্যন্ত উন্নয়নশীল দেশগুলোকেই বেশি দিতে হয়। জ্বালানির দাম বাড়লে বাংলাদেশের উৎপাদন ব্যয় বাড়ে, পরিবহন খরচ বাড়ে, মূল্যস্ফীতি বাড়ে। আবার বৈশ্বিক বাণিজ্যে অস্থিরতা দেখা দিলে আমাদের রপ্তানি খাতও সরাসরি ক্ষতিগ্রস্ত হয়।

মার্কিন রাজনীতি বিশ্লেষণ

এ কারণে বাংলাদেশের স্বার্থ কখনোই কোনো একক শক্তি বা ব্লকের সঙ্গে নিজেকে বেঁধে ফেলার মধ্যে নেই। আমাদের স্বার্থ রয়েছে ভারসাম্যে। যুক্তরাষ্ট্র আমাদের অন্যতম বৃহৎ রপ্তানি বাজার। চীন আমাদের গুরুত্বপূর্ণ উন্নয়ন ও অবকাঠামো অংশীদার। ভারত আমাদের বৃহত্তম প্রতিবেশী ও আঞ্চলিক অর্থনৈতিক বাস্তবতা। একইসঙ্গে মধ্যপ্রাচ্য বাংলাদেশের জ্বালানি এবং প্রবাসী আয়ের প্রধান উৎস। এই বাস্তবতায় কূটনৈতিক ভারসাম্য বাংলাদেশের জন্য কোনো বিলাসিতা নয়; এটি একটি জাতীয় প্রয়োজন।

আজকের বিশ্বে বন্ধুত্বের চেয়ে স্বার্থ বেশি স্থায়ী। আন্তর্জাতিক রাজনীতির কঠিন সত্য হলো, কোনো রাষ্ট্র স্থায়ী বন্ধু বা শত্রু নয়; স্থায়ী হচ্ছে জাতীয় স্বার্থ। ট্রাম্পের সাম্প্রতিক সিদ্ধান্ত সেই পুরোনো সত্যকেই নতুনভাবে স্মরণ করিয়ে দিল। যে যুক্তরাষ্ট্র রাশিয়াকে চাপে রাখতে কঠোর আইন পাস করেছিল, সেই যুক্তরাষ্ট্রই পরে নিজের অর্থনৈতিক ও কৌশলগত স্বার্থের কারণে তার প্রয়োগ স্থগিত করেছে। অর্থাৎ শেষ পর্যন্ত সিদ্ধান্ত নিয়েছে আদর্শ নয়, স্বার্থ।

বাংলাদেশের নীতিনির্ধারকদের জন্য এখানে শিক্ষণীয় বিষয় রয়েছে। আগামী দিনের বিশ্ব হবে আরও প্রতিযোগিতামূলক, আরও অনিশ্চিত এবং আরও বহুমেরুকেন্দ্রিক। এই বাস্তবতায় বাংলাদেশের কূটনীতি হতে হবে আরও পরিণত, অর্থনীতি হতে হবে আরও বৈচিত্র্যময় এবং জ্বালানি নিরাপত্তা হতে হবে আরও শক্তিশালী। শুধু রাজনৈতিক সম্পর্ক নয়, বাণিজ্য, প্রযুক্তি, বিনিয়োগ এবং খাদ্য ও জ্বালানি নিরাপত্তাকে কেন্দ্র করে নতুন অংশীদারিত্ব গড়ে তুলতে হবে। ট্রাম্পের এই সিদ্ধান্ত আসলে একটি বড় সত্যকে সামনে এনেছে। বিশ্ব রাজনীতির দাবার বোর্ডে শক্তির লড়াই যতই তীব্র হোক, শেষ চালটি অনেক সময় দেয় অর্থনীতি। আর যে দেশ সেই বাস্তবতা সবচেয়ে ভালোভাবে বুঝতে পারবে, ভবিষ্যতের বিশ্ব ব্যবস্থায় তার অবস্থানই হবে সবচেয়ে শক্তিশালী। বাংলাদেশেরও এখন সেই বাস্তবতার ভাষা বুঝে এগিয়ে যাওয়ার সময়।

লেখক: জেনেভাভিত্তিক রাজনৈতিক বিশ্লেষক, প্রাইভেট ব্যাংকিং ফিন্যান্সিয়াল ক্রাইম কমপ্লায়েন্স বিশেষজ্ঞ, কলামিস্ট ও কবি। দক্ষিণ এশিয়ার ভূরাজনীতি, আন্তর্জাতিক সম্পর্ক, বৈশ্বিক আর্থিক স্বচ্ছতা ও কৌশলগত বিষয় নিয়ে নিয়মিত লেখেন।
shahidul.alam@bluewin.ch

বাংলাদেশের নীতিনির্ধারকদের জন্য এখানে শিক্ষণীয় বিষয় রয়েছে। আগামী দিনের বিশ্ব হবে আরও প্রতিযোগিতামূলক, আরও অনিশ্চিত এবং আরও বহুমেরুকেন্দ্রিক। এই বাস্তবতায় বাংলাদেশের কূটনীতি হতে হবে আরও পরিণত, অর্থনীতি হতে হবে আরও বৈচিত্র্যময় এবং জ্বালানি নিরাপত্তা হতে হবে আরও শক্তিশালী। শুধু রাজনৈতিক সম্পর্ক নয়, বাণিজ্য, প্রযুক্তি, বিনিয়োগ এবং খাদ্য ও জ্বালানি নিরাপত্তাকে কেন্দ্র করে নতুন অংশীদারিত্ব গড়ে তুলতে হবে। ট্রাম্পের এই সিদ্ধান্ত আসলে একটি বড় সত্যকে সামনে এনেছে। বিশ্ব রাজনীতির দাবার বোর্ডে শক্তির লড়াই যতই তীব্র হোক, শেষ চালটি অনেক সময় দেয় অর্থনীতি। আর যে দেশ সেই বাস্তবতা সবচেয়ে ভালোভাবে বুঝতে পারবে, ভবিষ্যতের বিশ্ব ব্যবস্থায় তার অবস্থানই হবে সবচেয়ে শক্তিশালী। বাংলাদেশেরও এখন সেই বাস্তবতার ভাষা বুঝে এগিয়ে যাওয়ার সময়

বাংলাদেশের জ্বালানি সংকট ও টেকসই উত্তরণের পথ

অধ্যাপক ড. মোহাম্মদ মাসুম বিল্লাহ

> গ্যাসের ঘাটতি, গ্রাহক পর্যায়ে বিদ্যুৎ বিভ্রাটের সময়, প্রতি ইউনিটের প্রকৃত উৎপাদন ব্যয়, সিস্টেম লস এবং নবায়নযোগ্য উৎসের প্রকৃত উৎপাদন। প্রথমে ভিত্তিবছরের তথ্য নির্ধারণ করে ত্রৈমাসিক অগ্রগতি দেখাতে হবে। কোনো প্রকল্পে সাশ্রয় বাড়লেও সেবার মান বা পরিবেশ ক্ষতিগ্রস্ত হলে তার নকশা সংশোধন প্রয়োজন। বাংলাদেশের জ্বালানি নীতির কেন্দ্রবিন্দুতে থাকা উচিত নির্ভরযোগ্য ও সহনীয় ব্যয়ের সেবা। কৃষক যেন সময়মতো সেচ দিতে পারেন, উদ্যোক্তা যেন উৎপাদনের খরচ অনুমান করতে পারেন এবং পরিবার যেন প্রয়োজনীয় বিদ্যুৎ পায়। এই ফল নিশ্চিত করতে সরবরাহের স্বচ্ছতা, অপচয় রোধ ও পরিচ্ছন্ন জ্বালানির বিনিয়োগকে একই পরিকল্পনায় নিতে হবে। জ্বালানি সংকট কাটানোর অগ্রগতি তখনই বিশ্বাসযোগ্য হবে, যখন তার সুফল মানুষের বিল, ব্যবসার উৎপাদন এবং রাষ্ট্রের ব্যয়ে দেখা যাবে

কারখানায় গ্যাসের চাপ কমে গেলে উৎপাদন ব্যাহত হয়। সেচের বিদ্যুৎ অনিশ্চিত হলে কৃষকের ব্যয় বাড়ে। ঘন ঘন বিদ্যুৎ গেলে ক্ষুদ্র ব্যবসায়ীকে জেনারেটর চালাতে হয়, যার খরচ শেষ পর্যন্ত পণ্যের দামে যুক্ত হয়। বাংলাদেশের জ্বালানি সংকট এভাবেই মানুষের আয়, কর্মসংস্থান ও জীবনযাত্রাকে প্রভাবিত করছে। এর স্থায়ী সমাধানে নির্ভরযোগ্য সরবরাহের পাশাপাশি প্রয়োজন অপচয় নিয়ন্ত্রণ, দেশীয় সম্পদের দায়িত্বশীল ব্যবহার এবং সাশ্রয়ী নবায়নযোগ্য জ্বালানিতে বিনিয়োগ। জ্বালানি নিরাপত্তার অর্থ হলো মানুষ ও উৎপাদন খাতের জন্য সহনীয় ব্যয়ে নিয়মিত শক্তির ব্যবস্থা করা। বিদ্যুৎকেন্দ্র নির্মাণ সেই ব্যবস্থার একটি অংশ। জ্বালানির জোগান, সঞ্চালন লাইন, আর্থিক সক্ষমতা ও দক্ষ পরিচালনা একসঙ্গে নিশ্চিত না হলে স্থাপিত ক্ষমতা বাড়িয়েও সংকট কাটে না। এখন নীতির সাফল্য মাপতে হবে নিরবচ্ছিন্ন সরবরাহ, উৎপাদনের প্রকৃত ব্যয় এবং গ্রাহকের সেবাপ্রাপ্তি দিয়ে।

সংকটের মূলে যে অসংগতি

বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের জুলাই ২০২৬-এর জ্বালানিভিত্তিক হিসাবে তালিকাভুক্ত স্থাপিত ক্ষমতা ২৭ হাজার ৫১৫ মেগাওয়াট। এর মধ্যে গ্যাসভিত্তিক ক্ষমতার অংশ প্রায় ৪৪ শতাংশ, কয়লার ২৪ শতাংশ এবং ফার্নেস অয়েলের ২৩ শতাংশ। একই তালিকায় সৌরবিদ্যুৎ ৫৩৫, বায়ুবিদ্যুৎ ৬০ এবং জলবিদ্যুৎ ২৩০ মেগাওয়াট। এটি বোর্ডের সংশ্লিষ্ট তালিকার হিসাব; দেশের সব ছাদভিত্তিক ও অফগ্রিড সৌরব্যবস্থা এতে অন্তর্ভুক্ত ধরে নেওয়া যাবে না। তবে এই তথ্য বিদ্যুৎ ব্যবস্থায় জ্বালানির বৈচিত্র্য বাড়ানোর প্রয়োজন স্পষ্ট করে। দেশীয় গ্যাসের সরবরাহে সীমাবদ্ধতা থাকলে আমদানি করা তরলীকৃত প্রাকৃতিক গ্যাস বা এলএনজির ওপর চাপ বাড়ে। আন্তর্জাতিক বাজারে দাম বৃদ্ধি কিংবা ডলারের বিপরীতে টাকার অবমূল্যায়ন ঘটলে একই পরিমাণ জ্বালানি কিনতে বেশি অর্থ লাগে। পরিবহন ও বিমার খরচও সেই ব্যয়ে যুক্ত হয়। আমদানির বিল বেড়ে গেলে বিদ্যুৎ ও গ্যাসের সরবরাহ সচল রাখা এবং সরকারি ভর্তুকি সামলানো একসঙ্গে কঠিন হয়ে পড়ে।

সংকটের সাম্প্রতিক মাত্রা বোঝা যায় ২৭ সেপ্টেম্বর ২০২৬-এর হিসাবে। পেট্রোবাংলার দৈনিক তথ্য উদ্ধৃত করে ইউএনবি জানিয়েছে, গ্যাস সরবরাহ ছিল দৈনিক ২ হাজার ৬১৯ মিলিয়ন ঘনফুট; দেশীয় ক্ষেত্র থেকে ১ হাজার ৬০৩ এবং আমদানি করা এলএনজি থেকে ১ হাজার ১৬ মিলিয়ন ঘনফুট। আনুমানিক চাহিদা ৩ হাজার ৮০০ থেকে ৪ হাজার মিলিয়ন ঘনফুট ধরলে ঘাটতি প্রায় ১ হাজার ১৮১ থেকে ১ হাজার ৩৮১ মিলিয়ন ঘনফুট, অর্থাৎ চাহিদার প্রায় ৩১-৩৫ শতাংশ। এটি নির্দিষ্ট দিনের চিত্র; বার্ষিক গড় নয়।

আমদানিনির্ভরতার প্রবণতাও উদ্বেগজনক। আইইইএফএর মে ২০২৬-এর গবেষণা অনুযায়ী, ২০২০-২১ থেকে ২০২৪-২৫ অর্থবছরে প্রাথমিক জ্বালানিতে আমদানির অংশ ৪৭ দশমিক ৭ শতাংশ থেকে ৬২ দশমিক ৫ শতাংশে উঠেছে। একই গবেষণায় বিদ্যুৎ উৎপাদন ব্যয় ৮৩ শতাংশ বৃদ্ধির কথা এসেছে; গ্রিডভিত্তিক উৎপাদনে নবায়নযোগ্য জ্বালানির অংশ ছিল মাত্র ২ দশমিক ৩ শতাংশ। স্থাপিত ক্ষমতার অংশ ও প্রকৃত উৎপাদনের অংশ পৃথক সূচক, তাই এদের সরাসরি তুলনা করা যাবে না।

শিল্পে এর প্রভাবও দৃশ্যমান। ১৭ সেপ্টেম্বর ২০২৬-এর রয়টার্স প্রতিবেদনে বিকেএমইএর জরিপ উদ্ধৃত করে বলা হয়, জরিপভুক্ত নিট পোশাক কারখানার ৫৫ শতাংশ আগস্টের শেষ দিক থেকে গ্যাস ও বিদ্যুৎ সংকটে ক্রয়াদেশ বাতিল বা কমার অভিজ্ঞতা জানিয়েছে; ৭৮ শতাংশ আংশিক উৎপাদন বন্ধ করেছে। এই হার জরিপভুক্ত প্রতিষ্ঠানের, গোটা শিল্পের নয়। একই প্রতিবেদনে এশিয়ার স্পট এলএনজির দাম প্রতি মিলিয়ন বিটিইউতে প্রায় ৩০ ডলারে ওঠার তথ্য আসে।

অন্যদিকে, কেন্দ্র স্থাপনের উৎপাদনরওয়া-এর সঙ্গে জ্বালানি সরবরাহ ও বিদ্যুতের চাহিদার বাস্তবসম্মত সমন্বয় প্রয়োজন। কিছু চুক্তিতে কেন্দ্রের উৎপাদন কম হলেও সক্ষমতা ধরে রাখার জন্য অর্থ দিতে হয়। প্রতিটি চুক্তির দায়, ব্যবহারযোগ্য ক্ষমতা ও প্রয়োজনীয়তা পর্যালোচনা ছাড়া নতুন কেন্দ্র অনুমোদন করলে আর্থিক চাপ আরও বাড়তে পারে। চুক্তির শর্ত প্রকাশ এবং আইনসম্মত পুনর্বিন্যাস তাই সংস্কারের গুরুত্বপূর্ণ অংশ।

আর্থিক চাপের পেছনে কেন্দ্র ব্যবহারের দক্ষতাও গুরুত্বপূর্ণ। আইইইএফএর মে ২০২৬-এর বিশ্লেষণে ২০২৪-২৫ অর্থবছরের রিজার্ভ মার্জিন ৬১ দশমিক ৩ শতাংশ বলা হয়েছে। গবেষণায় দেখা যায়, ২৫ শতাংশের কম লোড ফ্যাক্টরে চালিত গ্যাসকেন্দ্রে উৎপাদন ব্যয় প্রায় ১৬ দশমিক ৮৫ টাকা প্রতি ইউনিট, যেখানে প্রায় ৭৫ শতাংশ লোড ফ্যাক্টরে তা প্রায় ৬ টাকা। তাই জ্বালানি বরাদ্দে দক্ষ কেন্দ্রকে অগ্রাধিকার এবং অপ্রয়োজনীয় নতুন ক্ষমতা সীমিত করা ব্যয় কমানোর কার্যকর পথ হতে পারে। সঞ্চালন ও বিতরণে কারিগরি ক্ষতি, অবৈধ সংযোগ, ত্রুটিপূর্ণ মিটার এবং বিল আদায়ের দুর্বলতাও ব্যয় বাড়ায়। তবে সব সিস্টেম লসকে চুরি বলা সঠিক নয়। কোন ক্ষতি প্রযুক্তিগত এবং কোনটি অনিয়মজনিত, তা

এরপর ৫৩ পৃষ্ঠায়

MONIR SECURITY TRAINING SCHOOL

37-22 73 Street Suite # 1C
Jackson Heights, NY 11372

347-659-8842

7 DAYS OPEN

আমাদের আছে ঃ

1. 8 Hours Pre-Assingnment Class (for New License)
2. 8 Hours Annual Class (Every Year)
3. 16 Hours OJT Class (for New License)

এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

Toll Free: 1-866-MOIN-LAW
Cell: 917-282-9256
(To schedule appointment only)

Michael Taub, Esq.

Moin Choudhury, Esq.

এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস

বিনামূল্যে পরামর্শ

প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন

- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
- বিল্ডিং এ দূর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দূর্ঘটনা

IMMIGRATION (Consultation fee applies)

ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি



Attorney
Michigan Only.

Attorney
Michigan Only.

Attorney
New Jersey Only

Attorney, Buffalo
New York Only



Attorney
Connecticut Only

Attorney
Pennsylvania Only

WWW.MOINLAW.COM

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

শহরের বাইরেই হোক সচিবালয়

> প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা এবং যানবাহন ও পরিবেশগত প্রভাব মূল্যায়ন জনসমক্ষে প্রকাশ করা হোক। পরিকল্পনাবিদ, নগরবিদ ও এলাকাবাসীর সঙ্গে প্রকাশ্য পরামর্শ গ্রহণ করা হোক। সবচেয়ে জরুরি, প্রশাসনিক বিকেন্দ্রীকরণের একটি সময়বদ্ধ রূপরেখা হাজির করা হোক। কারণ, রাষ্ট্রের দক্ষতা মাপা হয় ভবনের উচ্চতায় নয়, নাগরিকের সেবা পাওয়ার সহজতায়। শুরুর প্রশ্নে ফিরি। সমস্যা ঠিকানায় নয়, কাঠামোয়। সচিবালয় সরবে, কিন্তু ক্ষমতা যদি না সরে, তবে নাগরিকের সঙ্গে রাষ্ট্রের দূরত্ব কমবে না এক বিন্দুও। বাড়বে কেবল যানজটে আটকে থাকার সময়। যানজট কমানোর উদ্দেশ্য নিয়ে যদি সচিবালয় শেরেবাংলা নগরে স্থানান্তর করা হয়, তাহলে নগরবাসী যানজট থেকে মুক্তি না পেয়ে যে আরও বড় যানজটের মুখোমুখি হবে, তা কোনোভাবেই অস্বীকার করা যাবে না। সে জন্য মূল ঢাকার বাইরে সচিবালয় স্থানান্তর করাই যৌক্তিক হবে

কাজী মারুফুল ইসলাম

আবদুল গণি রোড থেকে বাংলাদেশ সচিবালয় সরিয়ে শেরে বাংলা নগরের পুরোনো বাণিজ্য মেলার মাঠে নিতে চায় সরকার। প্রস্তাবিত ব্যয় ধরা হয়েছে প্রায় ৩ হাজার ৪০৯ কোটি টাকা, বাস্তবায়নকাল ২০২৯ সালের ডিসেম্বর পর্যন্ত। প্রকল্পটিকে চলতি অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে তোলার প্রক্রিয়াও শুরু হয়েছে। অর্থাৎ বিষয়টি আর নিছক আলোচনার স্তরে নেই। তাই প্রশ্নটা এখনই তোলা জরুরি যে এই স্থানান্তর কি রাষ্ট্রের সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়াকে নাগরিকের কাছাকাছি আনবে, নাকি ক্ষমতার একই কেন্দ্রকে নতুন ঠিকানায়, নতুন দেয়ালের ভেতরে স্থাপন করবে মাত্র? আমাদের সমস্যা কি ঠিকানায়, নাকি কাঠামোয়?

একটি তথ্য দিয়ে শুরু করা যাক। মাত্র কয়েক বছর আগে এই মাঠ থেকেই আন্তর্জাতিক বাণিজ্য মেলা পূর্বাচলে সরিয়ে নেওয়া হয়েছিল। যুক্তি ছিল, জনদুর্ভোগ কমানো। মাসব্যাপী একটি মেলার চাপ যে এলাকা সামলাতে পারেনি, সেখানে সারা বছর হাজারো কর্মকর্তা-কর্মচারী, দর্শনার্থী আর সরকারি গাড়িবহরের চাপ কীভাবে সামলানো হবে, সে প্রশ্নের কোনো বিশ্বাসযোগ্য উত্তর এখনো জনসমক্ষে আসেনি। এ যেন পুরোনো ভুল শুধরে আবার সেই ভুলের দিকেই ফিরে যাওয়া।

নগর পরিকল্পনার প্রশ্ন

শেরে বাংলা নগরের পরিকল্পনা হয়েছিল আইয়ুব খানের আমলে, তৎকালীন পাকিস্তানের 'দ্বিতীয় রাজধানী' হিসেবে। লুই কানের নকশায় সংসদ ভবন সেই পরিকল্পনারই ফসল। সেই পরিকল্পনার পেছনে অন্তত একটি যুক্তি ছিল-ঘনবসতির বাইরে খোলা জমিতে প্রশাসনিক কেন্দ্র গড়া। সেই খোলা জমি আজ আর খোলা নেই। অথচ স্বাধীনতার পাঁচ দশকের বেশি সময় পরেও এখানে মন্ত্রণালয় পর্যায়ের দপ্তর বলতে মূলত পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয় ও অর্থনৈতিক সম্পর্ক বিভাগসহ আরও মন্ত্রণালয়-অধিদপ্তরের কার্যালয় করা হয়েছে। এর মধ্যে এলাকাটির চরিত্র পুরোপুরি বদলে গেছে। প্রস্তাবিত স্থানের আশপাশে রয়েছে একাধিক বড় হাসপাতাল, মেডিকেল ও নার্সিং কলেজ। ঠিক উল্টো দিকে একটি কৃষি বিশ্ববিদ্যালয়। পাশেই আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, যেখানে রাষ্ট্রীয় অনুষ্ঠানের দিনে বিপুল পার্কিংয়ের প্রয়োজন হয়। হাসপাতালমুখী অ্যাম্বুলেন্স, শিক্ষার্থীদের চলাচল, সম্মেলনের প্রটোকল আর সচিবালয়ের নিরাপত্তাবেষ্টনী, সবকিছু এসে মিলবে একই মোড়ে।

তার ওপর এলাকাটি মিরপুর, মোহাম্মদপুর, শ্যামলী, তেজগাঁও ও ধানমন্ডির মতো ঘনবসতিপূর্ণ এলাকার সংযোগবিন্দু। এখানে একটি স্থায়ী প্রশাসনিক কেন্দ্র বসানোর অর্থ শহরের হৃৎপিণ্ডে নতুন করে একটি যানজটের কেন্দ্র তৈরি করা। জায়গাটি একটি সুপরিকল্পিত, ভবিষ্যৎ-সম্প্রসারণযোগ্য প্রশাসনিক কমপ্লেক্সের জন্যও যথেষ্ট নয়। শোনা যাচ্ছে, চাপ সামলাতে নতুন সড়ক বা পাতালপথের কথাও ভাবা হচ্ছে। সমস্যা তৈরি করে তারপর তার সমাধানে আরেকটি ব্যয়বহুল প্রকল্প-এটিই আমাদের উন্নয়ন-চক্রের পরিচিত ছক। আবার বর্তমান সচিবালয়ের জায়গায় পুরান ঢাকার নিম্ন আদালত সরিয়ে আনার প্রস্তাবও আছে। ফলে পল্টন-গুলিস্তানের চাপ কমবে, এমন আশাও করা যাচ্ছে না। পুরোনো জায়গা ভরবে নতুন ভিড়ে আর নতুন জায়গায় জন্ম নেবে আরেক ধরনের ভিড়। দেশের পরিকল্পনাবিদদের পেশাজীবী সংগঠনসহ সংশ্লিষ্ট অংশীজনেরা ইতিমধ্যে আপত্তি জানিয়েছেন। অন্তর্ভুক্তিমূলক ও টেকসই নগর পরিকল্পনার ন্যূনতম মানদণ্ডে এই সিদ্ধান্ত টেকে না। বলা চলে, প্রায় ৭০ বছর আগের পাকিস্তানি পরিকল্পনাও এর চেয়ে দূরদর্শী ছিল।

বিকেন্দ্রীকরণের প্রশ্ন

সচিবালয় কেবল একটি ভবন নয়, একটি শাসনপদ্ধতিও। জেলা-উপজেলার ছোটখাটো সিদ্ধান্তও ফাইল হয়ে এখানে আসে, এখানেই আটকে থাকে। সাধারণ নাগরিকের কাছে এটি কার্যত একটি দুর্গম ব্যাপার। আর যেখানে প্রবেশ কঠিন, সেখানেই জমে ওঠে তদবির ও মধ্যস্বত্বভোগীর বাজার। অনিয়ম ও দুর্নীতির শিকড়ও সেখানে। এ কারণেই বহু বছর ধরে প্রশাসনিক বিকেন্দ্রীকরণের দাবি উঠছে। অর্থাৎ সিদ্ধান্ত গ্রহণ ও আর্থিক ক্ষমতা বিভাগ, জেলা ও স্থানীয় সরকারের কাছে হস্তান্তর করে সচিবালয়ের ভার কমানো। রাজনৈতিক নেতৃত্ব সে দাবিতে কান দেয়নি। ঢাকার বাইরের মানুষের চোখে প্রশ্নটা আরও স্পষ্ট। কুড়িগ্রাম বা ভোলার একজন নাগরিকের কাছে সচিবালয় পল্টনে না আগারগাঁওয়ে, তাতে কিছু যায় আসে না। একটি সিদ্ধান্তের জন্য তাঁকে ঢাকায় আসতেই হবে। বিকেন্দ্রীকরণের অর্থ সেই যাত্রার প্রয়োজনটাই কমিয়ে আনা। এখন শহরের এক অংশ থেকে আরেক অংশে কয়েক কিলোমিটার ভবন সরালে কেন্দ্রীভবনের এক বিন্দুও কমবে না। ঠিকানা বদলালে ক্ষমতার মানচিত্র বদলায় না। যদি ভৌত স্থানান্তর একান্তই প্রয়োজন হয়, তবে মূল শহর থেকে দূরে পূর্বাচল, আড়িয়া বা ঢাকার মূল শহরের বাইরে যেখানে যানজট হওয়ার কোনো ধরনের আশঙ্কা নেই-এ রকম সুবিধাজনক এবং পরিকল্পিত এলাকায় নিলে অন্তত কেন্দ্রীয় ঢাকার চাপ কমাত, একটি নতুন প্রশাসনিক নগরকেন্দ্র গড়ার সুযোগ সৃষ্টি হতো। মূল ঢাকার বাইরে নিয়ে গিয়ে বিকেন্দ্রীকরণ ছাড়া যে উদ্দেশ্যে সচিবালয় স্থানান্তর করার পরিকল্পনা নেওয়া হয়েছে, সেটা নিশ্চিতভাবে মুখ থুবড়ে পড়বে। আর ৫০ বছরের পরিকল্পনা করেই সেটা বাস্তবায়নের দিকে অগ্রসর হতে হবে।

এরপর ৩৬ পৃষ্ঠায়

যন্ত্রের শক্তিতে কৃষির রূপান্তর

শাইখ সিরাজ



মানিকগঞ্জে একটি কৃষিবিষয়ক তথ্যচিত্র নির্মাণের সময় দেখা হয় তরুণ এক উদ্যোক্তার সঙ্গে। নাম শহিদুল ইসলাম। কথা বলে বুঝতে পারি শহিদুল একজন দারুণ উদ্ভাবনী কৃষক। তিনি নিজেই তৈরি করেছেন মালচিং পেপার কাটার একটি সহজ, দ্রুত ও নিখুঁত পদ্ধতি। প্রয়োজন আর সৃজনশীলতা থেকেই জন্ম নিয়েছে এই উদ্ভাবন। বাংলাদেশজুড়ে এমন অসংখ্য কৃষক রয়েছেন, যাঁরা নিজেদের প্রয়োজনেই নতুন কিছু আবিষ্কার করে চলেছেন। মনে পড়ে গেল নেত্রকোনার কেনু মিস্ত্রির কথা, যিনি একসময় দেশীয় উপায়ে তৈরি করেছিলেন অসংখ্য কৃষিযন্ত্র।

কৃষকেরা যুগে যুগে নিজেদের প্রয়োজন মেটাতে তৈরি করেছেন নানা ধরনের যন্ত্র। তবে আজকের কৃষি এক নতুন সন্ধিক্ষণে দাঁড়িয়ে। চতুর্থ শিল্পবিপ্লবের যুগে যান্ত্রিকীকরণ মানে শুধু মাঠে উদ্ভাবন নয়, বরং প্রযুক্তি, তথ্য এবং নির্ভুলতার মাধ্যমে কৃষির রূপান্তর। বাংলাদেশের কৃষি যান্ত্রিকীকরণের যাত্রা হতে হবে বৈশ্বিক পরিবর্তনেরই অংশ, যেখানে স্থানীয় উদ্ভাবন আর আধুনিক বিজ্ঞানের সমন্বয় ঘটবে। প্রতিবছর চীনে আয়োজিত আন্তর্জাতিক কৃষি যন্ত্রপাতির মেলায় অংশগ্রহণের সুযোগ হয়। প্রতিবছরই দেখি যন্ত্রপাতিগুলো আধুনিক থেকে আধুনিকতম হচ্ছে। প্রশ্ন যখন একই সঙ্গে অধিক উৎপাদন এবং মানে নিরাপদ, তখন যান্ত্রিক কৃষির বিকল্প আর কী হতে পারে?

আমি মনে করি বাংলাদেশের অর্থনীতির মূল ভিত্তি এখনো কৃষি। প্রায় ৪০ শতাংশ কর্মসংস্থান এবং জিডিপির প্রায় ১২ শতাংশ আসে এই খাত থেকে। এ কথা সত্য, বৈশ্বিক তুলনায় পরিবর্তনের গতি কম হলেও গত কয়েক দশকে কৃষি যান্ত্রিকীকরণে এক নীরব বিপ্লব ঘটেছে, যা বদলে দিয়েছে ফসল উৎপাদন, শ্রমের চাহিদা এবং গ্রামীণ জীবনের চিত্র। এশিয়ার মধ্যে চীন সবচেয়ে এগিয়ে। তাদের ধান, গম ও ভুট্টা উৎপাদনে প্রায় পূর্ণাঙ্গ যান্ত্রিকীকরণ হয়েছে। বাংলাদেশও ধীরে ধীরে এগোচ্ছে, প্রতিবেশী দেশগুলোর অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে নিজেদের বাস্তবতায় তা প্রয়োগ করছে।

বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের তথ্য অনুযায়ী, বর্তমানে ৯০ শতাংশ জমি প্রস্তুত করা হয় পাওয়ার টিলার ও ট্রাক্টরের মাধ্যমে, যেখানে ১৯৯০-এর দশকে এই হার ছিল মাত্র ৩০ শতাংশ। সেচব্যবস্থাও এখন প্রায় ৮০ শতাংশ যান্ত্রিক, যা সম্ভব হয়েছে লো-লিফট পাম্প ও গভীর নলকূপের মাধ্যমে। তবে ফসল কাটার ক্ষেত্রে এখনো পিছিয়ে। ধান কাটার ক্ষেত্রে মাত্র ১০-১৫ শতাংশ যান্ত্রিকীকরণ হয়েছে, যেখানে চীনে এই হার ৮০ শতাংশের বেশি।

বোরো ও আমন মৌসুমে শ্রমিক সংকটে ভোগেন কৃষকেরা, যার ফলে প্রতিবছর ৬-১০ শতাংশ ফসল উৎপাদন পরবর্তী ক্ষতির মুখে পড়ে (ডিএই-এর তথ্য অনুযায়ী)। সরকার ও বেসরকারি উদ্যোক্তারা কম্বাইন হারভেস্টার, রিপার ও রাইস ট্রান্সপ্লান্টার ব্যবহারে উৎসাহ দিচ্ছেন। তবে, বরাবরের মতো সরকারের বক্তব্য আর মাঠের চিত্র এক হয় না। ভর্তুকি দেওয়া কৃষিযন্ত্রের বিষয়ে আমরা যে মাঠ-প্রতিবেদন পেয়েছি, তা হতাশাজনক। প্রথমত, অনেক প্রকৃত কৃষক বঞ্চিত হয়েছেন; দ্বিতীয়ত, কৃষকের নামে ব্যবসায়ীরা ভর্তুকির যন্ত্র তুলে নিয়েছেন। তৃতীয়ত, অনেক ক্ষেত্রে যন্ত্রের মান নিয়ে প্রশ্ন উঠেছে। মনে পড়ছে, বরগুনায় একদল কৃষক আমার কাছে অভিযোগ করেছেন, তাঁরা চেয়েও কৃষিযন্ত্র পাননি। আর যিনি পেয়েছেন, তিনি আসলে কৃষক নন।

যা-ই হোক, আমি সব সময় বিশ্বাস করি, যাঁরা আমার চেয়ে এগিয়ে, অভিজ্ঞ, সে বিষয়ে তাঁদের কাছ থেকে বিষয়টিতে অভিজ্ঞতা নেওয়া, জ্ঞান নেওয়া যায়। চীনের সাফল্য চোখে পড়ার মতো, তাদের প্রায় ৩০ কোটি হেক্টর জমিতে আধুনিক যন্ত্র ব্যবহার হয়। জিপিএস-নির্ভর ট্রাক্টর, স্প্রে করার জন্য ড্রোন এবং কৃত্রিম বুদ্ধিমত্তাভিত্তিক পোকা শনাক্তকরণ প্রযুক্তি ব্যবহৃত হচ্ছে। স্যাটেলাইট সিস্টেমের মাধ্যমে মিলিয়ন মিলিয়ন যন্ত্র যুক্ত হয়েছে নির্ভুল কৃষিকাজে। চীনের সরকারের সঙ্গে আমাদের সরকারের সম্মিলিত একটা প্রয়াস হতে পারত এ সংকট নিরসনের দারুণ একটি পদক্ষেপ।

কৃষি যান্ত্রিকীকরণে ভারত ও নেপালের অগ্রগতি তুলনামূলকভাবে ধীর। ভারতে জমি প্রস্তুত ও সেচে প্রায় ৬০ শতাংশ যান্ত্রিকীকরণ হয়েছে, তবে ফসল কাটার প্রযুক্তি রাজ্যভেদে ভিন্ন। পাঞ্জাব অনেক এগিয়ে, কিন্তু পূর্বাঞ্চল পিছিয়ে। নেপাল, যেখানে জমির মালিকানা খণ্ডিত, সেখানে যান্ত্রিকীকরণ ৪০ শতাংশের গণ্ডি পেরোতে পারেনি। এই প্রেক্ষাপটে বাংলাদেশের অগ্রগতি প্রশংসনীয়, তবে চীনের সঙ্গে ব্যবধান এখনো অনেক।

আমি আমার লেখনীতে একাধিকবার বলেছি, বাংলাদেশে জমির পরিমাণ কম, অধিকাংশ কৃষকই ক্ষুদ্র বা মাঝারি। তাই ভর্তুকি দেওয়া উচিত ছোট আকারের যন্ত্রে। কিন্তু এই পরামর্শগুলো যথাযথভাবে গুরুত্ব পায়নি। যান্ত্রিকীকরণে বৈশ্বিক র‍্যাঙ্কিংয়ে বাংলাদেশ এখনো পিছিয়ে। তবু আশার কথা হচ্ছে, দেশীয় উদ্ভাবন বাড়ছে। বেসরকারি পর্যায়ে অনেক প্রতিষ্ঠান ছোট আকারের, হালকা যন্ত্র যেমন মিনি-কম্বাইন হারভেস্টার ও লাইট রাইস ট্রান্সপ্লান্টার এখন আমদানি বা স্থানীয়ভাবে তৈরি করছে, যা খণ্ডিত জমির জন্য উপযোগী।

যান্ত্রিকীকরণ যেমন সম্ভাবনা নিয়ে

এরপর ২৯ পৃষ্ঠায়

> চীনের অভিজ্ঞতা দেখায়, কীভাবে এআই, রোবটিকস ও স্যাটেলাইট প্রযুক্তি কৃষিকে বদলে দিতে পারে। বাংলাদেশের জন্য চ্যালেঞ্জ হলো এই অভিজ্ঞতাগুলোকে নিজেদের ক্ষুদ্র কৃষকভিত্তিক ব্যবস্থায় মানিয়ে নেওয়া, যাতে সব স্তরের কৃষক, বড় কিংবা প্রান্তিক-সবাই উপকৃত হতে পারেন। এখন সময় বদলেছে। আমরা দাঁড়িয়ে আছি এক নতুন যুগের দোরগোড়ায়, চতুর্থ শিল্পবিপ্লবের যুগে। এখন কৃষি উদ্ভাবন মাঠের অভিজ্ঞতার পাশাপাশি প্রযুক্তি, তথ্য আর নির্ভুলতার ভিত্তিতে গড়ে উঠছে। বাংলাদেশের কৃষিযাত্রা এই বৈশ্বিক পরিবর্তনেরই প্রতিচ্ছবি, যেখানে ঐতিহ্যগত জ্ঞান আর আধুনিক বিজ্ঞানের হাত ধরাধরি করে এগোচ্ছে। পুরো এশিয়া এখন স্মার্ট কৃষির যুগে প্রবেশ করছে। ভবিষ্যতের কৃষিতে, ফসলের ভাগ্য নির্ধারণে প্রযুক্তি হবে বৃষ্টির মতোই গুরুত্বপূর্ণ। আমাদের তা এখনই উপলব্ধিতে আনতে হবে

দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০

- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট



বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়

Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

৭৪৯

JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত

আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES | Biman BANGLADESH AIRLINES | AmericanAirlines | ETIHAD AIRWAYS | QATAR AIRWAYS | Emirates | KUWAIT AIRWAYS

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK

BANGLA TRAVELS JACKSON HEIGHTS, NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।

জামান রঞ্জু
ট্রাভেল কনসালটেন্ট

কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট

কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট

মাহির
ট্রাভেল কনসালটেন্ট

জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট

নিলয়
ট্রাভেল কনসালটেন্ট

নাহিয়ান আজাদ
ট্রাভেল কনসালটেন্ট

NEW YORK OFFICE
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

ATLANTA OFFICE
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

DHAKA OFFICE
C-752, Ridge Dale Shopping Center
Uttar Badda, Dhaka-1212
01349328919

Phone: 917-396-4140, 917-592-7828

অন্তর্ভুক্তিমূলক রাজনীতিতে বাংলাদেশ প্রেক্ষিত

আবদুন নূর

বর্তমানে সারা বিশ্বে রাজনৈতিক সংস্কৃতিতে ইনক্লুসিভ বা অন্তর্ভুক্তিমূলক রাজনীতির চর্চা ও প্রয়োজনীয়তা নিয়ে সর্বত্র আলোচনা চলছে। যার মাধ্যমে বাংলাদেশ সহ পৃথিবীর বিভিন্ন দেশে রাজনৈতিক স্থিতিশীলতা বজায় রাখা সম্ভব। ইনক্লুসিভ বা অন্তর্ভুক্তিমূলক রাজনীতি হলো এমন একটি ব্যবস্থা যেখানে ধর্ম, বর্ণ, লিঙ্গ, দল বা সামাজিক শ্রেণি নির্বিশেষে সমাজের সব মানুষের রাজনৈতিক অধিকার, মতামত এবং নীত নির্ধারণী প্রক্রিয়ায় সমান অংশগ্রহণ নিশ্চিত করা হয়। এতে কোনো প্রান্তিক বা সংখ্যালঘু গোষ্ঠী বাদ পড়ে না। মূল বৈশিষ্ট্যিসবার অংশগ্রহণ: ক্ষমতার কেন্দ্রবিন্দুতে বা নির্বাচনে শুধু একটি নির্দিষ্ট প্রভাবশালী গোষ্ঠী নয়, সব স্তরের মানুষের প্রতিনিধিত্ব থাকে।

এখানে বিরোধীদের বা ভিন্ন মতাদর্শের মানুষের কথা শোনার ও মূল্যায়ন করার মানসিকতা থাকে। এটি একটি বৈষম্যহীন সমাজ গঠনের পরিপূরক। জাতি, ধর্ম, লিঙ্গ বা শারীরিক সক্ষমতার ভিত্তিতে কোনো নাগরিককে রাজনৈতিক অধিকার থেকে বঞ্চিত করা হয় না। এখানে স্বচ্ছতা ও জবাবদিহিত নিশ্চিত করা হয়। সব অংশীজনের অংশগ্রহণ থাকায় সরকারের সিদ্ধান্তগুলো বেশি গ্রহণযোগ্য ও স্বচ্ছ হয়। গনতন্ত্রিক দেশগুলির জন্য এটি অত্যন্ত জরুরি কেননা এ ব্যবস্থা সামাজিক ঐক্য ও শান্তি বজায় রাখে। গণতন্ত্রকে আরও শক্তিশালী ও দীর্ঘস্থায়ী করে। রাষ্ট্রীয় সিদ্ধান্তে সব নাগরিকের অধিকার নিশ্চিত হয়। ইতিহাসে অন্তর্ভুক্তিমূলক বা ইনক্লুসিভ রাজনীতির বেশ কিছু বিখ্যাত উদাহরণ রয়েছে। যখনই কোনো সমাজ বা রাষ্ট্র চরম বৈষম্য বা সংঘাত থেকে বের হয়ে সব নাগরিকের অধিকার নিশ্চিত করেছে, তখনই তা অন্তর্ভুক্তিমূলক রাজনীতির নজির হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে।

আমরা কয়েকটি সুনির্দিষ্ট ঐতিহাসিক উদাহরণ দিলাম। নেলসন ম্যান্ডেলা ও বর্ণবাদ-পরবর্তী দক্ষিণ আফ্রিকা ((১৯৯৪) একটি মাইলফলক। দক্ষিণ আফ্রিকায় কয়েক দশক ধরে চলা শ্বেতাঙ্গদের চরম বৈষম্যমূলক বর্ণবাদ শাসনের অবসান ঘটে ১৯৯৪ সালে। পরবর্তীতে ইনক্লুসিভ উদ্যোগ গ্রহণ করে ক্ষমতায় এসে নেলসন ম্যান্ডেলা শ্বেতাঙ্গদের প্রতি প্রতিশোধ না নিয়ে একটিরেনবো নেশন)বা রংধনু জাতি গঠনের ডাক দেন। এর ফলে তিনি কৃষ্ণাঙ্গ, শ্বেতাঙ্গ ও অন্যান্য সব নৃগোষ্ঠীকে নিয়ে একটি অন্তর্ভুক্তিমূলক সরকার ও সংবিধান তৈরি করেন, যেখানে সবার রাজনৈতিক ও সামাজিক অধিকার সমান করা হয়।

যুক্তরাষ্ট্রের নাগরিক অধিকার আন্দোলন (১৯৫০-১৯৬০ এর দশক আরো একটি উল্লেখযোগ্য বিষয়। বিংশ শতাব্দীর মাঝামাঝি পর্যন্ত যুক্তরাষ্ট্রে আফ্রিকান-আমেরিকান বা কৃষ্ণাঙ্গ নাগরিকদের ভোটাধিকার এবং পাবলিক স্থানে যাতায়াতের সমান অধিকার ছিল না। মার্টিন লুথার কিং জুনিয়র এবং অন্যান্য কৃষ্ণাঙ্গ নেতাদের তীব্র অহিংস আন্দোলনের মুখে মার্কিন সরকার ১৯৬৪ সালেসিভিল রাইটস অ্যাক্ট এবং ১৯৬৫ সালেভোটিং রাইটস অ্যাক্টপাস করতে বাধ্য হয়। যার ফলশ্রুতিতে এর মাধ্যমে আইনিভাবে বর্ণবৈষম্য নিষিদ্ধ হয় এবং কৃষ্ণাঙ্গদের মূলধারার রাজনীতিতে অন্তর্ভুক্ত হওয়ার পথ সুগম হয়।

প্রাচীন এথেন্সের গণতন্ত্র (খ্রিস্টপূর্ব ৫ম শতাব্দী) যদিও আধুনিক মানদণ্ডে এটি সম্পূর্ণ অন্তর্ভুক্তিমূলক ছিল না কারণ তখন নারী ও দাসদের অধিকার ছিল না , তবুও তৎকালীন রাজতন্ত্র ও অভিজাততন্ত্রের যুগে এটি ছিল এক বিশাল বৈপ্লবিক পরিবর্তন। অন্তর্বর্তী উদ্যোগের কারণে এথেন্সে ডাইরেক্ট ডেমোক্রেসি বা প্রত্যক্ষ গণতন্ত্র চালু করা হয়। যার ফলে যেকোনো সাধারণ পুরুষ নাগরিক ধনী কিংবা দরিদ্র নির্বিশেষে সরাসরি এসে রাষ্ট্রের আইন প্রণয়ন এবং সিদ্ধান্তগ্রহণের ভোট প্রক্রিয়ায় অংশ নিতে পারতেন। এটি সাধারণ মানুষকে ক্ষমতার অংশীদার করার প্রাথমিক ঐতিহাসিক ভিত্তি।

নিউজিল্যান্ডেরওয়েটাঙ্গি ট্রাইব্যুনাল ১৯৭৫ আরো একটি ঐতিহাসিক ঘটনা। নিউজিল্যান্ডের আদিবাসী মাওরি জনগোষ্ঠীর মানুষেরা ব্রিটিশ উপনিবেশের কারণে দীর্ঘদিন ধরে রাজনৈতিক ও ভূমির অধিকার থেকে বঞ্চিত ছিল।

১৯৭৫ সালে নিউজিল্যান্ড সরকার ওয়েটাঙ্গি ট্রাইব্যুনাল গঠন করে। ফলশ্রুতিতে এর মাধ্যমে আদিবাসীদের ক্ষোভ ও অধিকারের বিষয়গুলো সরাসরি রাষ্ট্রীয় নীতি নির্ধারণে অন্তর্ভুক্ত করা হয়। বর্তমানে নিউজিল্যান্ডের সংসদে মাওরিদের জন্য আসন সংরক্ষিত থাকে এবং তারা দেশের মূলধারার রাজনীতিতে অত্যন্ত সক্রিয়।

ইসলামের ইতিহাসে মদিনা সনদ (৬২২) খ্রিস্টাব্দ এটি অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠনের একটি প্রাচীন ও অনন্য দলিল। যার কারণে ইনক্লুসিভ উদ্যোগের মাধ্যমে মহানবী হযরত মুহাম্মদ (সা.) মদিনায় হিজরত করার পর মুসলিম, ইহুদি এবং অন্যান্য গোত্রের মধ্যে শান্তি ও সহাবস্থান বজায় রাখতে এই লিখিত চুক্তি করেন। যার ফলশ্রুতিতে মদিনা সনদে সব ধর্মের মানুষকে নিজ নিজ ধর্ম পালনের স্বাধীনতা দেওয়া হয় এবং মদিনা রাষ্ট্র রক্ষায় সবাইকে সমান নাগরিক ও রাজনৈতিক অধিকারের অংশীদার ঘোষণা করা হয়।

বাংলাদেশ এবং দক্ষিণ এশিয়ায় অন্তর্ভুক্তিমূলক বা ইনক্লুসিভ রাজনীতির বেশ কিছু অত্যন্ত গুরুত্বপূর্ণ ও প্রভাবশালী ঐতিহাসিক প্রয়োগ রয়েছে। বহুমাত্রিক জাতি, ধর্ম এবং সংস্কৃতির এই অঞ্চলে শান্তি বজায় রাখতে এবং অধিকার আদায়ে বিভিন্ন সময়ে এই নীতি ব্যবহার করা হয়েছে।

প্রধান কয়েকটি উদাহরণ আলোচনা করা হলো

মৌর্য সম্রাট অশোক খ্রিস্টপূর্ব ৩য় শতকে - প্রাচীন ভারত বা দক্ষিণ এশিয়ার ইতিহাসে অন্তর্ভুক্তিমূলক সুশাসনের সবচেয়ে বড় উদাহরণ। তিনি ইনক্লুসিভ উদ্যোগের গুরুত্ব সম্পর্কে অবহিত ছিলেন। কলিঙ্গ যুদ্ধের এরপর ২০ পৃষ্ঠায়

২০১৫ সালের নতুন সংবিধানে নেপাল পার্লামেন্টে সমানুপাতিক নির্বাচনী ব্যবস্থা চালু করে। এর মাধ্যমে রাজনীতিতে মদেশী, আদিবাসী, দলিত এবং নারীদের অংশগ্রহণ বাধ্যতামূলক করা হয়, যা দেশটির ইতিহাসে সবচেয়ে বড় অন্তর্ভুক্তিমূলক রাজনৈতিক সংস্কার। প্রাচীন কাল থেকে শুরু করে পৃথিবীর বিভিন্ন দেশে এবং দক্ষিণ এশিয়ার এই ইতিহাসগুলো পর্যালোচনা করলে দেখায় যে, যখনই কোনো রাষ্ট্র তার বৈচিত্র্যকে মেনে নিয়ে সবাইকে রাজনীতিতে জায়গা দিয়েছে, তখনই সেখানে স্থায়িত্ব ও সমৃদ্ধি এসেছে। বিগত ২০২৪ সালের ৫ ই আগস্ট পটপরিবর্তনের পরিপ্রেক্ষিতে যে রাজনৈতিক শুন্যতা দেখা যাচ্ছে , বাংলাদেশের রাজনীতিতে অন্তর্ভুক্তিমূলক রাজনীতির প্রয়োগ ছাড়া আর বিকল্প কোনো রাজনীতি কার্যকর নয় বলে অনেকেই মতামত ব্যক্ত করেছেন

প্রবাসী গণমাধ্যম : সেতু, নাকি নিজস্ব জগৎ?

জহিরুল ইসলাম

হাজার মাইল দূরে থেকেও এখন মুহূর্তে নিজের দেশের খবর জানা যায়। মুঠোফোনের পর্দায় ভেসে ওঠে পরিচিত শহরের ঘটনা, রাজনৈতিক বিতর্ক, সাংস্কৃতিক আয়োজন কিংবা স্বজনের সাফল্যের সংবাদ। প্রবাসী বাংলা গণমাধ্যম এই যোগাযোগকে অর্থবহ করার সুযোগ তৈরি করেছে। কিন্তু স্বদেশের খবর কাছে পাওয়া আর স্বদেশের মানুষকে বোঝা কি একই বিষয়? প্রবাসের জীবন ও অভিজ্ঞতাই বা কতটা পৌঁছায় দেশের মানুষের কাছে? যোগাযোগ সহজ হয়েছে, কিন্তু পারস্পরিক বোঝাপড়াও কি সেই অনুপাতে বেড়েছে? প্রবাসী গণমাধ্যমের ভূমিকা বুঝতে হলে এই প্রশ্নগুলোর মুখোমুখি হওয়া প্রয়োজন। প্রবাসী বাংলা গণমাধ্যমের প্রয়োজন শুধু সংবাদ সরবরাহে সীমাবদ্ধ নয়। ভিন্ন ভাষা ও সংস্কৃতির পরিবেশে থেকেও মানুষ নিজের ভাষা, সাহিত্য, সংস্কৃতি ও সামাজিক সম্পর্কের সঙ্গে সংযোগ বজায় রাখতে চায়। সংবাদপত্র, সাময়িকী, বেতার, টেলিভিশন ও অনলাইন প্রকাশনা সেই প্রয়োজন পূরণে ভূমিকা রাখে। এগুলো প্রবাসীদের স্থানীয় খবর জানায়, সাংস্কৃতিক আয়োজন তুলে ধরে এবং নতুন অভিবাসীদের অভিজ্ঞতা প্রকাশের ক্ষেত্র তৈরি করে। বৃহত্তর সংবাদমাধ্যমে যথেষ্ট জায়গা না পাওয়া কোনো জনগোষ্ঠীর জীবন ও সমস্যাও এসব মাধ্যমে দৃশ্যমান হতে পারে। এই সামাজিক ভূমিকার মূল্য কম নয়।

তবে সেতু তৈরি করতে হলে যোগাযোগের দুই দিকই সচল থাকা প্রয়োজন। বাংলাদেশের খবর প্রবাসী পাঠকের কাছে পৌঁছানো যেমন গুরুত্বপূর্ণ, তেমনি প্রবাসের বাস্তবতা দেশের মানুষের কাছে বোধগম্য করে তোলাও জরুরি। অভিবাসনের কারণ, কাজের অনিশ্চয়তা, নতুন সমাজে মানিয়ে নেওয়ার চাপ, নাগরিক অধিকার ও পারিবারিক সম্পর্কের পরিবর্তন সম্পর্কে ধারণা না থাকলে প্রবাসজীবন কয়েকটি পরিচিত সাফল্যের গল্পে সীমাবদ্ধ হয়ে যেতে পারে। আবার প্রবাসীরা দেশের খবর জানলেও সেই খবরের পেছনে থাকা সামাজিক ও অর্থনৈতিক বাস্তবতা সম্পর্কে তাঁদের ধারণা অসম্পূর্ণ থাকতে পারে। গণমাধ্যমের কাজ তাই শুধু দূরের খবরকে কাছে আনা নয়, দূরের জীবনের অর্থও ব্যাখ্যা করা।

প্রবাসী গণমাধ্যম নিজের জনগোষ্ঠীকে গুরুত্ব দেবে-এটাই স্বাভাবিক। স্থানীয় সংগঠনের অনুষ্ঠান, সাংস্কৃতিক আয়োজন, ব্যক্তিগত সাফল্য ও সামাজিক উদ্যোগের সংবাদ অপ্রয়োজনীয় নয়। এসবের মধ্য দিয়ে একটি জনগোষ্ঠী নিজের অস্তিত্ব ও পারস্পরিক সম্পর্ককে দৃশ্যমান করে। সমস্যা এসব সংবাদে নয়; সমস্যা দেখা দিতে পারে যখন সংবাদ নির্বাচনের পরিসর এতটাই সংকুচিত হয় যে বৃহত্তর সামাজিক বাস্তবতা আড়ালে থেকে যায়। একটি কমিউনিটির মানুষ কোথায় মিলিত হচ্ছেন, তা যেমন সংবাদ, তেমনি তাঁরা কী সমস্যার মুখোমুখি হচ্ছেন, কী নিয়ে মতভেদে জড়াচ্ছেন এবং কীভাবে বদলে যাচ্ছেন, সেগুলোও সংবাদ হওয়ার দাবি রাখে। অবশ্য নির্দিষ্ট কোনো সংবাদমাধ্যম সম্পর্কে এমন সিদ্ধান্তে পৌঁছাতে হলে তার প্রকাশিত সংবাদ বিশ্লেষণ করা প্রয়োজন।

প্রবাসী সমাজের সব মানুষের জীবন এক রকম নয়। কেউ প্রতিষ্ঠিত পেশাজীবী, কেউ ক্ষুদ্র ব্যবসায়ী, কেউ শিক্ষার্থী, কেউ নতুন অভিবাসী; আবার কেউ অনিশ্চিত কাজ ও আর্থিক চাপের মধ্যে জীবন চালান। তাঁদের অভিজ্ঞতার পার্থক্য সংবাদে প্রতিফলিত না হলে প্রবাসের অসম্পূর্ণ ছবি তৈরি হতে পারে। প্রবাসী নারীর জীবিকা, পারিবারিক দায়িত্ব, ব্যক্তিস্বাধীনতা ও সামাজিক অবস্থানের অভিজ্ঞতাও আলাদা মনোযোগ দাবি করে। যুক্তরাষ্ট্রে বাংলাদেশি প্রবাসী সাংবাদিকদের নিয়ে ২০২৪ সালে প্রকাশিত একটি সাক্ষাৎকারভিত্তিক গবেষণায় বাংলা সাংবাদিকতার পেছনে সাংস্কৃতিক সম্পর্ক বজায় রাখা, নতুন অভিবাসীদের সহায়তা এবং মূলধারার সংবাদমাধ্যমে নিজেদের জনগোষ্ঠীর উপস্থাপনা নিয়ে উদ্বেগের মতো প্রেরণার কথা উঠে এসেছে। গবেষণাটি অর্থ ও জনবলের সীমাবদ্ধতার মতো বাধার দিকেও ইঙ্গিত করে। তবে যুক্তরাষ্ট্রের একটি নির্দিষ্ট গোষ্ঠীর অভিজ্ঞতা দিয়ে বিশ্বের সব প্রবাসী বাংলা গণমাধ্যমকে বিচার করা যায় না।

প্রজন্মের পরিবর্তনও এই আলোচনায় গুরুত্বপূর্ণ। যাঁরা নিজ দেশ ছেড়ে অন্য দেশে বসতি গড়েছেন, তাঁদের কাছে জন্মভূমির স্মৃতি, পরিচিত ভাষা ও পুরোনো সামাজিক সম্পর্কের বিশেষ গুরুত্ব থাকতে পারে। কিন্তু প্রবাসে জন্মানো বা বেড়ে ওঠা সন্তানদের অভিজ্ঞতা ভিন্ন। তাঁদের জীবন গড়ে ওঠে অন্য দেশের বিদ্যালয়, কর্মক্ষেত্র, সামাজিক সম্পর্ক ও সাংস্কৃতিক পরিবেশে। বাংলা ভাষা ও পারিবারিক ঐতিহ্যের সঙ্গে সম্পর্ক তাঁদের কাছেও গুরুত্বপূর্ণ হতে পারে, তবে তার প্রকাশ প্রথম প্রজন্মের মতো নাও হবে। এই পার্থক্যকে সাংস্কৃতিক অনাগ্রহ বলে চিহ্নিত করলে সমস্যার প্রকৃতি বোঝা যায় না। বরং প্রশ্ন করা দরকার, প্রবাসী গণমাধ্যম নতুন প্রজন্মকে শুধু উত্তরাধিকার সংরক্ষণের আহ্বান জানাচ্ছে, নাকি তাদের নিজস্ব অভিজ্ঞতা ও প্রশ্ন প্রকাশেরও জায়গা দিচ্ছে।

ডিজিটাল প্রযুক্তি প্রবাসী গণমাধ্যমের সম্ভাবনা বাড়িয়েছে। ছোট পরিসরের একটি অনলাইন প্রকাশনাও এখন ভৌগোলিক সীমা অতিক্রম করে পাঠকের কাছে পৌঁছাতে পারে। সংবাদ ভাগ করা, আলোচনা করা কিংবা দূরের মানুষের অভিজ্ঞতা জানা আগের তুলনায় সহজ। কিন্তু তথ্যের সহজলভ্যতা মানেই তার নির্ভরযোগ্যতা নয়; যোগাযোগের বিস্তারও পারস্পরিক বোঝাপড়ার নিশ্চয়তা দেয় না। একই ধরনের মতামত ও পরিচিত সংবাদ বারবার সামনে এলে পাঠক বৃহত্তর বাস্তবতার বদলে নিজের আগ্রহের গণ্ডিতে আবদ্ধ থাকতে পারেন। এই এরপর ২০ পৃষ্ঠায়

সব প্রতিষ্ঠানের পক্ষে সবকিছু করা সম্ভব নয়; কিন্তু নিজেদের সামর্থ্যের মধ্যে তথ্যের নির্ভুলতা, মতের বৈচিত্র্য ও জনস্বার্থকে গুরুত্ব দেওয়ার চেষ্টা থেকেই অর্থবহ পরিবর্তন শুরু হতে পারে। শেষ পর্যন্ত প্রবাসী গণমাধ্যমের মূল্যায়ন শুধু এই দিয়ে করা যায় না যে, তা কত দ্রুত স্বদেশের খবর পৌঁছে দেয় কিংবা কত পাঠকের কাছে পৌঁছায়। আরও গুরুত্বপূর্ণ হলো, তা কত মানুষের অভিজ্ঞতাকে দৃশ্যমান করে এবং কতটা পারস্পরিক বোঝাপড়ার সুযোগ তৈরি করে। নিজের ভাষা, সংস্কৃতি ও স্মৃতির জন্য একটি পরিসর থাকা প্রয়োজন; কিন্তু সেই পরিসর যদি নতুন প্রশ্ন, ভিন্ন অভিজ্ঞতা ও বৃহত্তর সমাজের জন্য উন্মুক্ত থাকে, তবে তা বিচ্ছিন্ন দ্বীপ না হয়ে সেতু হয়ে উঠতে পারে। প্রবাসী গণমাধ্যমের সামনে তাই প্রশ্নটি শুধু নিজের পরিচয় ধরে রাখার নয়-নিজের পরিচয় অক্ষুণ্ন রেখেই অন্যের বদলে যাওয়া জীবনকে কতটা বুঝতে পারার

জ্যামাইকায় সেলিম-আলী পরিষদের প্যানেল পরিচিতি ও নির্বাচনী সভা

৬২ পৃষ্ঠার পর

এতে কুইন্স, ব্রুকলিন, ব্রঙ্কসসহ নিউ ইয়র্কের বিভিন্ন বরো থেকে শত শত সচেতন প্রবাসী এবং ভোটাররা সশরীরে উপস্থিত হয়ে প্যানেলটির প্রতি তাদের পূর্ণ সমর্থন ও গভীর আস্থা ব্যক্ত করেন। সভায় উপস্থিত জ্যামাইকা প্রবাসী কমিউনিটির শীর্ষ নেতৃবৃন্দ ও সচেতন ভোটাররা পুরো প্যানেলকে ফুলেল শুভেচ্ছা ও বিশেষ সম্মানসূচক সংবর্ধনা জানান। বক্তারা বলেন,

প্রবাসে নিজেদের একতা সুদৃঢ় রাখতে এবং বাংলাদেশ সোসাইটির চলমান উন্নয়নমূলক প্রজেক্টগুলোর সফল সমাপ্তির জন্য এই সুযোগ্য, ও পরীক্ষিত প্যানেলের কোনো বিকল্প নেই। তারা দল-মত নির্বিশেষে সর্বস্তরের প্রবাসীকে 'সেলিম-আলী' পরিষদের পাশে থাকার জোর আহ্বান জানান।

জনসভাটি সফলভাবে সম্পন্ন করায় জ্যামাইকা নির্বাচন কমিটির শীর্ষ নেতৃবৃন্দ উপস্থিত সকলের প্রতি আন্তরিক ধন্যবাদ ও বিশেষ কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন। প্রধান সমন্বয়কারী সিরাজুল ইসলাম লিপন এর তত্ত্বাবধানে এই বিশাল সমাবেশ অনুষ্ঠিত হয়। ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন আহ্বায়ক: মোঃ ফারুক হোসেন মজুমদার,প্রধান সমন্বয়কারী: সিরাজুল ইসলাম লিপন,প্রধান উপদেষ্টা: শরাফ সরকার,সদস্য সচিব: কাজী এম আর খান (সেলিম)। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কমিটির যুগ্ম আহ্বায়ক হাজী এনাম ,কেন্দ্রীয় কমিটির প্রধান সমন্বয়কারী ও চিটাগাং এসোসিয়েশন এর সভাপতি মাকসুদুল হক চৌধুরী, ,যুগ্ম আহবায়ক জহিরুল ইসলাম, যুগ্ম সদস্য সচিব ইসলাম হোসেন স্বপন ,যুগ্ম আহবায়ক ফারুক হোসেন ও শামীম হাসান। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সভাপতি পদপ্রার্থী আতাউর রহমান সেলিম এবং সাধারণ সম্পাদক পদপ্রার্থী মো:আলী ভোটারদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং নির্বাচিত হলে তাদের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা পরিষ্কার করেন। তারা প্রতিশ্রুতি দেন যে, আগামী দিনে সোসাইটিকে পুরোপুরি আধুনিক ও ডিজিটাল প্ল্যাটফর্মে রূপান্তর করা হবে। ওয়ান স্টপ সলিউশন ও স্থায়ী কমিউনিটি সেন্টার গঠন করা হবে যেখানে আরও বড় পরিসরে কার্যক্রম পরিচালনা করা হবে। নিউ ইয়র্কে আসা নতুন প্রবাসী এবং ইন্টারন্যাশনাল স্টুডেন্টদের মৌলিক সমস্যাগুলোর সমাধান দেয়া হবে। নতুন প্রবাসীদের কর্মসংস্থান ও কারিগরি দক্ষতা বৃদ্ধিতে বিশেষ প্রোগ্রাম চালু করা হবে। সেকেন্ড জেনারেশন বা নতুন প্রজন্মের কাছে দেশীয় সংস্কৃতি ও বাংলা ভাষাকে টিকিয়ে রাখতে তথা স্থায়ী ভবনে আরও বড় পরিসরে কার্যক্রম পরিচালনা করা হবে। প্রবীণ প্রবাসীদের নিয়ে একটি মেন্টরশিপ নেটওয়ার্ক এবং মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞদের মাধ্যমে কাউন্সেলিং সেশনের ব্যবস্থা রাখা হবে। প্যানেলের প্রার্থীদের প্যানেল পরিচিতি ও গণসমর্থন সভায় সেলিম-আলী পরিষদের প্রার্থীরা উপস্থিত থেকে প্রবাসীদের সাথে মতবিনিময় করেন।

বারবি-কিউ পার্টি: 'সেলিম-আলী' পরিষদের সমর্থনে ১৯শে অক্টোবর ২০২৬, সোমবার সন্ধ্যায় জ্যামাইকার ঐতিহ্যবাহী ধানসিঁড়ি রেস্টুরেন্টের সামনে এক বিশাল 'বারবিকিউ পার্টি' ও নির্বাচনী আড্ডার আয়োজন করে 'জ্যামাইকা নির্বাচন কমিটি'। অনুষ্ঠানে কুইন্স ও জ্যামাইকা অঞ্চলের শত শত সচেতন প্রবাসী এবং ভোটাররা সশরীরে উপস্থিত হয়ে প্যানেলটির প্রতি তাদের পূর্ণ সমর্থন ও গভীর আস্থা ব্যক্ত করেন। জ্যামাইকাবাসীর স্বতঃস্ফূর্ত সমর্থন পুরো এলাকায় এক বিশাল গণজোয়ারের সৃষ্টি করে। প্রধান সমন্বয়কারী সিরাজুল ইসলাম লিপন এর তত্ত্বাবধানে এই বিশাল সমাবেশ ও উক্ত বারবি-কিউ পার্টি অনুষ্ঠিত হয়।

আয়োজক 'জ্যামাইকা নির্বাচন কমিটি'-এর নেতৃবৃন্দ জ্যামাইকা নির্বাচন কমিটির প্রধান সমন্বয়কারী সিরাজুল ইসলাম লিপন, জ্যামাইকার সেন্টারের আহ্বায়ক মোঃ ফারুক হোসেন মজুমদার, যুগ্ম আহবায়ক জহিরুল ইসলাম, যুগ্ম আহবায়ক ফারুক হোসেন ও শামীম হাসান উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে আগামী ২৫শে অক্টোবর রবিবারের নির্বাচনে 'সেলিম-আলী' পরিষদের পক্ষে মূল্যবান ভোট দিয়ে জয়যুক্ত করার দৃঢ় আহ্বান জানান। মুখরোচক খাবার, এবং মধ্যরাত পর্যন্ত চমৎকার আড্ডা এবং প্রবাসীদের উপচে পড়া ভিড়ের মধ্য দিয়ে এই আয়োজনটি অত্যন্ত সফলভাবে সম্পন্ন হয়।

ZILLUR TAX ACCOUNTING & INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
Personal Tax Filing
Business Tax Filing
New Business Setup
Home & Business Insurance
Immigration Services
ITIN Number Application
Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432

PEOPLE N TECH
A Global Leader In IT Training, Consulting, and Job Placement Since 2005
EARN 100K TO 200K PER YEAR
• Selenium Automation Testing
• SQL Server Database Administration
• Business Analyst
PROVIDED JOBS TO 7000+ STUDENTS.
100% JOB PLACEMENT
RECORD FOR THE LAST 17 YEARS.
Opportunity to get up to 50% scholarship for Bachelor's and Master's Degree as PeopleNTech Alumni from Partner University: www.wust.edu
Washington University of Science and Technology
Authorized Employment Agency by:
NYC
Certified Training Institute by:
If you are making less than 80k/yr, contact now for two weeks free sessions:
info@piit.us
1-855-JOB-PIIT(1-855-562-7448)
www.piit.us

www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

Rtv
আজ ও আগামীর

"Quran for a Beautiful Life"

Under this title, Following the remarkable success of Seasons 1, 2 and 3, the holy Quran Telawat competition RTV Alokito Quran USA is returns with Season 4 for people living in North America.

GOLDEN AGE HOME CARE | আজকাল

PRESENTS

Rtv
Alokito Quran USA SEASON 4

POWERED BY
utshob.com

Get Registration before
20th November, 2026

Registration Process:

Record a 2 to 3 minute video of your recitation from the Holy Quran on your mobile and send it along with your name, mobile number, and address via any of the following media

---

WhatsApp: +880 1933 000 066, +880 1552 322 040

E-Mail: rtvalokitoquranusa@gmail.com

Call : 917 743 2917

Only On Rtv | Organize By: প্রিয়ন্তী USA INC

OPEN HOUSE

Bank Owned 2 Family House, 4 Beds, 2 Baths, Finished Basement & Driveway

Friday, Oct. 23, 2026 3 PM - 5 PM

94-27 85th St, Ozone Park, NY 11416

149-55 258th Strteet, Rosedale, NY 11422

114-56 Van Wyck Expy, Jamaica, NY 11420

300+ Bank Owned, Auction & Regular Houses for Sale

BUY | SELL | RENT | ক্রয় | বিক্রয় | ভাড়া

KAMRUZ ZAMAN BACCU
Licensed RE Salesperson
347-465-3220
Email: kamruzbaccu1@gmail.com

ISLAND ADVANTAGE REALTY

233 Long Beach Road, Island Park
NY 11558, Tel: 516-368-8500

এই সপ্তাহের কবিতা

খুলে দাও রুদ্ধ দুয়ার

এবিএম সালেহ উদ্দীন

১.
বাতাসে কাঁপে লাশের গন্ধ
চিত্রকরের খসে পড়া লতানো ছবিতে ভেসে থাকে
রক্তের পিচকারি
নিঃসঙ্গতার অভিশাপে শঙ্কিত ধরণী
হাওয়ায় ভাসমান শোকার্ত মানুষের মাঝে
তবু কেন ডাকাতের দল হানা দেয়
নক্ষত্রের রাতে হাঁটু গেড়ে থাকা ধুম্রধোঁয়ায়
ঘোর অমানিশায় নোনাজলের কাঁপা শরীরে
নির্মমতার সমরসজ্জায় ধ্বংসের মহড়া!
অদৃশ্য শত্রুর কবলে ছবির হয়ে যাওয়া পৃথিবীতে
বন্ধ হয় না নিষ্ঠুর পাশবিকতা
থামে না যুদ্ধবাজ!
উন্মাদনার মরণকামড়ে তছনছ হয়ে যায়
জীবনের চাওয়া-পাওয়া
আশ্চর্য!
ধ্বংসবাজের কামানগোলায় যারা মরছে;
তাদের কেউ কান্না করেনা
হাসতে হাসতে বিদায়ের ডঙ্কা বাজায়
শিশুরাও রক্তাক্ত দেহে খন্ডিত হতে থাকে
তবু তারা কাঁদেনা!
বিধবা মায়ের আঁচলে ওরা স্বাধীনতার মন্ত্র শেখে । যখন
জেনিনের দালানগুলো ঝরঝর ধসে পড়ে
রামাল্লায় আবাফাতের দপ্তর রক্তাক্ত হয়
তোরের হাওয়ায় ভেসে আসে আজানের সুর
বেথেলহেমের কবুতরগুলো জড়ো হয়
ধ্বংসস্তুপের নরম রোদে পাখা নাড়িয়ে
তারা উড়ে যায় অন্য অজানায়
অসংখ্য দুঃখের রাত্রিতে
হেমন্ত বাতাসে কান্নার সুর বেজে ওঠে
হাফিজের কবিতার মতো...
সুরা ইয়াসিনের সুরধ্বনিতে আকাশ পাতাল
মুখরিত হয়; ঝংকৃত হয়ে শত্রুর বুকে ধাক্কা মারে
অন্যদিকে
কাঁচের জানালায় মৃত্যুর স্বপ্ন দেখে উদগ্র ধ্বংসবাজ
কবরের ব্যাকুলতায়
যন্ত্রণার হতশ্বাসে মাটি কাঁপে থরথর
প্রতিদিন প্রতিরাত এ কেমন নৈরাশ্যের বিকিরণ!
নেই কোন কর্ম তাগিদ
তবু কেন পরিশ্রান্তের রুদ্ধশানাই?
নিস্তব্ধতার বিব্রত হাহাকারে ঘুম আসেনা
অলস রাতের কর্মহীন উদাসীনতায়
আমার ঘুম আসেনা
আমি কেবল নিজেকে বুঝ দিয়ে বলি-
প্রদীপ্তির বহ্নিশিখায় ছিন্ন করো হৃদয়খানি
উচ্চস্বরে বলে উঠি -'ডোন্ট বি পেনিক'
ঝেরে ফেলো অশান্ত প্রমাদ
প্রত্যাশার স্বর্ণরেখায় খুলে দাও হৃদয় দুয়ার...
দু'হাত তুলে তাকাও নীলাকাশ
প্রত্যুষের সমারোহে হৃদয়ের দুয়ার খুলে
নয়ন জুড়ে দেখো আলোর পৃথিবী
২.
যদিও
পৃথিবী জুড়ে আদিগন্ত অন্ধকার
নিখুঁত পরিকল্পনায় ধ্বংসের মহড়া
অশ্রুবিলাপে শোকার্তের আর্তনাদ
ঘোলা পানির নষ্টসুখে চতুর্দিকে বিষাদময় হাহাকার
তবুও আমরা বলতে পারি-
সহসা একদিন কেটে যাবে অন্ধকার
সূর্যের আলোক রশ্মিতে ছুঁয়ে যাবে ভোরের ছায়া
হেমন্তের আকাশে বসবে তারার মেলা
আবার সকাল হবে
শিশিরের শীতল ছোঁয়ায় ঝলসে উঠবে
দিবসের আলো
সমুদ্রের নীল কল্লোলে ফিরে আসবে নদীর প্রাণ
বাতাসে ভাসবে আনন্দ ধ্বনি
ঝুমুর ঝুমুর বৃষ্টি নামবে
ফসলের মাঠে ফুটে উঠবে কিষাণের হাসি
অন্ধকার কেটে যাবে,আবার সকাল হবে
নীল আকাশের নীচে প্রত্যুষের সমারোহে
নেমে আসবে আনন্দের ঝলকানি
আবার হেসে উঠবে
আরও একটি নতুন পৃথিবী...

(ট্রাম্পযুগের প্যান্ডামিক প্রহরে)

কলরব

মাহনূর রহমান

সবুজের সমারোহ, সবুজে ভরা নদী
কি এক অপূরূপ দৃশ্য
এই রৌদ্রে ভরা মৌসুমে।

শরতের অপেক্ষায় আকাশ ঝলমলে
চারিপাশে লাল-হলুদ পাতার আভিক্ষেপ,
কি এক অপূরূপ দৃশ্য
এই পাতাবাহারের মৌসুমে।

স্বপ্ন মনে রঙিন ছবি ক্যানভাসে,
হলদে পাখির আনাগোনায়
সবুজেমাখা, মনোরম ছবি আঁকা,
চারিদিকে কি এক অপরূপ দৃশ্য
এই শরতের আগমনে।

ভেবে দেখো

সুজন দাশ

পার পাবে না বলছি শোনো
করলে তুমি কারোর ক্ষতি,
উপর থেকে দেখছে সবই
মূল বিচারের বিচারপতি।

এমন কোন ক্ষমতা নেই
তাঁর দু'চোখে দেবে ফাঁকি,
উল্টো বরং নিজের বিপদ
নিজেই কিন্তু আনবে ডাকি!

এই আদালত হয়তো তোমার
ওই আদালত নয়কো মোটে,
মিলবে না মাপ শেষ বিচারে
কর্ম যেমন ফলও জোটে।

সৎ এর সাথে সত্য থাকে
এই কথাটাই মনে রেখো,
থাকলে বিবেক একটু হলেও
আমার কথা ভেবে দেখো।

যতই তুমি সুখে থাকো
নিচ্ছো সবই জায়েজ করে
গ্লানি তোমায় ছাড় দেবে না
টানবে ঠিকই গলা ধরে।

সোনার রবি উঠবে

সাঈদুর রহমান লিটন

কতো কিছু রচি সবে
আপন হাতে হাতে,
থাকবে না সব স্মৃতির পাতায়
দোষ কি আছে তাতে?

এমন করে মহৎ প্রাণে
ছড়িয়েছে সেবা,
নিজের দ্যুতি জানান দিয়ে
লীন হয়েছে কেবা?

এমন করে রবি নজরুল
উঠলেন হাঁটিহাঁটি,
সকল ধারা সৃজন করে
হলেন পরিপাটি।

কতো পাখি গেয়ে উঠেন
স্বপ্ন দেখে দেখে,
কীর্তি গুলো সোনার পাতায়
গেছেন রেখে রেখে।

নতুন নতুন সৃষ্টি গুলো
কুসুম হয়ে ফুটবে
সেদিন কিন্তু পূব আকাশে
সোনার রবি উঠবে।

নেটওয়ার্কে ভালোবাসা

মোহাম্মদ মহিবুর রহমান

যুগের সাথে সবকিছু পরিবর্তনশীল
পুরাতন হারিয়ে যায়, নতুনে হয় গতিশীল।
আগে টেকনোলজি ছিলনা সহজলভ্য
এানুষ কিছুক্ষেত্রে ছিল অনেক সভ্য।

বর্তমানে টেকনোলজির বিশাল উন্নতি
পৃথিবী আজ হাতের মুঠোয়, আছে পেটেন্ট ও স্বীকৃতি।
মোবাইল-নেটপ্রযুক্তি আজ নিত্য সঙ্গী
এতে বদলে দেয় মন, মানুষের চেতনা আর দৃষ্টিভঙ্গি।

নেটওয়ার্কে চলে অফুরান ভালোবাসা
ডেটা বয়ে আনে মনের ভাষা।
সেকেন্ড, মিনিট ও ঘন্টা হারায় সব হিসাব
নেটওয়ার্কেই গড়ে ওঠে মনের গভীর অনুভব-ভাব।

নেটওয়ার্কে প্রেমও ভালোবাসা, নিঃশব্দে গভীর কথা
আসলে কি ছুঁয়ে যায় হৃদয়ে ব্যথা?
সরাসরি যোগাযোগ হ্রাস পেয়েছে বেশি
নেটওয়ার্কে অডিও-ভিডিও যোগাযোগ বেড়েছে রাশিরাশি।

ফাইভ-জি যুগে দ্রুতগতির চিন্তাধারা
নতুন নতুন শব্দবদলায় জীবনের গতিধারা।
প্রেম হোক সত্য, প্রযুক্তিতে আলো
মানবিকতার তরে উঠুক সবকিছু ভালো।

তবুও দেখা হোক

খুরশীদ ইসলাম রুবেল

মান-অভিমান, অকারণ ভুল-বোঝাবুঝি
সবকিছুর অবসান ঘটিয়ে দুজনের
দেখা হোক কোনো নিরপেক্ষ ভেন্যুতে।

দেখা হোক বিস্তীর্ণ ফসলি জমির আলপথে,
হেঁটে হেঁটে দুজন হাত ধরে
দূর বহুদূর যেতে যেতে।
হোক না হিজলের বনে পথ ভুলে হারিয়ে গিয়ে।

দেখা হোক সাগরসৈকতে,
ফেনিল জলরাশি এসে স্পর্শ করুক
তোমার নগ্ন পদযুগল।

সাজেক ভ্যালির সর্বোচ্চ চূড়ায় বসে
মেঘ ছুঁয়ে দেখা হোক সূর্যোদয়, সূর্যাস্ত।

তবুও দেখা হোক
হোক ভুলের অবসান।

পথিক

লুৎফুর রহমান চৌধুরী

জীবনে কতো নদী পাড়ি দিয়েছি হিসাব নেই
সাঁকো পাড় হয়েছি অন্ধের মতো দুরন্ত গতিতে
পায়ের চিহ্নগুলো হয়তো আজও লেগে আছে,
সেই চেনা জানা সাঁকোর নিরব গায়ে!
ঘাসের বুক ছিঁড়ে হেঁটে গিয়েছি অজস্র পথ
হয়তো পায়ের পিষ্টে কতো ঘাসের মৃত হয়েছে!
খামখেয়ালী মন আকাশে উড়া ঘুড়ির মত ছিল
ডান বাম হিসাব করে উড়েনি কখনো,
ভুলগুলো ছিলো তখন দুই চোখে সত্যের প্রদীপ।

বিকেলের ঘাম ঝরতে না ঝরতে সন্ধ্যা এলো
কালো মেঘ আকাশে উড়ে বেড়াচ্ছে--
ক্লান্ত শরীরে ব্যথার দল খুশিতে নৃত্য করছে
দু'পায়ে লেগে আছে আঠালো কাদামাটি
দুটি চোখে আটকে আছে সাগর সমান জল
দুঃখ জীবনটাকে যেন করে রেখেছে অচল
পথ খুঁজতে গিয়ে বাধার সম্মুখীন হতে হচ্ছে
যখন সামনে পা বাড়াতে যাই--
তখনই অদৃশ্য ছায়া পিছনে টেনে নিয়ে যায়।

হেমন্ত এলো

সুফিয়ান আহমদ চৌধুরী

হেমন্ত এলো গাঁও গেরামে
পড়েছে কী যে সাড়া,
ধানের ঘ্রাণে ব্যা কুল মন
মনটা মাতোয়ারা।
হেমন্ত এলো কিষাণ পাড়া
আনন্দে জাগে সুখে,
ধানের মাঠে দুলছে ধান
কতই খুশি মুখে।
হেমন্ত এলো তুলছে ধান
সুখের বান বয়,
দুচোখ জুড়ে অথই খুশি
উজালা মনে রয়।
হেমন্ত এলো দুঃখটা ভুলে
খুশির গান গায়,
নতুন চালে পিঠে পায়েস
উঠোন রোদে খায়।
হেমন্ত এলো জেগেছে গাঁও
আলোর মেলা রোজ,
প্রবাসে থেকে স্বদেশ মনে
হেমন্ত করে খোঁজ।

২. নবান্ন সুখে
হেমন্ত এলো মাঠের ধান
ছড়ায় মিষ্টি ঘ্রাণ,
দুলছে কী যে হলদে ধান
নেয় তো জুড়ে প্রাণ।
চাষির মুখে রঙিন হাসি
কেমন রাঙা সুখ,
নতুন ধানে খুশির ঝলক
উজালা তার মুখ।
তুলছে ধান নবান্ন সুখে
তুলছে চাষি ঘরে,
নতুন ধানে হরেক পিঠে
কতই খুশি করে।
গানের আসর রাতের বেলা
উঠোন করে আলো,
ধানের মেলা উঠোন জুড়ে
লাগছে মনে ভালো।
ঝুটুন আসে রঙিন মুখ
নতুন চালে ভাত,
নবান্ন সুখে উজালা ঘর
যায় তো সুখে রাত।

Prince Harry says he wants to reconcile with family

Ajkal Desk

Prince Harry has said he hoped to reconcile with King Charles and the rest of his family with whom he fell out when he moved to the United States six years ago.

Harry, 42, the king's younger son, caused a huge rupture in the British royal family when he and his wife Meghan quit royal duties and moved to California in 2020 from where they were highly critical of the institution.

He has barely spoken to his older brother, heir Prince William, for years, and his family has only recently met up again with his father. In an interview with GQ magazine, Harry, who recently relocated back to Britain with Meghan and their two children, said he wanted to patch things up.

'MOST IMPORTANT THING IS TO RECONCILE'

"With everything else that's going on in the world, the most important thing is to reconcile," he told GQ.

He said he could understand the fascination with his family's situation as people could relate to it.

"There's sibling disagreements, there's broken relationships between kids and their parents, kids and one parent," he said.

Some people might be inspired by efforts to reconcile and this could help their own relationships.

"And some people don't want it to work out. I want it to work out," he added.

Harry's spokesperson said those latter comments were not meant as a swipe at William or any other family members.

(Reuters)

Republicans Employ Anti-Muslim Rhetoric in U.S. Midterm Elections

Ajkal report

The United States midterm elections are set for November 3. Contests are being held for 35 seats in the Senate and 435 seats in the House of Representatives. The Republican Party currently holds the majority in both chambers of Congress. Furthermore, Donald Trump, a Republican, occupies the White House. While the presidency itself is not at stake in these midterms—the next presidential election will take place in 2028—these elections remain highly significant in American politics. Congress serves as a check on the president, capable of holding the administration accountable and curbing unilateral executive authority. Most polls suggest a potential victory for the Democrats; to secure a majority in Congress, the Democrats must retain their existing seats while also flipping four Senate seats and seven House seats currently held by Republicans. Trump is desperate for a victory in these midterms, promising $5,000 to voters and $8 billion in aid to farmers should his party win. In addition to these financial pledges, Trump has characterized Democratic supporters as "militant Muslims" and "communists." It is worth noting that the majority of American Muslims typically vote for the Democratic Party. At a campaign rally last Tuesday, Trump warned that if the Republicans fail to win, the United States could face a situation similar to that in France, claiming that Muslims there are inciting riots and "taking over" the city of Paris.

Last week, at a separate rally, Republican Vice Presidential candidate J.D. Vance labeled Abdul El-Sayed—a Muslim Democratic candidate running for the U.S. Senate from Michigan—a "very bad person." Vance alleged that comments made by El-Sayed following an attack on a synagogue in a Detroit suburb in March were tantamount to an endorsement of terrorism. El-Sayed has since expressed regret for his remarks. Texas's Republican Governor, Greg Abbott, is facing a tough battle for re-election. He has openly Continued on page 26

Adam Hamilton

Roger Marshall

Will Democrats Win in Kansas After 94 Years?

An Anxious Trump Announces $8 Billion for Farmers

Monowarul Islam

Kansas is an agricultural state—a conservative stronghold and a Republican bastion. High costs for fuel and agricultural supplies are currently testing the loyalty of Republican voters. No Democratic candidate has won a Senate election in the state for the past 94 years. This time, however, the situation is different; the seat is at risk of slipping from Republican hands. Both the Republican Party and the President are concerned. While campaigning for his party's candidate, Trump announced that the U.S. Department of Agriculture would launch a "Harvest Fuel Relief Program." Through this initiative, $8 billion will be provided to farmers to help alleviate the burden of increased diesel costs during the harvest season—a glimmer of hope for frustrated farmers ahead of the election.

The Democratic candidate for this Senate seat, Adam Hamilton, a pastor at a megachurch is locked in a tight race against the incumbent Republican U.S. Senator, Roger Marshall. Polls from The New York Times/Siena and Emerson College indicate a highly competitive contest in a state where Republican Donald Trump secured over 57% of the vote in 2024. Now, the landscape for the Senate election appears to be the complete opposite.

This unexpectedly fierce contest reflects the internal pressures within a Republican stronghold. Democrats argue that the Continued on page 26

Community Grieves the Loss of Dancer and Cultural Organizer Tahsin

Anik Raj

The Bangladeshi community in New York is in deep mourning following the loss of talented dancer and cultural organizer Tahsin Ferdous. Tahsin Ferdous (35)—a prominent dancer, educator, and the only daughter of Annie Ferdous (co-founder and director of the Bangladesh Institute of Performing Arts, or BIPA) and engineer Zafar Ahmed—has passed away. Her death has cast a shadow of grief over the community. BIPA is the largest cultural institution for the Bangladeshi diaspora in New York, serving as the place where thousands of children have taken their first steps into the worlds of music and dance. Tahsin was both an alumna and a teacher at the institution, as well as a teacher within the New York City public school system.

She passed away in the early hours of Sunday, October 18 (local time), while undergoing treatment at Jamaica Hospital in Queens, New York. She is survived by her American husband, their young son Lucas, her parents, and numerous relatives, colleagues, and well-wishers.

Following a sudden and severe viral infection, she was admitted to Jamaica Hospital on Saturday. As her condition deteriorated rapidly, she was moved to the Intensive Care Unit (ICU). Despite the best efforts of the medical team, the infection spread throughout her body, and she could not be saved.

Professionally, Tahsin Ferdous served as a teacher for the New York City Department of Education. Beyond her professional career, she was highly regarded within the Bengali cultural sphere for her expertise in traditional dance. Inspired by her mother, she began her dance training in childhood at BIPA.

Through her work with BIPA and the Shiv Jyoti Dance Academy, Tahsin frequently performed on mainstream cultural stages across New York and at significant events within the Bangladeshi diaspora, showcasing and promoting Bengali cultural heritage. Beyond his cultural pursuits, he was also actively involved in initiatives to protect the civil rights of local Bangladeshi immigrants—including those in the Kensington neighborhood of Brooklyn—and participated in various social welfare endeavors.

The sudden passing of this promising artist at the age of just 35 has cast a pall of deep grief over the expatriate Bengali community and the cultural sphere in New York. Leaders of various social and cultural organizations have prayed for the eternal peace of his departed soul and extended their deepest Continued on page 26

Can Trump create obstacles even if the Democrats win the US midterm elections?

Shah Nawaz

The midterm elections are set for November 3. The opposition Democratic Party appears almost certain to win. With only 10 days left until the election, President Trump is already making baseless claims of widespread voter fraud. Democrats fear that the federal government might intervene significantly in the midterm elections. Those who win on November 3 will arrive at Capitol Hill on January 3 to take their seats in Congress. If the Democrats win, could the Republicans prevent them from assuming office? This question is already being raised. There might be an opportunity for interference when the new congressional leadership takes over in January; however, most legal experts believe such a scenario is highly unlikely.

According to opinion polls, the Democrats are likely to gain control of the House of Representatives. Given this, some lawmakers and commentators are pointing toward a potential post-election scenario: at the urging of President Trump, Republicans in Congress might attempt to block the elected Democrats from taking office.

Brian C., a law professor at Michigan State University... Kalt told The New York Times, "A lot of things would have to line up perfectly for this to happen-which, to me, seems highly unlikely."

During the 2020 election, there was similar speculation that Republican lawmakers, under pressure from President Trump, might challenge the Electoral College results that secured Joe Biden's victory. That is precisely what unfolded on January 6, 2021, when Trump supporters attacked the Capitol. Despite this, a significant number of Republicans-defying Trump's intimidation-voted to certify the election results. Now, amid similar concerns for 2026, two moderate members of Congress (from both parties) have urged their colleagues to commit to respecting the election outcome and to oppose any efforts to obstruct or delay the winners from taking office. Hakeem Jeffries, the Democratic Representative from New York and Minority Leader, stated that his party is preparing for all contingencies-including ensuring that the verdict delivered by the American people in the November 3 general election is upheld when the new Congress convenes on January 3.

Under the Constitution, individual states hold the authority to conduct their own elections. They certify the winning candidates and transmit the official election results to the House of Representatives and the Senate. For decades, this certification process was routine. However, since the 2020 election, some state officials have voted against certifying election results or threatened to refuse certification altogether. While these attempts have not succeeded, they have often necessitated intervention by other officials and the courts.

Some federal election experts believe this could represent the most Continued on page 26

Public Design Commission Delays Metropolitan Park casino vote

Ajkal Report

The city's Public Design Commission unanimously voted to table its vote on the design of a public-facing portion of the Metropolitan Park casino after a number of people testifying in opposition to the project on Tuesday raised concerns about the $8 billion complex's impact on the local environment.

The commission, which is tasked with reviewing and approving the design of buildings, art or other structures proposed on city-owned property, delayed its vote on a crucial section of Steve Cohen and Hard Rock's Metropolitan Park casino and entertainment complex following a public hearing on Tuesday.

Their reluctance to vote on the project came after a vast majority of those testifying said they opposed Metropolitan Park, including some who claimed the complex would do little to mitigate flooding issues that already plague the northwestern section of the World's Borough.

The commission initially set out to review only a section of the project's design – the stairway and balcony area of the casino, which Continued on page 26

Trump Renews Call to Rename the State of New Mexico

Rejected by Democratic Governor Michelle Lujan Grisham

Ajkal Report



New Mexico is one of the 50 states of the United States. President Trump is adamant about renaming the state "New America." On Monday, he urged the state of New Mexico to change its name to "New America"-the latest in his series of efforts to alter geographical names.

Just before departing the White House for a midterm election campaign event in Kansas, Trump wrote on the "Truth Social" platform: "New Mexico should immediately change its name to 'New America.' We are not Mexico; we are the United States of America!"

His remarks regarding New Mexico come at a time when Republicans are anxious about maintaining their majority in Congress in the November elections. Public opinion polls indicate that voters feel the President is not paying sufficient attention to the nation's most pressing issues. In the November 3rd elections, Trump's Republican Party risks losing control of both chambers of Congress-the Senate and the House-largely due to Trump's own unpopularity.

Without providing any evidence, Trump claimed that such a name change would "increase home values and people's incomes." Furthermore, reiterating his baseless allegations of election fraud, he added, "Perhaps New Mexico-known for its 'rigged elections'—might finally become honest and fair!"

Trump has suggested renaming New Mexico in the past, though never with such insistence. In September, he posted a map of the state on social media in which the word "Mexico" was crossed out and replaced with "America." This image was also reshared via the White House's official account on X (formerly Twitter).

As part of an ongoing trade war with Canada, he signed an executive order in August directing that 'Lake Ontario' be renamed Continued on page 26

Tom Cruise to receive AFI Life Achievement Award

Ajkal Desk

Tom Cruise, one of Hollywood's most celebrated actors and a prominent advocate for the theatrical film experience, has been selected to receive the American Film Institute's (AFI) 52nd Life Achievement Award.

The 64-year-old will be honoured at a gala at the Dolby Theatre in Los Angeles on April 24, 2027. The ceremony will celebrate his career with highlights from his filmography, tributes from friends and longtime collaborators, and an acceptance speech.

Kathleen Kennedy, chair of AFI's board of trustees, described Cruise as a global icon, praising his dedication as an actor and producer. She also highlighted his belief in cinema's power to unite people, saying his passion had made him a prominent representative of American filmmaking worldwide.

Kennedy said AFI was honoured to present him with the award, one of the film industry's most prestigious career honours.

Over a 45-year career, Cruise has starred in films that have earned nearly US $13 billion worldwide. He has received three Oscar nominations for acting and another as a producer of "Top Gun: Maverick", alongside an honorary Oscar in 2025.

His filmography includes "Risky Business", "Jerry Maguire", "Minority Report", "A Few Good Men", "Rain Man", "Magnolia", "The Firm", "Born on the Fourth of July" and "The Color of Money", as well as the "Mission: Impossible" and "Top Gun" franchises. He most recently starred in Alejandro González Iñárritu's "Digger".

Cruise has also been honoured by the Cannes Film Festival and the Producers Guild of America. His other accolades include France's Knight of the Legion of Honour, the Simon Wiesenthal Center's Humanitarian Award and the Will Rogers Motion Picture Pioneers Foundation's Pioneer Award.

AFI is a non-profit organisation dedicated to promoting the moving image as an art form. Proceeds from the gala will support its arts and education programmes.

লেখকের অঙ্গনের ৩০তম গ্রন্থালোচনা অনুষ্ঠিত

৩ পৃষ্ঠার পর

এ,বি,এম, সালেহউদ্দিন আলোচনার প্রারম্ভে বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের বহুমুখী বিচিত্র প্রতিভার উপর আলোকপাত করেন। কবি কর্তৃক অনূদিত পারস্য কবির 'রুবাইয়াৎ-ই-ওমর খৈয়াম' বইটির বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক, কবির কাব্য শৈলী, ভাষা এবং বিষয়বস্তুর গভীরতা নিয়ে তাঁর অনুভূতি ব্যক্ত করেন। আলোচনায় মুগ্ধতার আবেশ ছড়িয়ে বলেন, মূল ফার্সি ভাষা থেকে বাংলায় অনূদিত এই অনবদ্য কাজটি নজরুলের দ্বারা কীভাবে সফল হয়েছে, তা ছিল রীতিমতো বিস্ময়কর। তিনি বলেন এই অনুবাদের মাধ্যমে বিভিন্ন ভাষার উপর নজরুলের মেধা, দক্ষতা এবং বহুমুখী প্রতিভার স্ফুরণ বিশেষভাবে লক্ষণীয়। বাংলা সাহিত্যে নজরুল অনূদিত 'রুবাইয়াৎ-ই-ওমর খৈয়াম' এক অমূল্য সম্পদ হিসেবে বিবেচিত হবে।

কবি,কথাসাহিত্যিক মনিজা রহমানের মননশীল আলোচনায় উঠে আসে প্রখ্যাত সাহিত্যিক আকতারুজ্জামান ইলিয়াস'এর রচিত প্রথম উপন্যাস 'অন্য ঘরে অন্য স্বর' স্বাধীনতাত্তোর বাংলাদেশের সামাজিক, অর্থনৈতিক এবং রাজনৈতিক পটভূমিকায় রচিত এই উপন্যাসের ভিতর দেখানো হয়েছে সামাজিক এবং রাজনৈতিক অবক্ষয়ের কারণে মানুষের নৈতিক স্খলনের বিকৃত রূপ। এই বইয়ে লেখক তাঁর অন্তর্দৃষ্টি থেকে উৎপাটিত নগর কেন্দ্রিক সভ্যতার রূঢ় বাস্তব চিত্র তুলে ধরেছেন।

পরবর্তী আলোচক লেখক,কবি, সুস্মিত বড়ুয়া আলোচনা করেন আনোয়ারা বেগম কর্তৃক বাংলায় অনূদিত উর্দু সাহিত্যের বিশিষ্ট লেখক কিষাণ চন্দর রচিত বিখ্যাত 'গাদ্দার' উপন্যাসের বিষয় বস্তু এবং দেশ ভাগের অব্যবহিত পরবর্তী ভারতবর্ষে সাম্প্রদায়িক দাঙ্গার ফলে মানুষের দুঃখ-দুর্দশা এবং অবর্ণনীয় কষ্ট ও অনুভূতির কথা। তাঁর আলোচনায় সেই সময়কার ধর্মীয়, সামাজিক এবং রাজনৈতিক চিত্রের বাস্তবতা তুলে ধরেন।

ফিলাডেলফিয়া থেকে আগত কবি কাউসারী মালেক রোজী আলোচনা করেন তাঁর লেখা নিবন্ধ 'আধুনিক কালে সম্পর্কের টানাপোড়েন' লেখকের আলোচনায় উঠে এসেছে মননশীল সাহিত্য সৃষ্টির নিজস্ব ধারার স্বাপ্নিক রূপ এবং এর বিন্যাস। সৃজনশীল সাহিত্য সৃষ্টির ক্ষেত্রে তাঁর চিন্তার প্রসারতা ও প্রেরণার উৎসধারা লেখকের সাবলীল প্রকাশের মাধুর্যতায় মূর্ত হয়ে ওঠে।

সর্বশেষ আলোচক বিশিষ্ট লেখক,গবেষক আহমাদ মাযহার আলোচনা করেন, ইমতিয়ার শামীম এর বই 'নতুন কবিতার কাল ৩৯: এই বইটি মূলত বিস্মৃতপ্রায় কবি,লেখক- চৌধুরী ওসমানকে নিয়ে একটি স্মৃতির আকর গ্রন্থ।

বাংলা সাহিত্যের বিভিন্ন দিকপাল লেখক,কবি, সাহিত্যিকদের পত্রালাপ নির্ভর একটি স্মরণীয় সংকলন। আলোচকের বস্তুনিষ্ঠ আলোচনায় উঠে আসে চৌধুরী ওসমানকে নিয়ে বাংলা সাহিত্য পরিমণ্ডলে বিজ্ঞজনের শ্রদ্ধা, ভালোবাসা এবং নির্মল আনন্দমিশ্রিত অনুভূতির নান্দনিক প্রকাশ। পরিশেষে লেখকের অঙ্গনের পরিচালক,সঞ্চালক নীরা কাদরী সম্মানিত আলোচকবৃন্দ, উপস্থিত সুধী, লাইব্রেরি কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়ে গ্রন্থালোচনার সমাপ্তি ঘোষণা করেন।

অন্তর্ভুক্তিমূলক রাজনীতিতে বাংলাদেশ প্রেক্ষিত

১২ পৃষ্ঠার পর

রক্তারক্তি দেখে অশোক যুদ্ধ নীতি ত্যাগ করেন এবং 'ধর্ম' বা নৈতিক জীবনধারা প্রচার শুরু করেন। তিনি তার বিশাল সাম্রাজ্যে বিভিন্ন ধর্ম, জাতি ও মতাবলম্বী মানুষের মধ্যে ধর্মীয় সহনশীলতা ও সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠা করেন। তার শিলালিপিতে স্পষ্ট উল্লেখ ছিল যে, রাজা সব প্রজাকে নিজের সন্তানের মতো দেখেন এবং সবার কল্যাণ নিশ্চিত করাই তার ধর্ম।

মোগল সম্রাট আকবরের 'দীন-ই-ইলাহী' ও 'সুলাহ-ই-কুল' (১৬শ শতক) ঘোষণা করে মোগল সাম্রাজ্যে সংখ্যাগরিষ্ঠ হিন্দু এবং সংখ্যালঘু মুসলিমদের মধ্যে রাজনৈতিক ও সামাজিক ভারসাম্য বজায় রাখতে সম্রাট আকবর অন্তর্ভুক্তিমূলক নীতি গ্রহণ করেন। তিনি 'সুলাহ-ই-কুল' বা সবার জন্য শান্তি নীতি এবং ধর্মীয় সমন্বয়বাদী 'দীন-ই-ইলাহী'র প্রবর্তন করেন। সম্রাট আকবর অমুসলিমদের ওপর থেকে বৈষম্যমূলক 'জিজিয়া কর' তুলে নেন। একই সাথে রাজপুতসহ হিন্দু নেতাদের সাম্রাজ্যের উচ্চ রাজনৈতিক ও সামরিক পদে যেমন: রাজা মানসিংহ, বীরবল সহ বহু নেতাকে গুরুত্বপূর্ণ পদে অন্তর্ভুক্ত করেন, যা মোগল শাসনকে দীর্ঘস্থায়ী করতে সাহায্য করেছিল।

সদ্য স্বাধীন ১৯৭১ সালের বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্র বাংলাদেশের জন্মই হয়েছিল একটি চরম বৈষম্যমূলক রাষ্ট্রব্যবস্থা (পাকিস্তান) থেকে অন্তর্ভুক্তিমূলক ও সাম্যবাদী সমাজ প্রতিষ্ঠার উদ্দেশ্যে। এখানে উল্লেখিত উদ্যোগ গ্রহণ করে ১৯৭১ সালের ১০ এপ্রিল গঠিত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের স্বাধীনতার ঘোষণাপত্রে রাষ্ট্রের মূল ভিত্তি হিসেবে তিনটি নীতি ঘোষণা করা হয়: সাম্য , মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচার।

পাকিস্তান আমলে বাঙালিরা যে রাজনৈতিক ও অর্থনৈতিক বৈষম্যের শিকার হয়েছিল, স্বাধীন বাংলাদেশে তা দূর করে ধর্ম-বর্ণ-লিঙ্গ নির্বিশেষে সব নাগরিকের সমান অধিকারের অঙ্গীকার করা হয়, যা ১৯৭২ সালের সংবিধানেও প্রতিফলিত হয়েছিল। পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি (১৯৯৭) হয়। বাংলাদেশের পাহাড়ি অঞ্চলে (পার্বত্য চট্টগ্রাম) নৃগোষ্ঠী বা ক্ষুদ্র জাতিসত্তার মানুষেরা দীর্ঘদিন ধরে নিজেদের অধিকার ও স্বায়ত্তশাসনের দাবিতে সশস্ত্র লড়াই করছিল। এখানে উল্লেখিত উদ্যোগের মাধ্যমে ১৯৯৭ সালে বাংলাদেশ সরকার এবং জনসংহতি সমিতির মধ্যে ঐতিহাসিক পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির মাধ্যমে পাহাড়ি আদিবাসীদের রাজনৈতিক, সাংস্কৃতিক ও ভূমির অধিকারের স্বীকৃতি দেওয়া হয়। গঠন করা হয় 'পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ', যার ফলে মূলধারার রাষ্ট্রীয় রাজনীতি ও উন্নয়নে এই প্রান্তিক জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করার আইনি পথ তৈরি হয়।

ভারতের সংবিধানে দলিত ও অনগ্রসরদের জন্য কোটা ব্যবস্থা ১৯৫০ প্রচলন করা হয়। দক্ষিণ এশিয়ার সমাজ ব্যবস্থায় কাস্ট বা জাতিভেদ প্রথা ছিল এক বিশাল বৈষম্যের নাম। যেখানে নিম্নবর্ণের মানুষ বা দলিতরা রাজনীতি ও শিক্ষার অধিকার থেকে বঞ্চিত ছিল। ভারতের সংবিধান প্রণেতা ড. বি. আর. আম্বেদকর (যিনি নিজে একজন দলিত ছিলেন) সংবিধানে অনগ্রসরদের অন্তর্ভুক্ত করার জন্য বিশেষ ব্যবস্থা রাখেন। সংবিধানে তফসিলি জাতি এবং তফসিলি উপজাতিদের জন্য সংসদ, সরকারি চাকরি এবং শিক্ষাপ্রতিষ্ঠানে আসন বা কোটা সংরক্ষিত করা হয়। এর ফলে ভারতের রাজনীতিতে একসময়কার চরম নির্যাতিত প্রান্তিক জনগোষ্ঠী ক্ষমতার মূলধারায় উঠে আসতে সক্ষম হয়।

পার্শ্ববর্তী নেপালের ধর্মনিরপেক্ষতা ও সমানুপাতিক প্রতিনিধিত্ব (২০০৬-২০১৫) চালু হয়। নেপাল দীর্ঘকাল ধরে একটি হিন্দু রাজতান্ত্রিক দেশ ছিল, যেখানে নির্দিষ্ট কিছু জাতি ও রাজপরিবারের মানুষই ক্ষমতা ভোগ করত। ২০০৬ সালের গণ-আন্দোলন এবং মাওবাদী গৃহযুদ্ধের অবসানের পর নেপাল রাজতন্ত্র থেকে একটি ধর্মনিরপেক্ষ ফেডারেল প্রজাতন্ত্রে রূপান্তরিত হয়। ২০১৫ সালের নতুন সংবিধানে নেপাল পার্লামেন্টে সমানুপাতিক নির্বাচনী ব্যবস্থা চালু করে। এর মাধ্যমে রাজনীতিতে মদেশী, আদিবাসী, দলিত এবং নারীদের অংশগ্রহণ বাধ্যতামূলক করা হয়, যা দেশটির ইতিহাসে সবচেয়ে বড় অন্তর্ভুক্তিমূলক রাজনৈতিক সংস্কার। প্রাচীন কাল থেকে শুরু করে পৃথিবীর বিভিন্ন দেশে এবং দক্ষিণ এশিয়ার এই ইতিহাসগুলো পর্যালোচনা করলে দেখায় যে, যখনই কোনো রাষ্ট্র তার বৈচিত্র্যকে মেনে নিয়ে সবাইকে রাজনীতিতে জায়গা দিয়েছে, তখনই সেখানে স্থায়িত্ব ও সমৃদ্ধি এসেছে।

বিগত ২০২৪ সালের ৫ ই আগস্ট পটপরিবর্তনের পরিপ্রেক্ষিতে যে রাজনৈতিক শূন্যতা দেখা যাচ্ছে , বাংলাদেশের রাজনীতিতে অন্তর্ভুক্তিমূলক রাজনীতির প্রয়োগ ছাড়া আর বিকল্প কোনো রাজনীতি কার্যকর নয় বলে অনেকেই মতামত ব্যক্ত করেছেন।

লেখক: কবি ও রাজনৈতিক বিশ্লেষক

প্রবাসী গণমাধ্যম : সেতু, নাকি নিজস্ব জগৎ?

১২ পৃষ্ঠার পর

ঝুঁকি শুধু প্রবাসী গণমাধ্যমের নয়, সমগ্র ডিজিটাল সংবাদজগতের। তাই প্রযুক্তির পাশাপাশি তথ্য যাচাই, প্রাসঙ্গিক ব্যাখ্যা ও ভিন্ন অভিজ্ঞতার প্রতি মনোযোগ জরুরি। প্রবাসী গণমাধ্যমের সীমাবদ্ধতা বিচার করতে গিয়ে তার প্রাতিষ্ঠানিক বাস্তবতাও মনে রাখা দরকার। ছোট প্রকাশনার অর্থ, জনবল ও সময় সীমিত হতে পারে; অনেক উদ্যোগ স্বেচ্ছাশ্রমের ওপর নির্ভর করে চলে। ফলে নিয়মিত সংবাদ সংগ্রহ বা অনুসন্ধানী প্রতিবেদন তৈরিতে বাধা তৈরি হয়। বিজ্ঞাপন ও পৃষ্ঠপোষকতার ওপর নির্ভরতার প্রশ্নও গুরুত্বপূর্ণ, যদিও তার প্রভাব প্রতিষ্ঠানভেদে আলাদা। সীমিত সম্পদকে অজুহাত করে সাংবাদিকতার দায়িত্ব এড়িয়ে যাওয়া যেমন ঠিক নয়, তেমনি বাস্তব সীমাবদ্ধতা উপেক্ষা করে সব প্রতিষ্ঠানের কাছে একই সামর্থ্য প্রত্যাশা করাও ন্যায্য নয়। তথ্যের নির্ভুলতা, সম্পাদকীয় সততা ও পাঠকের আস্থা ছোট গণমাধ্যমেরও বড় শক্তি হতে পারে।

তাহলে প্রবাসী গণমাধ্যমের নিজস্ব জগৎ কি তার সীমাবদ্ধতা? বিষয়টি এত সরল নয়। বৃহত্তর সংবাদমাধ্যমে যথেষ্ট জায়গা না পাওয়া কোনো ভাষা, সংস্কৃতি বা জনগোষ্ঠীর অভিজ্ঞতা তুলে ধরতে নিজস্ব পরিসর প্রয়োজন। সেই পরিসর মানুষকে দৃশ্যমান করে এবং সাংস্কৃতিক ধারাবাহিকতা বজায় রাখতে সাহায্য করে। নিজস্বতা তাই বিচ্ছিন্নতার সমার্থক নয়। প্রশ্নটি নিজস্ব পরিসর থাকবে কি না, তা নয়; বরং সেই পরিসর কতটা উন্মুক্ত, বহুস্বরিক এবং বৃহত্তর সমাজের সঙ্গে সংযুক্ত।

এই সংযোগ বাড়াতে প্রবাসী গণমাধ্যম স্বদেশ ও প্রবাসের সংবাদকে পরস্পরের সঙ্গে সম্পর্কিত করে তুলতে পারে। অভিবাসী শ্রম, শিক্ষা, পরিবার, নাগরিক অধিকার, ভাষা ও সংস্কৃতির পরিবর্তন নিয়ে প্রতিবেদন দুই ভূখণ্ডের পাঠককে একে অপরের জীবন বুঝতে সাহায্য করতে পারে। নতুন প্রজন্মকে শুধু পাঠক হিসেবে নয়, লেখক, সংবাদদাতা ও আলোচনার অংশীদার হিসেবেও যুক্ত করা প্রয়োজন। যাঁদের অভিজ্ঞতা সাধারণত কম দৃশ্যমান, তাঁদের বক্তব্যের জন্য জায়গা তৈরি করাও জরুরি। সব প্রতিষ্ঠানের পক্ষে সবকিছু করা সম্ভব নয়; কিন্তু নিজেদের সামর্থ্যের মধ্যে তথ্যের নির্ভুলতা, মতের বৈচিত্র্য ও জনস্বার্থকে গুরুত্ব দেওয়ার চেষ্টা থেকেই অর্থবহ পরিবর্তন শুরু হতে পারে।

শেষ পর্যন্ত প্রবাসী গণমাধ্যমের মূল্যায়ন শুধু এই দিয়ে করা যায় না যে, তা কত দ্রুত স্বদেশের খবর পৌঁছে দেয় কিংবা কত পাঠকের কাছে পৌঁছায়। আরও গুরুত্বপূর্ণ হলো, তা কত মানুষের অভিজ্ঞতাকে দৃশ্যমান করে এবং কতটা পারস্পরিক বোঝাপড়ার সুযোগ তৈরি করে। নিজের ভাষা, সংস্কৃতি ও স্মৃতির জন্য একটি পরিসর থাকা প্রয়োজন; কিন্তু সেই পরিসর যদি নতুন প্রশ্ন, ভিন্ন অভিজ্ঞতা ও বৃহত্তর সমাজের জন্য উন্মুক্ত থাকে, তবে তা বিচ্ছিন্ন দ্বীপ না হয়ে সেতু হয়ে উঠতে পারে। প্রবাসী গণমাধ্যমের সামনে তাই প্রশ্নটি শুধু নিজের পরিচয় ধরে রাখার নয়-নিজের পরিচয় অক্ষুণ্ণ রেখেই অন্যের বদলে যাওয়া জীবনকে কতটা বুঝতে পারার।

লেখক: জহিরুল ইসলাম; সাংবাদিক ও কলামিস্ট
zahirulislam2933@gmail.com

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ
- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি

Member of

FRANCHISE BROKER ACADEMY

FRANCHISE | L1A VISA | E2 VISA | POLITICAL ASYLUM

Captor USA, Inc.

Franchise & Business Consulting Firm

37 16 73rd street, Suite: 402, Jackson Heights, NY 11372.

Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590

Cell: (201) 456-3103, Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

হটলাইন : +১ ৭১৮ ৪৩৩ ৯০০১

সপ্তাহে ৭ দিনই খোলা

TUITION FREE TAX SCHOOL*

লিবার্টি ট্যাক্স স্কুল

BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

and Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

The Tuition Fee is Free but the cost of books and materials varies on Schedule & Location

- Day and Evening Classes are available for your convenience.

PLEASE CONTACT : (718) 297-3500

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435

Email: libertytaxschool101@gmail.com (আল আকসা রেস্টুরেন্টের উল্টো দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave Train Station, Close by F & E Train)

ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান যা বললেন

১ পৃষ্ঠার পর

উৎসবমুখর পরিবেশে ভোট দেবেন। এটাই আমাদের প্রত্যাশা। ভোটের পর আমরা সকলেই পক্ষ বিপক্ষ ভুলে যাব।। সবাই মিলেই বাংলাদেশ সোসাইটিকে সামনের দিকে এগিয়ে নিতে হবে। যারাই বিজয়ী হবেন তাদের প্রতি রইলো আগাম শুভেচ্ছা।

আমি অত্যন্ত আশাবাদি এই নির্বাচন নিয়ে। দুই প্যানেলের প্রার্থীরাই বাংলাদেশি কমিউনিটি ভোটারদের কাছে যাচ্ছেন তাঁদের নির্বাচনি ইশতেহার নিয়ে। ভোটাররা সকল ক্ষমতার উৎস। প্রকৃতপক্ষে আমরা সকলে কমিউনিটির জন্য কাজ করতে চাই

বাংলাদেশি ভাইবোনদের প্রতি আহবান, ২৫ অক্টোবর ভোট দিতে আসুন। যাকে খুশি তাকে ভোট দিন। ভোট উৎসবে শরিক হোন।

সোসাইটির নির্বাচন ঠেকাতে দিনভর নাটক

১ পৃষ্ঠার পর

বিবেচনায় নেয়নি। ক্ষুব্ধ ওসমান গতকাল বৃহস্পতিবার আদালতে যান। তবে মামলা দায়ের করতে পারেননি। ওসমান চৌধুরী আজকালকে বলেন, কোর্টের কম্পিউটারের সমস্যা থাকায় সম্ভব হয়নি। শুক্রবার সকাল ১০টায় আমার আবেদনের ওপর হেয়ারিং হবে। সোসাইটির প্রধান নির্বাচন কমিশনার আবু নাছের আজকালকে বলেন, কানেকটিকাটের সাবেক প্রার্থীর আবেদন নাকচ হয়ে গেছে। আমাদের এটর্নি আদালতে ছিলেন। তিনি ওসমান চৌধুরীকে দেখেননি। তবে আমাদের এটর্নি কোর্ট ক্লার্ককে বলেছেন, কোন মামলার ওপর হেয়ারিং করতে হলে আমাদের ২৪ ঘণ্টা সময় দিতে হবে।

আবু নাছের বলেন, নির্বাচন বন্ধের কোন অপচেষ্টা আমরা মেনে নেব না। আমাদের এটর্নিরা সজাগ রয়েছেন। নির্বাচন যথাসময়ে সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হবে। সবার সহযোগিতা চাই।

কুনু-ফিরোজ পরিষদের নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়ক বাবুল চৌধুরী আজকালকে বলেন, নির্বাচন নিয়ে বিভ্রান্তি ছড়ানো উচিৎ না। হাজার হাজার মানুষ ভোট দেবার জন্য প্রস্তুত। এমন সময় মামলা করার উদ্যোগ সমর্থনযোগ্য নয়। সবাই মিলেই এ সব তৎপরতা ঠেকাতে হবে। ২৫ তারিখে একটি সুন্দর নির্বাচন প্রত্যাশা করছি।

ট্রাম্পের আশংকা প্যারিস মুসলিম শহরে পরিণত হবে

১ পৃষ্ঠার পর

দেশগুলোকে সীমান্ত নিয়ন্ত্রণ কঠোর করার আহ্বান জানিয়েছেন তিনি। সোমবার ওয়াশিংটনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ট্রাম্প বলেন, ফ্রান্সে যা ঘটছে, তার সঙ্গে অভিবাসনের সম্পর্ক রয়েছে। এটি অভিবাসনসংক্রান্ত সমস্যা। তিনি আরও জানান, ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁকে তিনি সীমান্ত বন্ধ করার পরামর্শ দিয়েছেন।

ম্যাক্রোঁর সঙ্গে নিজের কথোপকথনের প্রসঙ্গ তুলে ট্রাম্প বলেন, বিশ্বের বিভিন্ন দেশের মানুষকে ফ্রান্সে প্রবেশের সুযোগ দিয়ে দেশটি বড় ধরনের ভুল করছে বলে তিনি আগেই সতর্ক করেছিলেন। তাঁর ভাষায়, ফ্রান্স যেন সারা বিশ্বের মানুষকে প্রবেশের সুযোগ দিচ্ছে। ট্রাম্প আরও বলেন, ইউরোপ যদি সীমান্ত নিয়ন্ত্রণে কঠোর না হয় এবং অপরাধীদের দেশ থেকে বহিষ্কার না করে, তাহলে মহাদেশটি ভয়াবহ পরিস্থিতির মুখে পড়বে।

সপ্তাহান্তে ব্রনজকুলোর উর্ধ্বগতির প্রতিবাদে প্যারিসসহ ফ্রান্সের বিভিন্ন শহরে বিক্ষোভ হয়। পরে কয়েকটি স্থানে এসব বিক্ষোভ সহিংসতায় রূপ নেয়। সাম্প্রতিক বছরগুলোর অন্যতম গুরুতর সহিংসতা হিসেবে এসব ঘটনার উল্লেখ করা হয়েছে।

অভিবাসন নিয়ন্ত্রণ ট্রাম্পের ২০২৪ সালের নির্বাচনী প্রচারের অন্যতম প্রধান প্রতিশ্রুতি ছিল। সে সময় অবৈধ অভিবাসন নিয়ে তাঁর বিভিন্ন বক্তব্যের বিরুদ্ধে জাতিগত ভীতি ছড়ানো এবং অসত্য দাবি করার অভিযোগও উঠেছিল।

ডেমোক্র্যাটরা জিতলে ফ্রান্সের মতো পরিস্থিতি হবে যুক্তরাষ্ট্রে, ট্রাম্পের হুঁশিয়ারি

এদিকে যুক্তরাষ্ট্রে ডেমোক্র্যাটরা নির্বাচনে জয়ী হলে ফ্রান্সের মতো অস্থির পরিস্থিতি তৈরি হতে পারে বলে হুঁশিয়ারি দিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। কানসাস অঙ্গরাজ্যে রিপাবলিকানদের গুরুত্বপূর্ণ সিনেট আসন ধরে রাখার প্রচারে গিয়ে ফ্রান্সের সাম্প্রতিক বিক্ষোভ ও সহিংসতার উদাহরণ টেনে এ মন্তব্য করেন তিনি। তবে নিজের দাবির পক্ষে কোনো প্রমাণ উপস্থাপন করেননি ট্রাম্প। বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদন অনুযায়ী, সোমবার ১৯ অক্টোবর রিপাবলিকান সিনেটর রজার মার্শালের পক্ষে আয়োজিত এক নির্বাচনী সমাবেশে বক্তব্য দেন মার্কিন প্রেসিডেন্ট। দীর্ঘদিন ধরে রিপাবলিকানদের নিয়ন্ত্রণে থাকা কানসাসের সিনেট আসনটি এবার ডেমোক্র্যাটদের কাছে হারানোর আশঙ্কা তৈরি হয়েছে। ইরান যুদ্ধ নিয়ে ভোটারদের অসন্তোষ এবং নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধির কারণে রক্ষণশীল অঙ্গরাজ্যগুলোতেও রিপাবলিকান প্রার্থীরা চাপের মুখে রয়েছেন। এ পরিস্থিতিতে দলীয় প্রার্থীদের পক্ষে প্রচারে নেমেছেন ট্রাম্প।

সমাবেশে তিনি বলেন, কানসাসের মানুষকে তিনি ভালোবাসেন। তবে সেখানে আসার মূল উদ্দেশ্য রিপাবলিকান প্রার্থী রজার মার্শালের পক্ষে প্রচার চালানো। বক্তব্যের একপর্যায়ে ফ্রান্সের সাম্প্রতিক বিক্ষোভের প্রসঙ্গ টেনে ট্রাম্প দাবি করেন, রিপাবলিকানরা জয়ী না হলে যুক্তরাষ্ট্রেও একই ধরনের পরিস্থিতি দেখা দিতে পারে। তিনি বলেন, যুক্তরাষ্ট্রে ফ্রান্সের মতো পরিস্থিতি হতে দেওয়া হবে না। ফ্রান্সে গির্জার চূড়া জ্বলতে এবং আগুন ছড়িয়ে পড়তে দেখলে মনে রাখতে হবে, উগ্রপন্থী ডেমোক্র্যাটরা যুক্তরাষ্ট্রের ক্ষেত্রেও এমন পরিস্থিতি চায়।

মধ্যবর্তী নির্বাচনে মুসলিম বিদ্বেষী প্রচারণায় রিপাবলিক্যানরা

১ পৃষ্ঠার পর

বিভিন্ন অনুদানের ঘোষণার পাশাপাশি ডেমোক্র্যাট সমর্থকদের জিহাদী মুসলিম ও কমিউনিস্ট বলে আখ্যায়িত করেছেন। উল্লেখ্য, মুসলিমদের সংখ্যাগরিষ্ঠই ডেমোক্র্যাটদের ভোট দিয়ে থাকে। ট্রাম্প গত মঙ্গলবার এক নির্বাচনী জনসভায় বলেছেন, রিপাবলিকানরা জিততে না পারলে যুক্তরাষ্ট্র ফ্রান্সের মতো অবস্থা হবে। সেখানে মুসলিমরা দাঙ্গা করছে। মুসলিমরা প্যারিস শহর দখল করে নিচ্ছে।

গত সপ্তাহে এক সমাবেশে রিপাবলিকান ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স মিশিগান থেকে মার্কিন সিনেট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী ডেমোক্র্যাটিক দলের মুসলিম প্রার্থী আব্দুল এল-সায়েদকে 'অত্যন্ত খারাপ মানুষ' বলে অভিহিত করেছেন। ভ্যান্সের অভিযোগ, ডেট্রয়েটের শহরতলিতে একটি ইহুদি উপাসনালয়ে (সিনাগগ) মার্চ মাসে হামলার পর আব্দুল এল-সায়েদ যে মন্তব্য করেছিলেন, তা আসলে সন্ত্রাসবাদকে সমর্থন করার শামিল। অবশ্য সায়েদ তার বক্তব্যের জন্য দুঃখ প্রকাশ করেছেন।

টেক্সাসের রিপাবলিকান গভর্নর গ্রেগ অ্যাবট। তিনি পুনরায় নির্বাচিত হওয়ার জন্য কঠিন লড়াইয়ের মুখোমুখি। তিনি সরাসরি মুসলিমদের নেতৃত্বে একটি উন্নয়ন প্রকল্পের সমালোচনা করেছেন। তিনি অভিযোগ করেছেন, এর মাধ্যমে শরিয়া আদালত প্রতিষ্ঠার চেষ্টা চলছে। তবে উন্নয়নকারী প্রতিষ্ঠান এবং নাগরিক অধিকার গোষ্ঠীগুলো এই দাবি প্রত্যাখ্যান করেছে।

আলাবামায় মুসলিমরা মোট জনসংখ্যার অনেক কম। সেখানেও রিপাবলিকান দলের গভর্নর পদ পদপ্রার্থী টমি টিউবারভিল বলেছেন, "শত্রু আমাদের ঘরের ভেতরেই রয়েছে।" তিনি মূলত 'উগ্র ইসলাম'-এর দিকে ইঙ্গিত করে এ কথা বলেছেন।

প্রেসিডেন্ট ট্রাম্প ক্যানসাস ও অহিও'র নির্বাচনী জনসভায় মুসলিম ও কমিউনিস্ট বিরোধী বক্তব্য দিয়েছেন।

এই মন্তব্যগুলো ৩ নভেম্বরের মধ্যবর্তী নির্বাচনের আগে মুসলিম ও ইসলামকে নির্বাচনী বিতর্কের অংশ করে তোলার একটি প্রচেষ্টাকে প্রতিফলিত করে। এই নির্বাচনের ফলাফলের ওপর নির্ভর করবে যে, ডেমোক্র্যাটরা প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের রিপাবলিকান পার্টির কাছ থেকে কংগ্রেসের নিয়ন্ত্রণ কেড়ে নিতে পারবে কি না।

সমালোচকদের মতে, এই ধরনের বক্তব্য অন্যায্যভাবে মুসলিমদের লক্ষ্যবস্তু করছে। অন্যদিকে রিপাবলিকানদের দাবি, তারা নিরাপত্তা, চরমপন্থা এবং জনজীবনে ধর্মের ভূমিকা নিয়ে যৌক্তিক উদ্বেগ তুলে ধরছেন।

পিউ রিসার্চ সেন্টারের তথ্য অনুযায়ী, যুক্তরাষ্ট্রে বর্তমানে প্রায় ৫৫ লাখ মুসলিম বসবাস করেন। ২০০৭ সালে ছিল ২৪ লাখ। তারা দেশটির মোট জনসংখ্যার প্রায় ১.৬ শতাংশ। সাম্প্রতিক বছরগুলোতে মুসলিম আমেরিকানরা রাজনীতিতে বেশ কিছু গুরুত্বপূর্ণ মাইলফলক অর্জন করেছেন। যার মধ্যে রয়েছে মার্কিন প্রতিনিধি পরিষদে বেশ কয়েকজন মুসলিমের নির্বাচিত হওয়া। গত বছর নিউইয়র্ক শহর তাদের প্রথম মুসলিম মেয়র (জোহরান মামদানি) নির্বাচিত করেছে। এছাড়া, এল-সায়েদ যুক্তরাষ্ট্রের সিনেটে প্রথম মুসলিম প্রতিনিধি হিসেবে নির্বাচিত হওয়ার প্রতিদ্বন্দ্বিতা করছেন। ভার্জিনিয়ার গাজালা হাশমি লেফটেন্যান্ট গভর্নর পদে জয়ী হয়ে অঙ্গরাজ্য পর্যায়ের কোনো পদে নির্বাচিত প্রথম মুসলিম নারী হওয়ার গৌরব অর্জন করেছেন।

টেক্সাসের রিপাবলিকান প্রতিনিধি চিপ রয় এবং টিপ রয় মিলে 'শরিয়াহ-মুক্ত আমেরিকা ককাস' গঠন করেছেন। এছাড়া ফ্লোরিডার রিপাবলিকান প্রতিনিধি র‍্যান্ডি ফাইন এমন একটি আইন প্রস্তাব করেছেন, যা তার ভাষ্যমতে যুক্তরাষ্ট্রে শরিয়াহ আইনের "বিস্তার রোধে" কাজ করবে। (তথ্যসূত্র-রয়টার্স)

কেলার উইলিয়ামস ল্যান্ডমার্ক ২-এর স্বাগত অনুষ্ঠান সম্পন্ন

আজকাল রিপোর্ট

নিউ ইয়র্কে রিয়েল এস্টেট খাতে বিনিয়োগের নতুন গাইডলাইন দিতে গত ১৫ অক্টোবর, রোজ বৃহস্পতিবার, ২০২৬ অনুষ্ঠিত হয়ে গেল কেলার উইলিয়ামস ল্যান্ডমার্ক ২ পরিবারের বিশেষ শিক্ষামূলক আয়োজন। রিয়েল এস্টেট খাতের স্বনামধন্য প্রতিষ্ঠানটির কুইন্স কার্যালয়ে এই বর্ণাঢ্য সেমিনার ও নেটওয়ার্কিং মিলনমেলা অনুষ্ঠিত হয়।

এবারের অনুষ্ঠানের মূল আকর্ষণ ছিল কেলার উইলিয়ামস পরিবারের নবনিযুক্ত দক্ষ মর্টগেজ ব্রোকার মোহাম্মদ কামাল-এর আনুষ্ঠানিক স্বাগত পর্ব। এ উপলক্ষে আয়োজিত বিশেষ স্বাগত অনুষ্ঠানে প্রতিষ্ঠানের শীর্ষ কর্মকর্তা এবং রিয়েল এস্টেট খাতের পেশাজীবীরা উপস্থিত ছিলেন।

রিয়েল এস্টেট ও মর্টগেজ ওয়ার্কশপ : স্বাগত পর্বের ঠিক পরপরই মোহাম্মদ কামাল-এর সরাসরি পরিচালনায় দুই ঘণ্টাব্যাপী একটি নিবিড় রিয়েল এস্টেট ও মর্টগেজ ওয়ার্কশপ/ক্লাস অনুষ্ঠিত হয়। এই শিক্ষামূলক সেশনে প্রবাসীদের জন্য আমেরিকার বর্তমান বাজারে বাড়ি কেনার সহজ উপায়, রিয়েল এস্টেট ফাইন্যান্সিং (অর্থায়ন), ডাউন পেমেন্টের নতুন নিয়ম এবং বিভিন্ন ধরণের মর্টগেজ বা ঋণ সুবিধার আধুনিক সমাধান নিয়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ তথ্য ও দিকনির্দেশনা প্রদান করা হয়।

শীর্ষ নেতৃবৃন্দের অভিনন্দন ও বক্তব্য : অনুষ্ঠানে উপস্থিত থেকে মোহাম্মদ কামাল-কে কেলার উইলিয়ামস ল্যান্ডমার্ক ২ পরিবারের আনুষ্ঠানিকভাবে স্বাগত জানান এবং অভিনন্দন বক্তব্য প্রদান করেন প্রতিষ্ঠানের শীর্ষ নেতৃত্ব। আমন্ত্রিত সম্মানিত বক্তাদের মধ্যে উপস্থিত ছিলেন:রন ফেরারা, মালিক,মারিয়া গালিচো, টিম লিডার, সুনি দেরিক, আলেকজান্ডার, মোহাম্মদ কে. আহমেদ। বক্তারা তাদের বক্তব্যে বলেন, মোহাম্মদ কামালের মতো একজন অভিজ্ঞ ও দক্ষ মর্টগেজ ব্রোকারের অন্তর্ভুক্তি কেলার উইলিয়ামস পরিবারকে আরও শক্তিশালী করবে। বিশেষ করে প্রবাসী বাংলাদেশিরা এখন খুব সহজেই তাদের নিজস্ব ভাষায় বিশ্বস্ততার সাথে রিয়েল এস্টেট ফাইন্যান্সিংয়ের সঠিক পরামর্শ পাবেন।

অনুষ্ঠানের শেষাংশে উপস্থিত সকল রিয়েল এস্টেট এজেন্ট আলোচিত ও অতিথিরা একসাথে এসে নতুন সদস্যকে বরণ করে নেন। সবমিলিয়ে চমৎকার আড্ডা এবং মূল্যবান এই শিক্ষার সুযোগ প্রবাসে আবাসন ব্যবসার সাথে সম্পৃক্ত ও নতুন বাড়ি ক্রেতাদের মাঝে ব্যাপক সাড়া ফেলেছে বলে আয়োজকরা জানান।

সোসাইটির নির্বাচনে উৎসব আমেজ আর উত্তেজনা

১ পৃষ্ঠার পর

বাসিন্দা। এলাকার উপর ভর করে জিতবেন কুনু। সেলিম-আলী পরিষদের সমর্থকরা তা মানতে রাজি নন। তারা বলছেন, আবেগে ও চোখের পানিতে ভোট আসবে না। সেখানে বিয়ানীবাজারের ৪ জন প্রার্থী রয়েছে আমাদের। শক্তি আমাদের সেখানেই। বিয়ানীবাজার সমিতির সাবেক সভাপতিদের ৭ জনের মধ্যে ৫ জনই সেলিমের জন্য কাজ করছে। ভোটের অংকে সেলিম এগিয়ে। ১ ভোটে হলেও সেলিম ওজনপার্কে জিতবেন।

দৃশ্যপটে আরেকটি কেন্দ্র ব্রুকলিন। কুনু-ফিরোজ পরিষদের সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদের হোমটাউন ব্রুকলিন। কয়েক যুগ তার বসবাস সেখানে। ভোটও তুলেছেন কয়েক হাজার। সন্দ্বীপের সন্তান হওয়া তুলে ফিরোজ সেখানে ভালো করতে চাচ্ছেন। চট্টগ্রাম সমিতির তাহের-আরিফ অংশ আনুষ্ঠানিকভাবে কুনু-ফিরোজকে সমর্থন দিয়েছে। অন্যদিকে মাকসুদুল এইচ চৌধুরী ও মাসুদ সিরাজীর নেতৃত্বাধীন চট্টগ্রাম সমিতির অংশটি কাজ করছে সেলিম আলীর জন্য। সেখানে চট্টগ্রামের ভোট সমানভাবে ২ ভাগ হবার সম্ভাবনা। ফ্যাক্টর নোয়াখালির ভোট। ব্রুকলিন কেন্দ্রে নোয়াখালির ভোট রয়েছে প্রায় আড়াই হাজার। এই ভোট কোন দিকে যায় তা দেখবার বিষয়। নোয়াখালি সমিতির সভাপতি জাহেদ মিন্টু প্রকাশ্যভাবে সাহায্য করছেন কুনু-ফিরোজকে।

অন্যদিকে সাধারণ সম্পাদক মহিবুদ্দিন পিন্টু সংগঠনের সিনিয়র নেতাদের নিয়ে মাঠ দাবড়িয়ে বেড়াচ্ছেন সেলিম-আলীর জন্য। এই প্যানেলে নোয়াখালির ৫জন প্রার্থী রয়েছেন। সে হিসেবে সেলিম-আলী নোয়াখালির বেশি ভোট টানতে পারেন। ৫টি কেন্দ্রের মধ্যে জ্যামাইকা ও ব্রংকসে সেলিম-আলীর রয়েছে একক আধিপত্য। এই ২ কেন্দ্রে তাদের বড় ব্যবধানে জেতার সম্ভাবনা। কুইন্সের উডসাইড কেন্দ্রে হাড্ডাহাড্ডি লড়াইয়ের সম্ভাবনা রয়েছে। তবে সেলিম-আলীর পাল্লাই ভারী। কুনু-ফিরোজের ভাগ্য নির্ধারিত হবে ব্রুকলিন-ওজনপার্কের ফলাফলের উপর। তাদের জিততে হলে এই ২ কেন্দ্রে বড় ব্যবধানে এগিয়ে থাকতে হবে।

নিউইয়র্ক সিটির উডসাইড, ওজোনপার্ক, ব্রুকলীন, ব্রঙ্কস ও জ্যামাইকার ৫টি কেন্দ্রে সকল প্রস্তুতি সম্পন্ন বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে। প্রধান নির্বাচন কমিশনার আবু নাসের বলেন, 'এবারের নির্বাচনে সোসাইটির ৩৫ সহস্রাধিক সদস্য তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন। বাংলাদেশ সোসাইটির ইতিহাসে রেকর্ড সংখ্যক ভোটারের এই নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে দু'টো প্যানেল।

বাংলাদেশ সোসাইটির প্রধান নির্বাচন কমিশনার আবু নাসের জানিয়েছেন, একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও উৎসবমুখর নির্বাচন আয়োজনের লক্ষ্যে কমিশন প্রয়োজনীয় সব প্রস্তুতি শেষ করেছে। নির্বাচন সফল করতে প্রার্থী, ভোটার, সমর্থক ও সংশ্লিষ্ট সবার আন্তরিক সহযোগিতা কামনা করেছেন তিনি'। জানা যায়, নির্বাচনে ইলেকট্রনিক ভোটিং মেশিন বা ইভিএমের মাধ্যমে ভোটগ্রহণ করা হবে।

এ জন্য মোট ৭০টি মেশিন প্রস্তুত রাখা হয়েছে। এর মধ্যে ৬০টি ভোটগ্রহণের কাজে ব্যবহার করা হবে এবং বাকি ১০টি মেশিন রিজার্ভ থাকবে। ভোটগ্রহণ শেষে উডসাইড কেন্দ্রে নির্বাচনের ফলাফল ঘোষণা করা হবে। নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্বে রয়েছেন, বদরুল এইচ. খান, মোহাম্মদ শামসুদ্দিন আজাদ, মো. রুহুল আমিন সরকার, আহবাব চৌধুরী, মিন্টু আমিন ও মোহাম্মদ দুলাল মিয়া।

এবারের নির্বাচনে বর্তমান কমিটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর নেতৃত্বে ২১ জন প্রার্থীর একটি পূর্ণাঙ্গ প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করছে। অপরদিকে সোসাইটির সাবেক সভাপতি আজমল হোসেন কুনু ও ফিরোজ আহমেদের নেতৃত্বে নির্বাচনে লড়ছে আরেকটি প্যানেল।

এছাড়া স্বতন্ত্র থেকে সাধারণ সম্পাদক পদে প্রার্থী হয়েছেন রাব্বী সৈয়দ। আগামী কমিটি হবে দু'বছরের পরিবর্তে তিন বছরের। প্রায় দুই মিলিয়ন ডলার ব্যয়ের এই নির্বাচনী প্রচারণা অতীতের সকল রেকর্ড ভেঙে ফেলার জোয়ার তৈরি হয়েছে বলে প্রকাশ।

প্রথা অনুযায়ী এবারো উভয় প্যানেল থেকে নিজস্ব ভোট ব্যাংক তৈরি করা হয়েছে। তবে একটি প্যানেলের ভোট ব্যাংক আকারে তুলনামূলকভাবে বড় বলে তথ্য মিলেছে। ৬০ শতাংশের মতো ভোট টানতে সক্ষম প্যানেলটি এবার নির্বাচিত হবে। তাই প্রার্থীরা সকাল থেকে গভীর রাত পর্যন্ত ছুটছেন বিভিন্ন এলাকায়। প্রতিটি প্যানেল থেকে প্রত্যেক ভোটারের বাসায় চিঠি যাচ্ছে। তাতে ভোট সম্পর্কে থাকছে নানা তথ্য। তবে অগ্রীম ভোট দেয়ার কোন ব্যবস্থা নির্বাচনে রাখা হয়নি। প্রার্থীরা ভোটারের দরজায় নক করছেন, ফোন কল দিচ্ছেন দিনরাতে। ম্যাসেজও পাঠানো হচ্ছে। প্যানেল দু'টোর মধ্যে অনেক প্রার্থীর যোগ্যতা নিয়ে চলছে বাক-বিতন্ডা।

সেলিম-আলী প্যানেল: সেলিম-আলী প্যানেলের প্রার্থীরা হলেন- সভাপতি আতাউর রহমান সেলিম, সিনিয়র সহসভাপতি মহিউদ্দিন দেওয়ান, সহসভাপতি কামরুজ্জামান কামরুল, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, সহসাধারণ সম্পাদক হারুণ অর রশীদ, কোষাধ্যক্ষ সওগাল হায়দার, সাংগঠনিক সম্পাদক ছিদ্দিক খান, সাংস্কৃতিক সম্পাদক অনিক রাজ, প্রচার সম্পাদক মিন্টু মোহাম্মদ, সমাজকল্যাণ সম্পাদক মনসুর আহমেদ, সাহিত্য সম্পাদক রুমানা আহমেদ, স্কুল ও শিক্ষাবিষয়ক সম্পাদক মহিবুদ্দীন বাবুল, ক্রীড়া সম্পাদক হাসান খান, মহিলা বিষয়ক সম্পাদক শাহনাজ হোসেন, যুব ও আইটিবিষয়ক সম্পাদক জাহাঙ্গীর সরওয়ার্দী এবং কার্যকরী সদস্য উজ্জল বিপুল, সরওয়ার খান বাবু, শামীম আহমেদ, কাজী রবিউজ্জামান, আবদুল মান্নান ও আব্দুল মালেক খান।

কুনু-ফিরোজ প্যানেল: কুনু-ফিরোজ প্যানেলের প্রার্থীরা হলেন- সভাপতি আজমল হোসেন কুনু, সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ, সিনিয়র সহসভাপতি দুলাল হোসেন, সহসভাপতি আবুল কালাম ভূঁইয়া, সহসাধারণ সম্পাদক সওগাত হোসেন, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি, সাংগঠনিক সম্পাদক জামিল আনসারী, সাংস্কৃতিক সম্পাদক রুপসী আহমেদ চৌধুরী, প্রচার সম্পাদক নাঈম শফিকুল আলম, সমাজকল্যাণ সম্পাদক রুবেল আহমেদ, সাহিত্য সম্পাদক বাবুল আকতার, ক্রীড়া সম্পাদক মোর্শেদ আলম, স্কুল ও শিক্ষাবিষয়ক সম্পাদক মহিন উদ্দীন নান্টু, মহিলাবিষয়ক সম্পাদক ফেরদৌস বেগম চৌধুরী, যুব ও আইটিবিষয়ক সম্পাদক কাজী হাসান এবং কার্যকরী সদস্য সিরাজুদ্দৌলা হক (বাশার ভূঁইয়া), এবি সিদ্দিক পাটোয়ারি, প্রফেসর আব্দুল বাসির, মাহবুবুল হক সাবু, মোহাম্মদ জাহাঙ্গীর আলম ও মোহাম্মদ এম ইসলাম (মনিরুল ইসলাম)। স্বতন্ত্র সাধারণ সম্পাদক প্রার্থী হয়েছেন সৈয়দ রাব্বী।

জিপ কোডের ভিত্তিতে ভোটকেন্দ্র নির্ধারণ করা হয়েছে।

নির্বাচন কমিশনের ঘোষণা অনুযায়ী, কুইন্সের উডসাইড, ওজোন পার্ক, জ্যামাইকা, ব্রুকলিন এবং ব্রঙ্কসে একটি করে মোট পাঁচটি কেন্দ্রে ভোটগ্রহণ হবে। ঠিকানাগুলো হচ্ছে:

Woodside Center: 58 Manor, 58-02 37th Ave., Woodside, NY 11377; Ozone Park center: Majestic Marquise, 88-03 101st Ave., Ozone Park, NY 11416; Brooklyn Center: Kalams Hall, 96 Church Ave., Brooklyn, NY 11218; Bronx Center: Golden Palace Banquet Hall, 1451 Unionport Rd., Bronx, NY 10462 and Jamaica Center: Angan Party Hall, 89-16 175th St., Suite # CF2, Jamaica, NY 11432.

নির্বাচন কমিশন থেকে জানানো হয়েছে, ভোটারদের প্রকাশিত জিপ কোডের তালিকা অনুযায়ী নিজ নিজ নির্ধারিত কেন্দ্রে ভোট দিতে হবে। এক কেন্দ্রের ভোটার অন্য কেন্দ্রে ভোট দিতে পারবেন না। তাই নির্বাচনের আগেই নিজেদের ভোটকেন্দ্র নিশ্চিত করার জন্য ভোটারদের প্রতি আহ্বান জানানো হয়েছে। ভোট দেওয়ার সময় ছবিসংবলিত বৈধ পরিচয়পত্র প্রদর্শন বাধ্যতামূলক। ড্রাইভিং লাইসেন্স, স্টেট আইডি, নিউইয়র্ক সিটি আইডি, গ্রিন কার্ড, ওয়ার্ক অথরাইজেশন কার্ড অথবা পাসপোর্ট পরিচয়পত্র হিসেবে গ্রহণ করা হবে।

পরিচয়পত্রে থাকা নাম ও জন্মসাল ভোটার তালিকার তথ্যের সঙ্গে মিলতে হবে। ভোটকেন্দ্রের ২০০ ফুটের মধ্যে নির্বাচনী প্রচারণা, পোস্টার-ব্যানার লাগানো ও লিফলেট বিতরণ নিষিদ্ধ করা হয়েছে। কেন্দ্রের আশপাশে মাইক বা অন্য কোনো শব্দযুক্ত যন্ত্র ব্যবহার নিষিদ্ধ থাকবে।

জ্যাকসন হাইটসে হচ্ছে কমিউনিটি সেন্টার

১ পৃষ্ঠার পর

খেলাধুলা, শিক্ষা, শিল্প-সংস্কৃতি ও সামাজিক কর্মকাণ্ডের পাশাপাশি শিশুদের বিকাশ এবং পরিবারের কল্যাণে বিভিন্ন কর্মসূচি পরিচালিত হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে কুইন্সের বাংলাদেশিসহ বিভিন্ন অভিবাসী ও বহুজাতিক জনগোষ্ঠীর বাসিন্দারা উপকৃত হবেন বলে আশা করা হচ্ছে। গভর্নরের কার্যালয়ের ঘোষণা অনুযায়ী, জেরাইটি বয়েজ অ্যান্ড গার্লস ক্লাব অব কুইন্সের উদ্যোগে বাস্তবায়নাধীন এই প্রকল্পের জন্য সরকারি ও বেসরকারি বিভিন্ন উৎস থেকে এখন পর্যন্ত মোট ৩৩.৮ মিলিয়ন ডলারের তহবিলের প্রতিশ্রুতি পাওয়া গেছে। প্রকল্পটির মোট অর্থায়নের লক্ষ্যমাত্রা প্রায় ৬০ মিলিয়ন ডলার।

গত বুধবার ১৪ অক্টোবর ৬৯ স্ট্রিট ও ৩৪ এভিনিউয় পাবলিক স্কুলে আয়োজিত এক সভায় এই কমিউনিটি সেন্টার প্রতিষ্ঠার ঘোষণা দেন গভর্নর। এ সময় সেখানে কংগ্রেসওম্যান গ্রেস মেং, বরো প্রেসিডেন্ট ডোনোভান রিচার্ডস, অ্যাসেম্বলি সদস্য জেসিকা গনজালেজ-রোহাস, অ্যাসেম্বলি সদস্য স্টিভেন রাগা, ক্যাটালিনা ক্রুজ, সিটি কাউন্সিলর শেখর কৃষ্ণান, কুইন্স ডেমোক্র্যাটিক পার্টির ডিস্ট্রিক্ট এট লার্জ এটর্নি মঈন চৌধুরী উপস্থিত ছিলেন ছিলেন।

প্রস্তাবিত কমিউনিটি সেন্টারটি নির্মাণের পরিকল্পনা করা হয়েছে ৭০-৩২, ৩৪তম অ্যাভিনিউতে, সাবেক বিকিউই মিলিয়ার্ডসে এর স্থানে, প্যাসো পার্কের কাছাকাছি। এখানে একটি জিমনেসিয়াম, বাস্কেটবল কোর্ট, সুইমিং পুল ও জলক্রীড়ার সুবিধা, থিয়েটার এবং বিভিন্ন বিনোদন ও সামাজিক কার্যক্রমের জন্য প্রয়োজনীয় স্থান রাখার পরিকল্পনা রয়েছে।কেন্দ্রটিতে স্কুল-পরবর্তী কার্যক্রম, প্রারম্ভিক শৈশব শিক্ষা, কর্মসংস্থান ও দক্ষতা উন্নয়ন, স্বাস্থ্য ও সুস্থতা, শিল্প-সংস্কৃতি এবং বিনোদনমূলক কর্মসূচি পরিচালিত হবে। এর মাধ্যমে শিশু-কিশোরদের নিরাপদ পরিবেশে সময় কাটানো, নতুন দক্ষতা অর্জন, খেলাধুলায় অংশগ্রহণ এবং সৃজনশীল প্রতিভা বিকাশের সুযোগ বাড়বে বলে আশা করছেন সংশ্লিষ্টরা।

গভর্নর ক্যাথি হোকুল বলেন, পরিবারের আয় কিংবা সামাজিক পটভূমি যা-ই হোক না কেন, প্রতিটি শিশুর নিরাপদ পরিবেশে বেড়ে ওঠা এবং মানসম্মত সুযোগ-সুবিধা পাওয়ার অধিকার রয়েছে। জ্যাকসন হাইটসের বৈচিত্র্যময় জনগোষ্ঠীর চাহিদা পূরণে নতুন এই উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।প্রকল্পটির জন্য নিউইয়র্ক অঙ্গরাজ্যের ১০ মিলিয়ন ডলারের পাশাপাশি নিউইয়র্ক সিটি কাউন্সিলের পক্ষ থেকে ৯.৩ মিলিয়ন ডলার সহায়তার কথা জানানো হয়েছে। এ ছাড়া সিনেটর চাক শুমার ও কার্স্টেন গিলিব্র্যান্ডের পক্ষ থেকে ২ মিলিয়ন ডলার এবং কংগ্রেসওম্যান গ্রেস মেংয়ের পক্ষ থেকে ১ মিলিয়ন ডলার সহায়তার কথা উল্লেখ করা হয়েছে।

অ্যাসেম্বলি সদস্য জেসিকা গনজালেজ-রোহাস ১ মিলিয়ন ডলার এবং অ্যাসেম্বলি সদস্য স্টিভেন রাগা ও ক্যাটালিনা ক্রুজ প্রত্যেকে ২৫০ হাজার ডলার সহায়তা দিয়েছেন। অন্যদিকে, প্রকল্পের জন্য জমি অধিগ্রহণে মেট্রোপলিটান পার্কের পক্ষ থেকেও ১০ মিলিয়ন ডলারের অর্থায়নের কথা জানানো হয়েছে।জ্যাকসন হাইটস ও আশপাশের এলাকার বাসিন্দাদের জন্য প্রস্তাবিত কেন্দ্রটি একটি গুরুত্বপূর্ণ সামাজিক অবকাঠামো হয়ে উঠতে পারে।

বিশেষ করে যেসব পরিবার শিশুদের জন্য সাশ্রয়ী খেলাধুলা, শিক্ষামূলক কার্যক্রম এ সং সাংস্কৃতিক চর্চার সুযোগ খুঁজছেন, তাঁদের জন্য এটি নতুন সম্ভাবনা তৈরি করবেবহুজাতিক জনগোষ্ঠীর বসবাসের কারণে জ্যাকসন হাইটসে বিভিন্ন ভাষা, সংস্কৃতি ও সামাজিক পটভূমির মানুষের সহাবস্থান রয়েছে। নতুন এই কেন্দ্রটি শিশু-কিশোর ও পরিবারের জন্য কার্যক্রম পরিচালনার পাশাপাশি স্থানীয় বাসিন্দাদের পারস্পরিক যোগাযোগ ও সামাজিক অংশগ্রহণের সুযোগও বাড়াতে পারে।

তবে প্রকল্পটির নির্মাণকাজ শেষ হওয়ার নির্দিষ্ট সময়সীমা এখনো ঘোষণা করা হয়নি। পরিকল্পনা অনুযায়ী কেন্দ্রটি বাস্তবায়িত হলে জ্যাকসন হাইটসের শিশু-কিশোর, পরিবার ও স্থানীয় বাসিন্দাদের জন্য এটি শিক্ষা, খেলাধুলা, বিনোদন ও সামাজিক কার্যক্রমের একটি বহুমুখী কেন্দ্র হিসেবে কাজ করবে।

KARNAFULLY TRAVEL INC.

বিশেষ সুবিধা:
মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা রয়েছে।

এক্সক্লুসিভ ওমরাহ প্যাকেজ
নভেম্বর ২০২৬

ভ্রমণ তারিখ

জেএফকে - জেদ্দা	মদিনা - জেএফকে	মোট দিন
৪ নভেম্বর	১৪ নভেম্বর	৯ দিন (২টি জুম্মা - মক্কা ও মদিনায়)

প্যাকেজে অন্তর্ভুক্ত:

- বিমান টিকিট (যাতায়াত)
- ভিসা
- ৫-তারকা হোটেল হারাম শরীফের কাছে (ক্লক টাওয়ারে) ভিআইপি নাস্তার ব্যবস্থা।
- লাক্সারি বাসে সম্পূর্ণ স্থল পরিবহন (বিমানবন্দর থেকে বিমানবন্দর)
- গাইডের সাথে উমরাহ পালন
- মক্কা ও মদিনার ঐতিহাসিক ও ধর্মীয় স্থান ভ্রমণ (গাইড সহ)।
- মক্কা তায়েফ এবং মদিনা ওয়াদি-ই-জ্বিন অতিরিক্ত ভ্রমণ।
- মহিলাদের জন্য আলাদা মহিলা গাইডের সুব্যবস্থা আছে।
- রাওদার পারমিট পেতে সহায়তা করা হয়।

প্রতি রুমে ৪ জন

KARNAFULLY TRAVEL INC.
37-16 73rd St. Suite #201 FR, Jackson Heights, NY 11372
Karnafully Hajj & Umrah service
Office : 718-205-6050
Celll & WhatsUp : 917 691 7721
Celll & WhatsUp : 646 724 5933 (MINU)
karnafullytravel@yahoo.com | www.karnafullytravel.com

ফিলিস্তিনিদের আত্মনিয়ন্ত্রণের অধিকারের প্রতি বাংলাদেশের পূর্ণ সমর্থন

৩ পৃষ্ঠার পর

সম্প্রসারণের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেন। তিনি বলেন, পশ্চিমতীর ও পূর্ব জেরুজালেমসহ ফিলিস্তিনের অন্যান্য অঞ্চলে ইসরায়েলের এসব কর্মকাণ্ড আন্তর্জাতিক আইন ও জাতিসংঘের প্রস্তাবের সুস্পষ্ট লঙ্ঘন।

রাষ্ট্রদূত আইরিন খান বলেন, 'নিরাপত্তা পরিষদের অচলাবস্থা ইসরায়েলকে দায়মুক্তির সুযোগ করে দিয়েছে।' তিনি অবিলম্বে ভূমি সংযুক্তিকরণ, অবৈধ বসতি সম্প্রসারণ, জোরপূর্বক বাস্তুচ্যুতি ও মানবাধিকার লঙ্ঘন বন্ধ এবং দায়ীদের জবাবদিহি নিশ্চিত করতে নিরাপত্তা পরিষদের দৃঢ় পদক্ষেপের ওপর গুরুত্বারোপ করেন। ফিলিস্তিনি শরণার্থীদের জন্য জাতিসংঘের ত্রাণ ও কর্মসংস্থান সংস্থা (ইউএনআরডব্লিউএ)-এর কার্যক্রম অব্যাহত রাখা এবং সংস্থাটির দায়িত্ব ও কার্যপরিধির প্রতি পূর্ণ সম্মান প্রদর্শনের আহ্বান জানান তিনি।

শান্তির সংস্কৃতি প্রতিষ্ঠায় বাংলাদেশের অঙ্গীকার পুনর্ব্যক্ত করে রাষ্ট্রদূত আইরিন খান মধ্যপ্রাচ্যে বৃহত্তর সংঘাত এড়াতে সংশ্লিষ্ট সব পক্ষকে সর্বোচ্চ সংযম প্রদর্শন, বেসামরিক নাগরিকদের সুরক্ষা এবং আন্তর্জাতিক মানবিক আইন মেনে চলার আহ্বান জানান। একই সঙ্গে আন্তর্জাতিক শান্তি, নিরাপত্তা ও আইনের শাসন নিশ্চিত করতে জাতিসংঘ নিরাপত্তা পরিষদকে তার দায়িত্ব যথাযথভাবে পালনের আহ্বান জানান তিনি।

অভিবাসিদের ৩ লাখের বেশি ভিসা যুক্তরাষ্ট্রে বাতিল

৩ পৃষ্ঠার পর

অংশের ক্ষেত্রে অপরাধমূলক কর্মকাণ্ড ও জননিরাপত্তার ঝুঁকির বিষয়টি উঠে এসেছে। এছাড়া অভিবাসন আইন লঙ্ঘন, জালিয়াতি, ভুল তথ্য দেওয়া এবং জাতীয় নিরাপত্তার জন্য হুমকি হিসেবে বিবেচিত কর্মকাণ্ডের অভিযোগেও ভিসা বাতিল করা হয়েছে। এর আগে মঙ্গলবার (২৩ অক্টোবর) সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক বার্তায় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র টমি পিগট বলেন, যেসব বিদেশি নাগরিক ভিসা নিয়ে যুক্তরাষ্ট্রে অবস্থান করে আইন ভেঙেছেন, জালিয়াতি করেছেন কিংবা জাতীয় নিরাপত্তার জন্য হুমকি তৈরি করেছেন, তাঁদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে। এ ধরনের ঘটনায় কোনো ছাড় দেওয়া হবে না বলেও জানান তিনি।

ভিসা বাতিলের সংখ্যা গত কয়েক মাসে ধারাবাহিকভাবে বেড়েছে। চলতি বছরের জানুয়ারিতে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর জানায়, তখন পর্যন্ত ১ লাখের বেশি ভিসা বাতিল করা হয়েছে। সে সময় এটিকে নতুন রেকর্ড হিসেবে উল্লেখ করা হয়েছিল। পরে আগস্টে বাতিল হওয়া ভিসার সংখ্যা ১ লাখ ৭৫ হাজার ছাড়িয়ে যায়। সর্বশেষ হিসাবে সেই সংখ্যা ৩ লাখ অতিক্রম করেছে বলে জানিয়েছে ট্রাম্প প্রশাসন।

এদিকে বিদেশিদের জন্য ভিসা নীতিও আরও কঠোর করেছে যুক্তরাষ্ট্র। আবেদনকারীদের সামাজিক যোগাযোগমাধ্যমের কার্যক্রম যাচাই জোরদার করার পাশাপাশি নিরাপত্তা যাচাইয়ের পরিধি বাড়ানো হয়েছে।

তবে প্রশাসনের এসব পদক্ষেপের সমালোচনা করেছেন মানবাধিকারকর্মী ও বিশেষজ্ঞরা। তাঁদের আশঙ্কা, সামাজিক যোগাযোগমাধ্যমে নজরদারি বাড়ানোর ফলে মতপ্রকাশের স্বাধীনতা ক্ষতিগ্রস্ত হতে পারে। একই সঙ্গে অভিবাসীদের ওপর অতিরিক্ত নজরদারি এবং তাঁদের আলাদাভাবে চিহ্নিত করার ঝুঁকিও তৈরি হতে পারে।

ড. ইউনূস ও মেজর আখতারুজ্জামানকে হেনস্তার প্রতিবাদে ব্রুকলিনে বিক্ষোভ

৩ পৃষ্ঠার পর

গণতান্ত্রিক পার্টি-জাগপা, যুক্তরাষ্ট্র শাখার সভাপতি এস এম রহমতুল্লাহ এবং জেএসএফ সভাপতি হাজী আনোয়ার হোসেন, মোহাম্মদ শহীদ উল্লাহ, মাওলানা জাকির হোসেন, আশরাফুল হাসান, সাইফুল ইসলাম, মোহাম্মদ কাশেম এবং আব্দুল হান্নান প্রমুখ।

বিক্ষোভ সমাবেশে বক্তারা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূসকে নিউইয়র্কের জেএফকে আন্তর্জাতিক বিমানবন্দরে ঘিরে ধরে স্লোগান দেওয়া ও মৌখিক হেনস্তার ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। তাঁরা বলেন, রাজনৈতিক মতপার্থক্য থাকলেও একজন ব্যক্তির নিরাপত্তা, সম্মান ও মানবিক মর্যাদা অক্ষুণ্ণ রাখা জরুরি। যুক্তরাষ্ট্রের মতো গণতান্ত্রিক রাষ্ট্রে শান্তিপূর্ণ প্রতিবাদের অধিকার যেমন স্বীকৃত, তেমনি কাউকে অভ্যর্থিত প্রদর্শন বা হয়রানি করার অভিযোগও গুরুত্বের সঙ্গে বিবেচনা করা উচিত। অন্যদিকে, ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে মেজর (অব.) আখতারুজ্জামানকে ঘিরে সৃষ্ট ঘটনার প্রসঙ্গ তুলে বক্তারা তাঁর সঙ্গে দুর্ব্যবহারের অভিযোগের নিরপেক্ষ তদন্ত এবং গ্রেফতারের ক্ষেত্রে যথাযথ আইনি প্রক্রিয়া নিশ্চিত করার দাবি জানান।

বক্তারা বলেন, একজন বীর মুক্তিযোদ্ধা, সাবেক জনপ্রতিনিধি কিংবা সাধারণ নাগরিক-প্রত্যেকের সমান আইনি অধিকার রয়েছে। কোনো নাগরিকের রাজনৈতিক পরিচয়, মতাদর্শ কিংবা ব্যক্তিগত অবস্থানের কারণে তাঁর ন্যায়বিচার পাওয়ার অধিকার ক্ষুণ্ণ হওয়া উচিত নয়।

সমাবেশে বাংলাদেশের বিমানবন্দরগুলোতে প্রবাসী বাংলাদেশিদের হয়রানি, দুর্ব্যবহার, অযৌক্তিক জিজ্ঞাসাবাদ এবং যাত্রীসেবার অব্যবস্থাপনার অভিযোগ নিয়েও উদ্বেগ প্রকাশ করা হয়।

বক্তারা উল্লেখ করেন, প্রবাসী বাংলাদেশিরা দেশের অর্থনীতি, রেমিট্যান্স প্রবাহ এবং আন্তর্জাতিক সম্পর্ক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছেন। অথচ বিমানবন্দরে হয়রানির অভিযোগ তাঁদের মধ্যে উদ্বেগ ও অসন্তোষ সৃষ্টি করছে। এ ধরনের অভিযোগের সুষ্ঠু তদন্ত ও কার্যকর প্রতিকার নিশ্চিত করা জরুরি।

সমাবেশে উত্থাপিত প্রধান দাবি ও আলোচ্য বিষয়: প্রফেসর ড. মুহাম্মদ ইউনূসকে নিউইয়র্কের জেএফকে আন্তর্জাতিক বিমানবন্দরে হেনস্তার ঘটনার তীব্র নিন্দা এবং আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; মেজর (অব.) আখতারুজ্জামানের সঙ্গে কথিত দুর্ব্যবহার ও তাঁর গ্রেফতারসংক্রান্ত ঘটনার নিরপেক্ষ তদন্ত, যথাযথ আইনি প্রক্রিয়া এবং ন্যায়বিচার নিশ্চিত করা; বাংলাদেশসহ আন্তর্জাতিক বিমানবন্দরগুলোতে প্রবাসী ও সাধারণ যাত্রীদের হয়রানি বন্ধ এবং নিরাপদ ও মর্যাদাপূর্ণ যাতায়াত নিশ্চিত করা; বীর মুক্তিযোদ্ধা, প্রবীণ নাগরিক, সাবেক জনপ্রতিনিধিসহ সব নাগরিকের সাংবিধানিক অধিকার ও মানবিক মর্যাদা রক্ষা করা; রাজনৈতিক মতপার্থক্যের ঊর্ধ্বে উঠে গণতন্ত্র, আইনের শাসন, স্বাধীন বিচারব্যবস্থা ও প্রশাসনিক জবাবদিহিতা প্রতিষ্ঠা করা; প্রবাসী বাংলাদেশিদের অধিকার রক্ষায় কার্যকর কূটনৈতিক যোগাযোগ, জনসচেতনতা এবং আন্তর্জাতিক পর্যায়ে আইনসম্মত নাগরিক অ্যাডভোকেসি জোরদার করা।

সমাবেশে অংশগ্রহণকারী নেতৃবৃন্দ বলেন, মানবাধিকার ও নাগরিক মর্যাদা রক্ষার প্রশ্নে রাজনৈতিক বিভাজনের ঊর্ধ্বে থেকে কাজ করা প্রয়োজন। বাংলাদেশ কিংবা যুক্তরাষ্ট্র-যেখানেই হোক, যেকোনো ব্যক্তির সঙ্গে অপমানজনক আচরণ ও হয়রানির অভিযোগ গুরুত্বের সঙ্গে তদন্ত করতে হবে।

তাঁরা আরও বলেন, বাংলাদেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব, গণতন্ত্র, মানবাধিকার ও ন্যায়বিচারের পক্ষে প্রবাসী বাংলাদেশিদের শান্তিপূর্ণ এবং আইনসম্মত নাগরিক উদ্যোগ অব্যাহত রাখা উচিত।

সমাবেশে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি উভয় ঘটনার অভিযোগ নিরপেক্ষভাবে পর্যালোচনা, নাগরিক অধিকার নিশ্চিত এবং প্রবাসীদের বিমানবন্দরকেন্দ্রিক হয়রানি বন্ধে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানানো হয়।

সাবেক চিফ প্রসিকিউটরে তাজুল ইসলামের সঙ্গে মতবিনিময়

৩ পৃষ্ঠার পর

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের সাবেক চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন সিটি ইউনিভার্সিটি অব নিউইয়র্কের সাবেক সিনেটর-অ্যাট-লার্জ শোয়াইব আহমেদ ভূঁইয়া।

মোহাম্মদ তাজুল ইসলাম ট্রাইব্যুনালে দায়িত্ব পালনকালের অভিজ্ঞতা, মানবতাবিরোধী অপরাধের বিচারপ্রক্রিয়া, বিচারিক চ্যালেঞ্জ এবং ন্যায়বিচার প্রতিষ্ঠার গুরুত্ব নিয়ে বিস্তারিত আলোচনা করেন। তাঁর বক্তব্যে শেখ হাসিনার শাসনামলে সংঘটিত বলে অভিযোগ ওঠা মানবাধিকার লঙ্ঘন, দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার ও রাজনৈতিক নিপীড়নের বিচার এবং জবাবদিহিতার প্রসঙ্গও উঠে আসে। অংশগ্রহণকারীরা আইনের শাসন প্রতিষ্ঠা ও ভুক্তভোগীদের ন্যায়বিচার নিশ্চিত করার ক্ষেত্রে তাঁর দীর্ঘ পেশাগত অভিজ্ঞতা ও ভূমিকার প্রতি শ্রদ্ধা জানান।

শোয়াইব আহমেদ ভূঁইয়া প্রবাসী বাংলাদেশিদের সামাজিক দায়বদ্ধতা, আন্তর্জাতিক পরিসরে মানবাধিকারের পক্ষে অবস্থান, নাগরিক সচেতনতা এবং বাংলাদেশের গণতান্ত্রিক ভবিষ্যৎ নিয়ে কথা বলেন। উন্নয়ন, ন্যায়বিচার ও মানবিক মূল্যবোধ প্রতিষ্ঠায় ভারতীয় আধিপত্যবাদ প্রতিরোধে প্রবাসীদের ঐক্যবদ্ধ ভূমিকার ওপরও তিনি গুরুত্ব দেন।

অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিল উন্মুক্ত প্রশ্নোত্তর পর্ব। এতে অতিথি, প্যানেলিস্ট, সাংবাদিক, মানবাধিকারকর্মী ও প্রবাসী বাংলাদেশিরা বিচারের অগ্রগতি, বিচারপ্রক্রিয়ার জটিলতা, অতীতের মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ, বিচারব্যবস্থার স্বাধীনতা, রাজনৈতিক প্রভাবমুক্ত বিচার এবং ভবিষ্যৎ আইনি ও প্রাতিষ্ঠানিক সংস্কার নিয়ে প্রশ্ন করেন। মোহাম্মদ তাজুল ইসলাম নিজের আইনগত অভিজ্ঞতা ও বিচারপ্রক্রিয়ার বাস্তবতার আলোকে সেসব প্রশ্নের উত্তর দেন।

আমন্ত্রিত অতিথি হিসেবে আলোচনা প্যানেলে অংশ নেন ড. হুমায়ুন চৌধুরী, সোহেল হামিদ, আজিজুর রহমান ও ড. শেখ মিজান। অন্যান্য অতিথিদের মধ্যে ছিলেন প্রখ্যাত লেখক, অনুবাদক ও সম্পাদক আনোয়ার হোসেন মঞ্জু, মীর মামুন আলী, 'বাপ'র সেক্রেটারি শাহনা মাসুম, সাংবাদিক কাজী শামসুল হক, এনসিপি ডায়াসপোরার রওশন হক, 'জুলাই' প্রসেসর শহীদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুকুল চৌধুরী, নিউইয়র্ক সিটির কর্মকর্তা জেহেন আহমেদ চৌধুরী ও কমিউনিটি অ্যাক্টিভিস্ট এবং প্যাট্রিয়টস অব বাংলাদেশের সিনিয়র অ্যাডভাইজার জাগপার কেন্দ্রীয় ভাইস প্রেসিডেন্ট ও জাগপা যুক্তরাষ্ট্র শাখার সভাপতি এস. এম. রহমতুল্লাহ। আরও উপস্থিত ছিলেন 'আইনএনএ'র সোশ্যাল জাস্টিস ডিরেক্টর মাহতাবউদ্দিন খান, 'হেল্পিং হ্যান্ড' এর ডিস্ট্রিক্ট ম্যানেজার সাইফুল্লাহ খান, ইউবিএম-এর সিইও আব্দুল আলিম, শামীম আহমেদ ও দীপন গাজী এবং তাঁদের পরিবারের সদস্যরা, পাশাপাশি নিউইয়র্কের বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক, মানবাধিকার ও পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ।

অনুষ্ঠানে প্যাট্রিয়টস অব বাংলাদেশের পক্ষ থেকে প্রধান অতিথিকে বিশেষ সম্মাননা স্মারক প্রদান করা হয়। বাংলাদেশের ন্যায়বিচার, মানবাধিকার, সামাজিক সচেতনতা ও জনকল্যাণমূলক কর্মকাণ্ডে অবদান এবং অনুষ্ঠানে মূল্যবান সময় দেওয়ার স্বীকৃতিস্বরূপ এই সম্মাননা দেওয়া হয়। আয়োজকরা মোহাম্মদ তাজুল ইসলাম, শোয়াইব আহমেদ ভূঁইয়াসহ সব অতিথির প্রতি কৃতজ্ঞতা ও অভিনন্দন জানান।

অনুষ্ঠান আয়োজনে ইনস্টিটিউট ফর গ্লোবাল পলিসি অ্যান্ড ডেমোক্রেসি (আইজিপিডি) এর সদস্যরা সাংগঠনিক ও সমন্বয়মূলক ভূমিকা পালন করেন। নিরাপত্তা ব্যবস্থাপনা ও সার্বিক সমন্বয়ের দায়িত্বে ছিলেন শামীম আহমেদ। অনুষ্ঠানস্থলের প্রস্তুতি, সাজসজ্জা ও অতিথি আপ্যায়নে আন্তরিক পরিশ্রমের জন্য ইমাম আশরাফুজ্জামান খান ও ইমাম বেলালকে আয়োজকরা বিশেষ ধন্যবাদ জানান।

রেনোভেশন/রিপিয়ার/কনস্ট্রাকশন

আপনি কি বাসা-বাড়ির কাজের জন্য লোক খুঁজছেন?
আমরা আপনাকে সহযোগিতা করতে পারি।

আমরা Binghamton এ কাজ করে থাকি

আমাদের কাজসমূহ:

* গরম পানির ট্যাঙ্ক ইনস্টলেশন/ মেরামত
* যে কোন প্রকার পাম্বিলিংয়ের কাজ/বাথরুম/কিচেন/অন্যান্য
* যে কোন প্রকার টাইলসের কাজ/নতুন ইনস্টলেশন/রিপ্লেস/ রেনোভেশন
* নতুন বাথরুম ইনস্টলেশন/রিপিয়ার
* কার্পেটিং/নতুন রুম/এক্সটেনশন
* ড্রাই ওয়াল/পেইন্ট/রি-পেইন্ট
* ব্যাকইয়ার্ড/ডক/বারান্দা/ছাদ
* উড ফ্লোর/পলিশ/নতুন ইনস্টলেশন/ক্লিনিং
* অয়েল হিটিং সিস্টেম পুরনোটি রিপ্লেস এবং নতুন থার্মাল ইনস্টলেশন।

Free ইস্টিমেট করা হয়ে থাকে

যোগাযোগ:

WOVENA CONSTRUCTION INC
172-11, 93 Ave, Jamaica, NY 114333
Phone: 347-822-9052, 716-828-6677
wovenatexusa@gmail.com

Mybestfly
New York, United States
Dhaka, Bangladesh
Nov 21
Return Date
Search Flight
DISCOUNT
Plan your next flight
সামার সেল! সামার সেল!
Emirates
Scan Me
এই সামারে বিমান, এমিরেটস, কাতার, টার্কিশ এবং
সৌদি এয়ারলাইন্স এর ফ্লাইট বুকিংয়ে পাচ্ছেন বিশেষ ছাড়
ভিজিট করুন আমাদের ওয়েবসাইট
www.mybestfly.com
Emirates
QATAR AIRWAYS القطرية
TURKISH AIRLINES
السعودية SAUDIA
Biman BANGLADESH AIRLINES
এছাড়াও আমাদের ওয়েবসাইটের মাধ্যমে বিশ্বের সকল দেশের ইন্টারন্যাশনাল
এবং ডোমেস্টিক ফ্লাইট বুক করতে পারবেন
BOOK ONLINE
mybestfly.com
CALL TO BOOK
718-406-9745
Global Tours & Travel
USA Office
37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372, USA
Dhaka Office
78/E (3rd Floor),
Purana Paltan Line,
Bijoynagar, Dhaka-1000

Community Grieves the Loss of Dancer and Cultural Organizer Tahsin

Continued from page 18

condolences to his bereaved family, including his mother, Annie Ferdous, and his father, Zafar Ahmed. Shah Newaz, Chairman of the Board of Trustees of the Bangladesh Society; Ataur Rahman Selim, President; and Mohammad Ali, General Secretary; along with Abu Taher, President of the Chittagong Samity, and its General Secretary, Ariful Islam; as well as Monowarul Islam, President of the New York Bangladesh Press Club, and its General Secretary, Momin Majumder—all expressed their profound sorrow over Tahsin's untimely death in separate statements.

Republicans Employ Anti-Muslim Rhetoric in U.S. Midterm Elections

Continued from page 18

criticized a development project led by Muslims, alleging that it is an attempt to establish "Sharia courts." However, the developers and civil rights groups have rejected these claims.

In Alabama, where Muslims make up a very small fraction of the total population, Republican gubernatorial candidate Tommy Tuberville remarked, "The enemy is within our own house"—a reference, ostensibly, to "radical Islam." Meanwhile, at campaign rallies in Kansas and Ohio, President Trump made statements directed against Muslims and Communists.

These comments reflect an effort to make Muslims and Islam a focal point of the political debate ahead of the November 3 midterm elections. The outcome of these elections will determine whether the Democrats can wrest control of Congress from President Donald Trump's Republican Party. Critics argue that such rhetoric unfairly targets Muslims. Republicans, conversely, maintain that they are raising legitimate concerns regarding security, extremism, and the role of religion in public life.

According to the Pew Research Center, there are currently about 5.5 million Muslims living in the United States—up from 2.4 million in 2007—accounting for approximately 1.6 percent of the total population. In recent years, Muslim Americans have reached several significant political milestones, including the election of several Muslims to the U.S. House of Representatives. Last year, New York City elected its first Muslim council member (Zohran Mamdani). Furthermore, El-Sayed has emerged as a potential candidate to become the first Muslim elected to the U.S. Senate. In Virginia, Ghazala Hashmi made history by becoming the first Muslim woman to be elected to a state-level office, winning the position of Lieutenant Governor. Republican Representatives Keith Self and Chip Roy of Texas have formed a "Sharia-Free America Caucus." Additionally, Republican Representative Randy Fine of Florida has proposed legislation that, according to him, would serve to "prevent the spread" of Sharia law in the United States.

(Source: Reuters)

Will Democrats Win in Kansas After 94 Years?

Continued from page 18

soaring costs of agricultural supplies—including record-high diesel prices—coupled with dissatisfaction over Trump's restrictive immigration policies, could potentially revive the region's tradition of progressive populism. Vance Mcke's ancestors began farming in western Kansas in 1885, twenty years after the Civil War. Today, however, rising costs—driven by a U.S.-Israel conflict with Iran—have cast a shadow over the future of his farm and others in the region. "Over the past year, we've seen fuel prices nearly double," Mcke says. "That has resulted in $50,000 in unexpected additional expenses."

Since the conflict began in February, the costs of fuel and fertilizer have surged dramatically. The price of diesel, essential for operating agricultural machinery, has risen by 70 percent. These mounting costs are hitting states like Kansas, Iowa, and Nebraska, where agriculture serves as the backbone of the local economy.

In Iowa, polls indicate a tight race for the Senate seat—previously held by Republican Joni Ernst—between Republican Representative Ashley Hinson and Democrat Josh Tureck. In a social media post last month, Hinson called for an "immediate end" to the war with Iran, writing that Iowans "should not have to pay higher prices at the gas pump or at the checkout counter because of a war"—even though it was a president from her own party who initiated the conflict.

ফিজিক্যাল থেরাপি
রিহাবিলেইশন

এ. ভূঁইয়া
এলআইসি. ফিজিক্যাল থেরাপিস্ট

আপনি কি নিম্নে উল্লেখিত যে কোন ব্যথায় ভুগছেন?
তাহলে আজই যোগাযোগ করুন।
আমাদের আছে ২০ বছরের অভিজ্ঞতা।

* পিঠ ব্যথা
* গাড় ব্যথা
* বাহু ব্যথা
* কব্জি ব্যথা
* হাঁটু ব্যথা
* পায়ের পাতা ব্যথা
* পায়ের আঙ্গুল ব্যথা

ক্লিনিক খোলা থাকার সময়
সোমবার থেকে শুক্রবার
সকাল ১০.০০-সন্ধ্যা-৭টা
শনিবার
সকাল ১০.০০-বিকাল-৪টা
রবিবার বন্ধ

আমরা প্রায় সব ইন্স্যুরেন্স গ্রহণ করি

আমরা ইংলিশ, স্প্যানিশ, হিন্দি, বাংলা ও আরবীতে কথা বলি

75-17 41 Ave. Elmhurst, NY 11373
(Corner of 76th St & Broadway)
170-08 Hillside Ave, Jamaica, NY 11432
Tel : 917-832-7824, Cell : 718-696-7002
Fax : 917-832-6100

হোমিও চিকিৎসা
জ্যাকসন হাইটস এর বাংলাদেশ প্লাজার নীচ তলায়

ডাঃ এফ হক
হোমিওপ্যাথিক কনসালট্যান্ট
DI. Hom (USA)
(Diploma in Homeopathy)

ব্যথা, পাইলস, গ্যাস্টিক, কিডনি ও প্রস্রাবের সমস্যা, যৌন ও চর্মরোগ সহ সব ধরনের জটিল রোগ।

হোমিও ভিটামিন সেলিং সেন্টার
Homeo & Vitamin Selling Center

এপয়েন্টমেন্ট এর জন্য কল করুন
347-596-3111, 347-485-8020
জ্যাকসন হাইটস অফিসঃ (বাংলাদেশ প্লাজা) (দুপুর ২টা থেকে রাত ৯টা পর্যন্ত)
৩৭-১৫ ৭৩ স্ট্রিট (Lower Level), জ্যাকসন হাইটস, নিউ ইয়র্ক।
ব্রুকলিন অফিসঃ (সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত)
৪৭৫ ম্যাকডোনালস্ এভিনিউ, (৩য় তলা), ব্রুকলিন, নিউ ইয়র্ক।

বিসমিল্লাহির রাহমানির রাহিম
BANGLADESH SOCIETY INC, ELECTION-2026
বাংলাদেশ সোসাইটি ইন্‌ক
নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার-২০২৬
সেলিম-আলী
পরিষদ
আপনাদের সাথে নিয়ে আরও তিন বছর
আরও অগ্রগতি • আরও অর্জন
নতুন প্রজন্মের জন্য আরও সমৃদ্ধ বাংলাদেশ সোসাইটি
অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন
B1
আতাউর রহমান সেলিম
সভাপতি পদপ্রার্থী
Athaur Rahman Salim, President
B4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক পদপ্রার্থী
Mohammad Ali, General Secretary
B2
মো: মহিউদ্দীন দেওয়ান
সিনিয়র সহ-সভাপতি পদপ্রার্থী
Md. Mohiuddin Dewan, Sr. Vice President
B3
মো: কামরুজ্জামান কামরুল
সহ-সভাপতি পদপ্রার্থী
Md. Kamruz Zaman, Vice President
B5
হারুন চেয়ারম্যান
সহ-সাধারণ সম্পাদক পদপ্রার্থী
Harun Chairman, Asst. General Secretary
B6
নওশাদ হায়দার
কোষাধ্যক্ষ পদপ্রার্থী
Nowshad Haider, Treasurer
B7
ডিউক খান
সাংগঠনিক সম্পাদক পদপ্রার্থী
Md. Z.H. Khan (Duke Khan), Organizing Secretary
B8
অনিক রাজ
সাংস্কৃতিক সম্পাদক পদপ্রার্থী
Mostofa Anik Raj, Cultural Secretary
B9
রিজু মোহাম্মদ
জন সংযোগ ও প্রচার সম্পাদক পদপ্রার্থী
Rezu Mohammed, Public Relation & Publicity Sec.
B10
মুনসুর আহমেদ
সমাজকল্যাণ সম্পাদক পদপ্রার্থী
Mansur Ahammad, Social Welfare Secretary
B11
রুমানা আহমেদ
সাহিত্য সম্পাদক পদপ্রার্থী
Rumana Ahmed, Literary Secretary
B12
হাসান খান
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক পদপ্রার্থী
Hasan Khan, Sports & Ent. Secretary
B13
এএসএম মাইন উদ্দীন (বাবলু)
স্কুল ও শিক্ষা সম্পাদক পদপ্রার্থী
Asm Main Uddin (Bablu), School & Edu. Secretary
B14
শাহনাজ হোসেন
মহিলা ও শিশু বিষয়ক সম্পাদক পদপ্রার্থী
Shahanaz Hossain, Woman & Children Secretary
B15
জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী
যুব ও তথ্যপ্রযুক্তি সম্পাদক পদপ্রার্থী
Jahangir Shahid Suhrawardhy, Youth & IT Secretary
B16
মো: উজ্জল বিপুল
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Md. Uzzal Bipul, Executive Member
B17
সারওয়ার খান বাবু
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Sarwor Khan Babu, Executive Member
B18
মো: এ মান্নান
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Mohammed A Mannan, Executive Member
B19
শামীম আহমেদ
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Shamim Ahmed, Executive Member
B20
মো: আব্দুল মালেক খান
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Md. Abdul Maleque Khan, Executive Member
B21
কাজী রবিউজজামান
কার্যকরী সদস্য পদপ্রার্থী
Kazi Rabiuzzaman, Executive Member
অনুগ্রহ করে
সেলিম-আলী
পরিষদে আপনার
মূল্যবান ভোট দিন
মেশিনের দ্বিতীয় সারিতে সেলিম-আলী পরিষদে (B1 থেকে B21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন
PLEASE CAST YOUR VOTE IN 2ND ROW (B1 to B21) FOR SALIM-ALI PANEL
প্রচারে: সেলিম-আলী নির্বাচন পরিচালনা কমিটি

উন্নয়ন বনাম কাঠামোগত ফাঁদ

৫ পৃষ্ঠার পর

পরিবারের সঞ্চয় যেমন পরিবারের সুরক্ষা, রাষ্ট্রের সঞ্চয় তেমনি সব নাগরিকের সুরক্ষা। রাষ্ট্রের বিনিয়োগের পরিস্থিতি আশাব্যঞ্জক নয়; বরং উদ্বেগজনক। গত অর্থবছরে বেসরকারি ও সরকারি উভয় বিনিয়োগই কমেছে। নিট প্রত্যক্ষ বিদেশি বিনিয়োগ কমেছে ১৫ শতাংশ। এর মধ্যে সবচেয়ে বেশি কমেছে নতুন মূলধন বিনিয়োগ, ৭০ দশমিক ৩ শতাংশ। বিনিয়োগের এই স্থবিরতা দীর্ঘায়িত হলে নতুন শিল্প গড়ে ওঠা, উৎপাদন সম্প্রসারণ এবং মানসম্মত কর্মসংস্থান তৈরির সুযোগ সীমিত হতে পারে। ফলে প্রবৃদ্ধি বাড়ানোর পাশাপাশি বিনিয়োগে আস্থা ফিরিয়ে আনা এবং উৎপাদনশীল খাতে পুঁজিপ্রবাহ বাড়ানোও অর্থনীতির জন্য বড় চ্যালেঞ্জ। দেশে ক্ষুদ্র ও কুটিরশিল্পে এখনো কর্মসংস্থান বেশি; কিন্তু পুঁজি না থাকায় এগুলো বড়, উৎপাদনশীল ও স্থিতিশীল প্রতিষ্ঠানে রূপান্তরিত হতে পারছে না। নতুন কর্মসংস্থান ও মানসম্পন্ন আয়ের ক্ষেত্র হিসেবেও শক্তিশালী ভিত্তি তৈরি হচ্ছে না। দেশে প্রতি বছর প্রায় ২২ লাখ নতুন কর্মশক্তি আসছে শ্রমের বাজারে। উচ্চশিক্ষিত তরুণদের সংখ্যাও প্রায় পাঁচ লাখের মতো। শিক্ষিত তরুণদের দক্ষতার সঙ্গে চাকরির চাহিদার মিল না থাকায় সমস্যা দিন দিন বাড়ছে। এ যেন অর্থনীতির এক দুষ্টচক্র, যেখানে মানুষ কাজের সঙ্গে যুক্ত থাকলেও উন্নত জীবনের জন্য প্রয়োজনীয় আয় ও নিরাপত্তা পায় না। ফলে কাজ করে দারিদ্র্য দূর হচ্ছে না; বরং কর্মজীবী দরিদ্রের সংখ্যা বাড়ছে।

দারিদ্র্য থেকে টেকসই উত্তরণের পথে বড় বাধা রাজনৈতিক ও শাসনব্যবস্থার কাঠামোগত দুর্বলতা। দেশের কর-জিডিপি অনুপাত ৭ শতাংশের নিচে, ফলে সরকারের উন্নয়ন, শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক সুরক্ষায় ব্যয় করার সক্ষমতা কম। পাশাপাশি ঋণের সুদ ও আসল শোধ করতে বাজেটের ওপর বাড়তি বোঝা সৃষ্টি হচ্ছে।

দেখা গেছে, সরকারের খামখেয়ালি ও আংশিক সিদ্ধান্ত গ্রহণের প্রবণতা রাজস্ব ফাঁকি, ব্যবসায়িক হয়রানি এবং অন্যায্য সুবিধা আদায়ের সুযোগ বাড়াচ্ছে। প্রাতিষ্ঠানিক সংস্কার জরুরি হলেও রাজনৈতিক ও প্রশাসনিক পর্যায়ে সে উদ্যোগ কম। রাজনৈতিক প্রভাবে ঋণ দেওয়ার কারণে বেড়েছে খেলাপি ঋণ। ২০২৬ সালের জুনে ব্যাংক খাতে খেলাপির হার বেড়ে ৩৩ দশমিক ২ শতাংশ হয়েছে। টাকার অঙ্কে এর পরিমাণ ৬ লাখ কোটির বেশি।

অর্থনীতির এই ফাঁদ থেকে উত্তরণের জন্য স্বল্পমেয়াদি, মধ্যমেয়াদি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনা ও তার বাস্তবায়ন দরকার। এখন পর্যন্ত প্রবাসী আয় বৈদেশিক মুদ্রা অর্জনের প্রধানতম খাত। সৌদি আরব, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, আরব আমিরাত ও মালয়েশিয়া- এই পাঁচটি দেশ থেকেই প্রবাসী আয়ের ৬২ শতাংশ আসে। মধ্যপ্রাচ্য পরিস্থিতি এক্ষেত্রে সংকটে ফেলতে পারে। দেশের রপ্তানি আয়ের ৮০ শতাংশের বেশি আসে গার্মেন্টস পণ্য থেকে। একক পণ্যের ওপর নির্ভরশীলতাও কর্মসংস্থান ও রপ্তানির জন্য ঝুঁকিপূর্ণ। এ সংকট সমাধানের ওপর নির্ভর করছে অর্থনীতির গতিশীলতা।

লেখক : রাজনৈতিক সংগঠক ও বিশ্লেষক

ওয়ার্ল্ড হিউম্যান রাইটসের সাধারণ সম্পাদক ড. সাদিয়া

৩ পৃষ্ঠার পর

মানবাধিকার, টেকসই উন্নয়ন এবং কমিউনিটির ক্ষমতায়নের লক্ষ্যে নিবেদিত।

সংগঠনের সভাপতি শাহ শহীদুল হক আশা প্রকাশ করেছেন যে, ড. সাদিয়া আফরিন এরা তাঁর গতিশীল নেতৃত্ব, অভিজ্ঞতা ও মানবিক দৃষ্টিভঙ্গির মাধ্যমে সংগঠনের কার্যক্রমকে আরও গতিশীল করবেন।

তাঁর নেতৃত্বে বিশ্বব্যাপী মানবাধিকার প্রতিষ্ঠা, সুবিধাবঞ্চিত মানুষের অধিকার রক্ষা এবং মানবিক মর্যাদা ও ন্যায়বিচারের মূল্যবোধ সমুন্নত রাখার প্রচেষ্টা আরও জোরদার হবে বলে তিনি প্রত্যাশা ব্যক্ত করেন। ড. সাদিয়া আফরিন এরার উল্লেখযোগ্য স্বীকৃতির মধ্যে রয়েছে ২০২৪ ইউএসএ প্রেসিডেন্টের লাইফটাইম এচিভমেন্ট এওয়ার্ড।

ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভেলপমেন্ট ইউএসএ মানবাধিকার, ন্যায়বিচার, মানবিক মর্যাদা, শান্তি এবং সুবিধাবঞ্চিত মানুষের অধিকার প্রতিষ্ঠায় তার কার্যক্রম অব্যাহত রাখবে।

সংগঠনটি আশা করে, ড. সাদিয়া আফরিন এরার নেতৃত্বে মানবাধিকার সুরক্ষা, সামাজিক উন্নয়ন এবং কমিউনিটির কল্যাণে নতুন উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের সুযোগ আরও প্রসারিত হবে।

ইশরাকের হঠকারিতায় ধ্বংস হতে পারে ক্যারিয়ার

৫ পৃষ্ঠার পর

করা কঠিন। জিরো টলারেন্সের অর্থ হতে হবে- কেউ আইনের ঊর্ধ্বে নন, কেউ রাজনৈতিক পরিচয়ের সুবাদে বিশেষ সুবিধাপ্রাপ্ত নন, আবার কেউ রাজনৈতিক প্রতিহিংসার শিকারও হবেন না। মিঠু ও ইশরাকের ঘটনা দুটি শুধু পদত্যাগের অধ্যায় নয়; এটি ন্যায়বিচার, আইনের শাসন ও রাজনৈতিক সংস্কৃতির পরীক্ষাও। এই পরীক্ষায় উত্তীর্ণ হতে হলে প্রধানমন্ত্রীর কঠোরতা যেন ব্যক্তিবিশেষের বিরুদ্ধে তাৎক্ষণিক পদক্ষেপে সীমাবদ্ধ না থাকে; বরং রাষ্ট্র পরিচালনার প্রতিটি স্তরে সমানভাবে কার্যকর হয়।

তারেক রহমান ক্রমেই অ্যাকশন নিচ্ছেন। সঠিক সিদ্ধান্ত নিতে পিছুপা হচ্ছেন না। আগামী অনেক নেতাকে মাশুলও দিতে হচ্ছে ছোটবড় অপরাধে। কথাও বলতে শুরু করেছেন। ফ্যাসিবাদের সাথে কাদের আঁতাত গড়ে উঠেছে তাও বলে দিচ্ছেন। গোয়েন্দাদের রিপোর্ট তার হাতে। পা ঝাড়া দিয়ে উঠেছেন। রাজনীতির ময়দানে ইতোমধ্যেই কানাঘুষা শুরু হয়েছে। তা দুলছে হাওয়ায়। দেখার জন্য অপেক্ষা করতে হবে।

বাড়ি ক্রয়-বিক্রয় ও ভাড়া
kw LANDMARK II
KELLERWILLIAMS. REALTY
লাইসেন্স বিহীন কোন ব্যক্তির সহযোগিতায় বাড়ি ক্রয়, বিক্রয় করে প্রতারিত হবেন না, আমরা বিনামূল্যে বাড়ি সংক্রান্ত যেকোন বিষয়ে পরামর্শ দিয়ে থাকি।

বিঃদ্রঃ আপনি যদি রিয়েল এস্টেট জব করতে চান আপনাকে ১০০% সহযোগিতা করা হবে।
Md. Alamgir Hossain
Associate Broker
75-35 31st Ave, Suite 202
East Elmhurst, NY 11370
Cell : 347-774-6432
Office : 347-846-1200
Email: mdahossain@kw.com
মোঃ আলমগীর হোসেন
লাইসেন্স এসোসিয়েট ব্রোকার
যোগাযোগ:৩৪৭-৭৭৪-৬৪৩২

REAL ESTATE, DIVORCE, IMMIGRATION & SMALL BUSINESS

বাড়ি ঘর বা ব্যবসা কেনা/বেচা, তালাকের মামলা,
ইমিগ্রেশন, দুর্ঘটনা বা পিছলে পড়া, এবং যাবতীয়
অন্যান্য আইনগত সহায়তার জন্য, অভিজ্ঞ কার্যোপযোগী
বাংলাদেশী এটর্নির সাথে যুগাযুগ করুন
নিউ ইয়র্কের লাইসেন্সধারী অভিজ্ঞ এটর্নি
Hasan Malik, Esq.
718-433-9243
37-13 74TH ST, FLOOR 2
JACKSON HEIGHTS, NY 11372
ATTORNEY ADVERTISING

জ্যাকসন হাইটস ও জ্যামাইকায় দুই যুগেরও বেশি সময় ধরে প্রবাসিদের নিম্নবর্ণিত সার্ভিস গুলি সাফল্যের সাথে সেবা দিয়ে আসছে
TRANS GLOBAL REAL ESTATE & GLOBAL TAX AND FINANCIAL SERVICES
রিয়েল স্টেট ট্যাক্স ও ইমিগ্রেশন সার্ভিসেস

FLORIDA- ফ্লোরিডায়
জমি ও বাড়ীর মালিক হওয়ার অপূর্ব সুযোগ
Please Call: 929-391-6274
For further inquiry
Jackson Height Office:
37-18-74th Street, 2nd Floor,
Jackson Height, NY 11372
Phone: 718-779-7600
Jamaica, Hollis Office:
184-02 Hillside Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: 718-779-7600

TAX Services
ট্যাক্স সার্ভিসেস
25 YEARS EXPERIENCED
Please Call:
718 581 6081
347 392 4312
718 779 7600
AUTHORIZED IRS e-file PROVIDER
TAX FILING, FAST REFUND
REASONABLE FEES!

REAL ESTATE Services
রিয়েল স্টেট সার্ভিসেস
Global Tax and Financial Services
Year round Tax, Immigration, Real Estate & Multi Services

Cell: 718-581-6081, 718-779-7600
Email: rahmangfs@yahoo.com
Maksudur Rahman
I.R.S Registered Tax Preparer

আপনি জানেন কি?
পরীক্ষা ও আবেদন ফি ছাড়া আমেরিকার নাগরিকত্ব লাভের সুযোগ রয়েছে। এছাড়া অন্যান্য ইমিগ্রেশন ফরম ও আবেদন ফি ছাড়া আবেদন করার সুযোগ আছে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

ডিভি লটারিতে বাংলাদেশসহ নেই ২১ দেশ

৬৪ পৃষ্ঠার পর

দপ্তরকে।

গত ১৪ অক্টোবর ক্যালিফোর্নিয়ার ফেডারেল আদালতের বিচারক জিলচুক ওয়তা এ আদেশ দেন। আদালতের নির্দেশ অনুযায়ী, নিবন্ধন কার্যক্রম ৩০ দিন চালু রাখা যেতে পারে। তবে আবেদনের নির্দিষ্ট সময়সূচি, যোগ্যতার শর্ত ও আবেদনপদ্ধতি সম্পর্কে বিস্তারিত জানতে পররাষ্ট্র দপ্তরের আনুষ্ঠানিক ঘোষণার অপেক্ষা করতে হবে।

মামলাটি করেছে রেড ঈগল ল নামের একটি আইন প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির অভিযোগ, নির্ধারিত সময়ে আবেদন গ্রহণ শুরু না করে মার্কিন পররাষ্ট্র দপ্তর কার্যত কর্মসূচিটি স্থগিত রেখেছে। এতে সম্ভাব্য আবেদনকারীদের পাশাপাশি ডিভি লটারিসংক্রান্ত আইনি সহায়তা দেওয়া প্রতিষ্ঠানটিরও আর্থিক ক্ষতি হয়েছে বলে আদালতে দাবি করা হয়।

মামলায় যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও ও দেশটির পররাষ্ট্র দপ্তরকে জবাবদিহির আওতায় আনা হয়। সরকারের পক্ষ থেকে যুক্তি দেওয়া হয়, নির্ধারিত সময় পেরিয়ে যাওয়ার পর আবেদন গ্রহণ শুরু করলে কর্মসূচির নিয়মের সঙ্গে সাংঘর্ষিক পরিস্থিতি তৈরি হতে পারে। তবে বিচারক মনে করেন, কেবল সময়সীমা পেরিয়ে যাওয়ার কারণে কংগ্রেস অনুমোদিত কর্মসূচি বন্ধ রাখা গ্রহণযোগ্য নয়। এ যুক্তিতেই তিনি নিবন্ধন চালুর নির্দেশ দেন।

যেভাবে কাজ করে ডিভি লটারি

ডাইভারসিটি ভিসা কর্মসূচি সাধারণভাবে গ্রিন কার্ড লটারি নামে পরিচিত। এর আওতায় যুক্তরাষ্ট্রে তুলনামূলকভাবে কম অভিবাসী পাঠায়-এমন দেশগুলোর যোগ্য নাগরিকদের প্রতিবছর সর্বোচ্চ ৫৫ হাজার অভিবাসী ভিসা দেওয়ার ব্যবস্থা রয়েছে। নির্বাচিত আবেদনকারীরা নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে যুক্তরাষ্ট্রে স্থায়ীভাবে বসবাসের সুযোগ পেতে পারেন।

অন্যান্য অনেক কর্মভিত্তিক অভিবাসন প্রক্রিয়ার মতো এ লটারিতে অংশ নিতে সাধারণত যুক্তরাষ্ট্রের কোনো প্রতিষ্ঠানের চাকরির প্রস্তাব বা নিয়োগকর্তার পৃষ্ঠপোষকতার প্রয়োজন হয় না। তবে লটারিতে নির্বাচিত হলেই গ্রিন কার্ড নিশ্চিত হয় না। আবেদনকারীকে শিক্ষাগত যোগ্যতা বা নির্ধারিত কাজের অভিজ্ঞতার শর্ত পূরণ, প্রয়োজনীয় কাগজপত্র জমা এবং অভিবাসন ও নিরাপত্তা যাচাইয়ের প্রক্রিয়া সম্পন্ন করতে হয়।

সাধারণত আবেদনকারীর উচ্চমাধ্যমিক শিক্ষা বা সমমানের যোগ্যতা থাকতে হয়। বিকল্প হিসেবে নির্ধারিত শর্ত পূরণকারী পেশায় কাজের অভিজ্ঞতাও গ্রহণযোগ্য হতে পারে।

বাংলাদেশিরা আবেদন করতে পারবেন কি না

আসন্ন ডিভি লটারিতে বাংলাদেশ অংশ নিতে পারবে কি না তা নিয়ে কৌতূহল থাকলেও সম্ভাবনা নেই। ইমিগ্র্যান্ট সংখ্যানুপাতে বাংলাদেশ ও ভারত সহ ২১ দেশ এই তালিকার বাহিরে থাকবে । তবে চূড়ান্ত সিদ্ধান্ত জানতে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের আনুষ্ঠানিক বিজ্ঞপ্তির জন্য অপেক্ষা করতে হবে।

আগামী ২৯ অক্টোবরের মধ্যে আবেদনসংক্রান্ত সময়সূচি ঘোষণার নির্দেশ রয়েছে। বিজ্ঞপ্তিতে অংশগ্রহণের যোগ্য দেশগুলোর তালিকা, আবেদনপদ্ধতি ও অন্যান্য শর্ত প্রকাশ করা হলে বিষয়টি আরও স্পষ্ট হবে।

নৃত্যশিল্পী তাহসিনের মৃত্যুতে শোকে মুহ্যমান কমিউনিটি

৬৪ পৃষ্ঠার পর

বিশিষ্ট নৃত্যশিল্পী ও শিক্ষক তাহসিন ফেরদৌস (৩৫) আর নেই। মেধাবী নৃত্যশিল্পী ও সাংস্কৃতিক সংগঠক তাহসিন ফেরদৌসকে হারিয়ে শোকে মুহ্যমান বাংলাদেশি কমিউনিটি। তার মৃত্যুতে কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে। নিউইয়র্কে সর্ববৃহৎ সাংস্কৃতিক প্রতিষ্ঠান বিপা।

প্রবাসে হাজার হাজার ছেলেমেয়ের সংগীত ও নৃত্যের হাতেখড়ি হয় এই প্রতিষ্ঠান থেকে। তাহসিন এই প্রতিষ্ঠানের একজন সাবেক ছাত্রী ও বর্তমানে শিক্ষকও ছিলেন। নিউইয়র্ক সিটি স্কুলের একজন শিক্ষিক। গত রোববার ১৮ অক্টোবর ভোরে নিউইয়র্কের কুইন্সের জ্যামাইকা হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তিনি আমেরিকান স্বামী, সুফল নামের এক শিশুপুত্র, বাবা, মাসহ অসংখ্য স্বজন, সহকর্মী ও শুভানুধ্যায়ী রেখে গেছেন।

হঠাৎ তীব্র ভাইরাসজনিত সংক্রমণে আক্রান্ত হলে শনিবার জরুরি ভিত্তিতে তাঁকে জ্যামাইকা হাসপাতালে ভর্তি করা হয়। শারীরিক অবস্থার দ্রুত অবনতি ঘটলে চিকিৎসকেরা তাঁকে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) স্থানান্তর করেন। তবে সংক্রমণ দ্রুত পুরো শরীরে ছড়িয়ে পড়ায় চিকিৎসকদের সর্বাত্মক প্রচেষ্টা সত্ত্বেও তাঁর জীবন রক্ষা করা সম্ভব হয়নি।

তাহসীন ফেরদৌস নিউইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের একজন শিক্ষক ছিলেন। পেশার পাশাপাশি তিনি ঐতিহ্যবাহী নৃত্যে বাংলা সাংস্কৃতিক পরিমণ্ডলে বিশেষ সমাদৃত ছিলেন।

মায়ের অনুপ্রেরণায় শৈশবেই বিপা'র মাধ্যমে তাঁর নাচের পাঠ শুরু হয়। বিপা এবং শিব জ্যোতি ডান্স একাডেমির মাধ্যমে তাহসীন নিউইয়র্কের মূলধারার বহু সাংস্কৃতিক মঞ্চ এবং প্রবাসী বাংলাদেশি কমিউনিটির বিভিন্ন গুরুত্বপূর্ণ আয়োজনে নিয়মিত নৃত্য পরিবেশন করে বাংলার ঐতিহ্য তুলে ধরেছেন। সাংস্কৃতিক কর্মকাণ্ডের বাইরেও তিনি ব্রুকলিনের কেনসিংটনসহ স্থানীয় অভিবাসী বাংলাদেশিদের নাগরিক অধিকার রক্ষা ও বিভিন্ন সমাজসেবামূলক উদ্যোগে সক্রিয় ছিলেন।

মাত্র ৩৫ বছর বয়সে সম্ভাবনাময় এই শিল্পীর আকস্মিক মৃত্যুতে নিউইয়র্কের প্রবাসী বাঙালি সমাজ ও সাংস্কৃতিক অঙ্গনে গভীর শোকের ছায়া নেমে এসেছে।

বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করেছেন এবং শোকসন্তপ্ত মা অ্যানি ফেরদৌস ও বাবা জাফর আহমেদসহ পরিবারের প্রতি গভীর সমবেদনা জানিয়েছেন।

বাংলাদেশ সোসাইটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ, সভাপতি আতাউর রহমান সেলিম, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, চট্টগ্রাম সমিতির সভাপতি আবু তাহের, সাধারণ সম্পাদক আরিফুল ইসলাম , নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সভাপতি মনোয়ারুল ইসলাম ও সাধারণ সম্পাদক মমিন মজুমদার পৃথক পৃথক বিবৃতিতে তাহসিনের অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

মন্ত্রী-এমপিদের কঠিন বার্তা দিলেন তারেক রহমান

৬৪ পৃষ্ঠার পর

সরকারী দল বিএনপি'র ভাবমূর্তি বিনষ্ট হয়েছে। তাই তড়িঘড়ি প্রতিমন্ত্রীকে পদত্যাগের নির্দেশ দিলেন প্রধানমন্ত্রী। ইশরাককে প্রতিমন্ত্রীর পদ থেকে সরিয়ে দেওয়া বিএনপি'র জন্যে বড় ঘটনা। রাজধানীতে বিএনপি'র সাংগঠনিক কাঠামোর ভিত্তি অনেকখানি ইশরাক হোসেনের ওপর নির্ভরশীল।

পুরনো ঢাকায় অবস্থিত ঢাকা-৬ আসনের এমপি ব্যারিস্টার ইশরাক হোসেন মুক্তিযুদ্ধ বিষয়ক প্রতিমন্ত্রী হিসাবে দায়িত্ব পালন করছিলেন। তার বাবা সাদেক হোসেন খোকা ছিলেন একজন বীর মুক্তিযোদ্ধা। ঢাকা-৬ আসন থেকে খোকা একবার ভোটে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনাকে হারিয়ে ছিলেন। এতটাই শক্ত তার ঘাঁটি। খোকা ঢাকার মেয়র ছিলেন। মন্ত্রীও ছিলেন। তারই পুত্র ইশরাক হোসেন অনেক জনপ্রিয় একজন নেতা। তার আসনের ঝুঁটি ঘর নামের একটি জায়গা দীর্ঘ দিন যাবত মাদকের আখড়া। এখানে মাদকসেবীরা শুধু মাদক সেবন করে এমন নয়। মাদক ছড়িয়ে দেওয়া হয় দেশের বিভিন্ন স্থানে। ঝুঁটি ঘর এলাকায় ইশরাক মাদকবিরোধী অভিযান চালান। এতে তিনি প্রকাশ্যে পিস্তল হাতে নিয়ে মাদকসেবী ও কারবারীদের তাড়া করেন। এই ভিডিও তিনি আবার সোশ্যাল মিডিয়ায় প্রকাশ করেন। মুহূর্তেই এই ভিডিও ভাইরাল হয়ে যায়। শুরু হয় আলোচনা ও সমালোচনা। বিতর্কিত এই কাজে প্রধানমন্ত্রী ইশরাককে ডেকে নিয়ে প্রতিমন্ত্রীর পদ থেকে পদত্যাগ করার নির্দেশ দেন।

নাটকীয়তার পর ইশরাক সংবাদ সম্মেলনে পদত্যাগের ঘোষণা দেন। জনাকীর্ণ ওই সংবাদ সম্মেলনে তিনি বলেন, তার দল বিএনপিকে বিব্রতকর অবস্থা থেকে বাঁচাতে তিনি পদত্যাগ করার সিদ্ধান্ত নিয়েছেন। তবে তিনি এও বলেন যে, মাদকবিরোধী অভিযান পরিচালনা করে তিনি কোনও ভুল করেননি। বিএনপি'র রাজনীতির জন্যে ইশরাক হোসেন একজন শক্তিশালী নেতা। তার নিজের ভিত্তি অত্যন্ত মজবুত। তবুও প্রধানমন্ত্রী কঠোর সিদ্ধান্ত নিয়েছেন।

সম্প্রতি ইশরাকের ঘটনার আগে মিরপুরে ফেরদৌসী আহমেদ মিষ্টিকে এমপি পদ থেকে পদত্যাগের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। দুর্বৃত্তরা রাজধানী ঢাকার মিরপুরে শিশুদের চিকিৎসাকারী প্রতিষ্ঠান রাজ্জা ক্লিনিক রাতের আঁধারে কয়েক ঘণ্টা হামলা চালিয়ে গুঁড়িয়ে দিয়েছে। পুলিশ এই হামলা বন্ধ করতে কোনও ভূমিকা পালন করেনি। এই হামলার নেপথ্যে ফেরদৌসী আহমেদ মিষ্টির জড়িত থাকার অভিযোগ মিডিয়ায় প্রকাশিত হয়। প্রধানমন্ত্রী তারেক রহমান তাৎক্ষণিকভাবে মিষ্টিকে এমপি পদ থেকে পদত্যাগ করার নির্দেশ দেন। মিষ্টি পুরনো ঢাকার বিএনপি নেতা নাসির উদ্দিন আহমেদ পিন্টুর বোন এবং মিরপুরে বিএনপি দলীয় ওয়ার্ড কমিশনার নিউটনের স্ত্রী। পিন্টু পদকধারার হিসাবে পরিচিতি লাভ করে কারাগারে মারা যান। নিউটনকেও দুর্বৃত্তরা গুলি করে হত্যা করে। পিন্টু ও নিউটনের শক্তিশালী অবস্থানের কারণে মহানগর বিএনপি'তে মিষ্টির অবস্থানও পাকাপোক্ত। কিন্তু মিষ্টির হম-হামলায় রাজ্জা ক্লিনিক গুঁড়িয়ে দিলে প্রধানমন্ত্রী মিষ্টির এমপি পদ থেকে তাকে পদত্যাগের নির্দেশ দেন।

প্রধানমন্ত্রী তারেক রহমান এই দুইটি ঘটনার মাধ্যমে তার দলের মন্ত্রী-এমপিদের সুস্পষ্ট বার্তা দিয়েছেন যে, দলের জন্যে কেউ অপরিহার্য নয়। কেউ তার অপকর্মের মাধ্যমে বিএনপিকে বিব্রতকর পরিস্থিতির মধ্যে ফেললে অবশ্যই ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রধানমন্ত্রী তার দুইটি বার্তার পর মন্ত্রী ও এমপিরা সতর্ক হয়ে পড়েছেন। সবাই দুর্গাপূজায় নিজ নিজ এলাকায় গিয়ে শান্তিপূর্ণ উপায়ে পূজা উদযাপনে সহায়তা করেছেন। মন্ত্রী-এমপি কিংবা বিএনপি'র দলীয় কর্মীর বিরুদ্ধে অপতৎপরতা শুধু নয়; প্রত্যাহিত যে কোনও আইন লংঘনের ঘটনা চোখে পড়লে সেখানেও একইভাবে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করছেন প্রধানমন্ত্রী। এমন ঘটনা প্রসঙ্গে সম্প্রতি দিলীপ কুমার আগরওয়ালাকে গ্রেফতারের বিষয়টি উল্লেখযোগ্য। আগরওয়ালা খুবই প্রভাবশালী হওয়ার পরও তিনি গ্রেফতার হয়েছেন।

প্রধানমন্ত্রী তারেক রহমান বেআইনি কর্মকাণ্ডের বিরুদ্ধে সক্রিয়। রাজধানী ঢাকার মিরপুরে ফুটপাত থেকে হকার উচ্ছেদ করার উদ্যোগ নিয়েছেন। এ নিয়ে হকার এবং পুলিশের মধ্যে সংঘর্ষ হয়েছে। শেষ পর্যন্ত হকার উচ্ছেদ করা সম্ভব হয়েছে। এখন পর্যন্ত নতুন হকার সেখানে বসেনি। প্রধানমন্ত্রী তারেক রহমান বিভিন্ন ক্ষেত্রে সক্রিয় রয়েছেন। কিন্তু আমলাতন্ত্র সেখানে সহযোগিতা করছে না। প্রকৃতপক্ষে প্রধানমন্ত্রী তারেক রহমান ব্যক্তিগতভাবে সফল সরকার প্রধান হতে চাইছেন। কিন্তু তার দলের লোকজন এবং আমলারা সেই কাজে আন্তরিক সহায়তা করছে না। এটা এখন দিবালোকের মতো স্পষ্ট।

প্রধানমন্ত্রী তারেক রহমানের সামনে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো আইন-শৃঙ্খলা পরিস্থিতির উন্নতি ঘটিয়ে দেশে স্থিতিশীল অবস্থার সৃষ্টি করা। দেশে নিয়মতান্ত্রিক পরিস্থিতিতে না গেলে বিনিয়োগ হবে না। বিনিয়োগ না হলে কর্মসংস্থান সৃষ্টি হবে না। বিশ্বব্যাংক, আইএমএফ ও এডিবি যে পূর্বাভাস দিচ্ছে তাতে সামনের দিনে প্রবৃদ্ধি নিম্নমুখী হবে। এই অবস্থা থেকে উত্তরণ ঘটাতে না পারলে উন্নতি করা সম্ভব হবে না। পরিস্থিতির গোটা চিত্র আঁচ করতে পেরেই প্রধানমন্ত্রী তারেক রহমান শক্ত হাতে সবকিছু মোকাবেলা করতে চাইছেন। এই ক্ষেত্রে রাজনৈতিক বাঁধা তিনি ধরেছেন। তিনি বলেছেন, তার কাছে গোয়েন্দা তথ্য আছে যে, ফ্যাসিস্ট ও গুপ্ত এক হয়েছে। একজন দেশের বাইরে থেকে টাকা পাঠাচ্ছে। আরেকজন দেশের ভেতরে ষড়যন্ত্র করছেন। দুইয়ে মিলে দেশে অস্থিতিশীলতা সৃষ্টি করতে চায়। প্রধানমন্ত্রী মূলত দেশের বাইরে শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ এবং দেশের ভেতরে জামায়াতে ইসলামীর প্রতি ইঙ্গিত করেছেন। এখন প্রশ্ন হলো, এটা কি কথার কথা নাকি এর বাস্তবিক কোনও ভিত্তি আছে?

নির্বাচনের পর মধ্যপ্রাচ্য অস্থির হয়ে উঠবে?

৬৪ পৃষ্ঠার পর

জানিয়েছেন। একই সাথে সৌদিস্থ মার্কিন দূতাবাসকে সর্বোচ্চ সতর্কাবস্থায় থাকার আদেশ দেয়া হয়েছে। যুক্তরাষ্ট্রের আশংকা বিমানবন্দরে সাম্প্রতিক প্রাণঘাতী হামলার পর হুথিরা আরও হামলা চালাতে পারে।

হঠাৎ করেই মার্কিন এই সিদ্ধান্তে নানা জল্পনা কল্পনার জন্ম দিচ্ছে। ডিপ্লোম্যাটদের সরিয়ে নেবার নেপথ্য কারণ ভিন্ন হতে পারে। প্রেসিডেন্ট ট্রাম্প আগেই বলেছেন, মধ্যবর্তী নির্বাচনের জন্য হামলা স্থগিত করা হলো। নির্বাচনের পর আবার ইরানে হামলা হবে। তাদের মানচিত্রই পাল্টে দেব। ইতোমধ্যেই ৩টি যুদ্ধ জাহাজ মধ্যপ্রাচ্যে মোতায়েন করেছে। একই সাথে ট্রাম্প দাবি করেছে, ইরান নানাভাবে যুক্তরাষ্ট্রের নির্বাচনকে প্রভাবিত করার চেষ্টা করছে। ইতোমধ্যেই ইরান সমর্থিত হুথিরা যুক্তরাষ্ট্রের মিত্র হিসেবে পরিচিত সৌদির মাটিতে হামলা চালিয়েছে। কূটনীতিকরা বলছেন, ৩ নভেম্বরের নির্বাচনের পর অস্বাভাবিক ঘটনা ঘটতে পারে মধ্যপ্রাচ্যে। তার সতর্কতায় ট্রাম্প প্রশাসন কূটনীতিকদের সরিয়ে নিচ্ছেন। সৌদি, তুরস্ক ও পাকিস্তানের মহাজোটও ধীর গতিতে এগুচ্ছে। ইরান নিয়েও তাদের নানা প্রশ্ন রয়েছে। এই জোটও যুক্তরাষ্ট্রের নির্বাচনী ফলাফলের দিকে তাকিয়ে আছে। তাদের ধারণা, এই নির্বাচনে ডেমোক্রাটরা জয়ী হলে ওয়াশিংটনের হাওয়া পরিবর্তন হতে পারে। নির্বাচনের পরই প্রেসিডেন্ট ট্রাম্পকে ভালোভাবে 'রিড' করা যাবে।

স্টেট ডিপার্টমেন্টের মুখপাত্র টমি পিগট 'এক্স' এ দেওয়া এক পোস্টে জানিয়েছেন, ইয়েমেনের ইরান-সমর্থিত হুথি গোষ্ঠী সৌদি আরবের বেসামরিক লক্ষ্যবস্তুতে হামলা চালাচ্ছে। এই পরিস্থিতির প্রেক্ষাপটে, স্টেট ডিপার্টমেন্ট কেবল সৌদি আরবে অবস্থানরত "জরুরি প্রয়োজন ছাড়া অন্য মার্কিন সরকারি কর্মচারী এবং তাঁদের পরিবারের সদস্যদের" চলে যাওয়ার নির্দেশ দিয়েছে। ফেব্রুয়ারির শেষ দিকে ইরানের বিরুদ্ধে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের যুদ্ধ শুরু হওয়ার পর তেহরান যখন মার্কিন স্থাপনাগুলোতে হামলা চালায়, তখন অনেক কূটনৈতিক কর্মীকে অঞ্চলটি থেকে সরিয়ে নেওয়া হয়েছিল। তবে সাম্প্রতিক মাসগুলোতে ওয়াশিংটন তাদের কিছু কূটনৈতিক কর্মীকে সেখানে ফিরিয়ে এনেছিল।

পিগট বলেন, ইরান-সমর্থিত হুথিরা সৌদি আরবের বিরুদ্ধে শত্রুতা বাড়িয়ে দিয়েছে। তারা বেসামরিক বিমানবন্দরসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ অবকাঠামোতে হামলা চালাচ্ছে, যার ফলে বেসামরিক মানুষ হতাহত হচ্ছেন এবং যাতায়াত ব্যবস্থায় মারাত্মক বিঘ্ন ঘটছে। যুক্তরাষ্ট্রের চার কর্মকর্তা রয়টার্সকে জানিয়েছেন যে, পারস্য উপসাগরীয় অন্যান্য দেশে অবস্থিত মার্কিন মিশনগুলো থেকেও কর্মীদের পরিবারের সদস্যদের চলে যাওয়ার নির্দেশ দেওয়া হবে। তবে সৌদি আরবের বাইরে অন্যান্য মিশনের ক্ষেত্রে কোনো পরিবর্তন আনা হচ্ছে কি না, সে বিষয়ে পিগট কিছু জানাননি।

এই নতুন করে কর্মী সরিয়ে নেওয়ার ঘটনাটি ইয়েমেনে সংঘাত বৃদ্ধির প্রেক্ষাপটে ঘটেছে। এটি ইরানকে কেন্দ্র করে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের শুরু করা যুদ্ধের একটি নতুন ফ্রন্ট বা রণক্ষেত্র খুলে দিয়েছে। এই বৃহত্তর সংঘাত বিশ্ব জ্বালানি বাণিজ্যকে ব্যাহত করেছে এবং উপসাগরীয় দেশগুলোর অর্থনীতির ওপর নেতিবাচক প্রভাব ফেলেছে।

এই নির্দেশ জারির পর, সৌদি আরবের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ জানিয়েছে, দাম্মামের কিং ফাহাদ আন্তর্জাতিক বিমানবন্দরে একটি হামলায় একজন নিহত ও আটজন আহত হয়েছেন। জ্বালানি মন্ত্রণালয় জানিয়েছে, এর আগে সৌদি আরবের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা একটি ড্রোনকে প্রতিহত করে, যা সৌদি আরামকোর শায়বাহ তেলক্ষেত্রের একটি স্থাপনায় আঘাত হানার চেষ্টা করছিল। এই ঘটনায় দুজন নিহত হন।

রিয়াদে অবস্থিত মার্কিন দূতাবাস বুধবার সৌদি আরবে হুথিদের সম্ভাব্য আরও হামলার বিষয়ে একটি নিরাপত্তা সতর্কতা জারি করেছে। এর আগে রিয়াদের বিমানবন্দরসহ বেশ কয়েকটি স্থানে প্রাণঘাতী হামলা চালিয়েছিল হুথিরা।

ইরান ফেব্রুয়ারিতে যুদ্ধ শুরুর পরপরই রিয়াদে অবস্থিত মার্কিন দূতাবাস এবং সেখানে থাকা সিআইএ এর একটি কেন্দ্রে ড্রোন হামলা চালানো হয়েছিল। (রয়টার্স ও পলিটিকো'র সহায়তায় রিপোর্টটি তৈরি)

উৎসবমুখর পরিবেশে নির্বাচনের প্রত্যাশা কমিশনের

৬৪ পৃষ্ঠার পর

নির্বাচন কমিশনার বলেছেন, একটি অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও উৎসবমুখর নির্বাচন আয়োজনের লক্ষ্যে কমিশন প্রয়োজনীয় সব প্রস্তুতি শেষ করেছে। নির্বাচন সফল করতে প্রার্থী, ভোটার, সমর্থক ও সংশ্লিষ্ট সবার আন্তরিক সহযোগিতা কামনা করেছেন তিনি।

আবু নাসের বলেন, নির্বাচন কমিশনের প্রত্যেক সদস্য অত্যন্ত আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে অক্লান্ত পরিশ্রম করছেন। ভোটাররা যাতে নির্বিঘ্নে তাঁদের ভোটাধিকার প্রয়োগ করতে পারেন এবং পুরো নির্বাচনী প্রক্রিয়া সুশৃঙ্খলভাবে সম্পন্ন হয়, সে লক্ষ্যেই কমিশন কাজ করে যাচ্ছে। প্রধান নির্বাচন কমিশনার আশাবাদ ব্যক্ত করে বলেন, সবার সহযোগিতা পেলে এবারের নির্বাচন অত্যন্ত সুন্দর, সুষ্ঠু ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হবে। তিনি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থী ও তাঁদের সমর্থকদের দায়িত্বশীল আচরণ এবং ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের আহ্বান জানান।

আবু নাসের জানান, এবারের নির্বাচনে ইলেকট্রনিক ভোটিং মেশিন বা ইভিএমের মাধ্যমে ভোটগ্রহণ করা হবে। এ জন্য মোট ৭০টি মেশিন প্রস্তুত রাখা হয়েছে। এর মধ্যে ৬০টি ভোটগ্রহণের কাজে ব্যবহার করা হবে এবং বাকি ১০টি মেশিন রিজার্ভ থাকবে। ভোটগ্রহণ শেষে উডসাইড কেন্দ্রে নির্বাচনের ফলাফল ঘোষণা করা হবে।

বাংলাদেশ সোসাইটির এবারের নির্বাচনে কার্যনির্বাহী পরিষদের ২১টি পদে মোট ৪৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। দুটি পূর্ণাঙ্গ প্যানেলের ৪২ জন প্রার্থীর পাশাপাশি সাধারণ সম্পাদক পদে একজন স্বতন্ত্র প্রার্থী রয়েছেন।

নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছে বর্তমান সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলীর নেতৃত্বাধীন 'সেলিম-আলী' প্যানেল এবং সাবেক সভাপতি আজমল হোসেন কুনু ও ফিরোজ আহমেদের নেতৃত্বাধীন 'কুনু-ফিরোজ' প্যানেল। সভাপতি, সিনিয়র সহসভাপতি, সহসভাপতি, সাধারণ সম্পাদক, সহ-সাধারণ সম্পাদক, কোষাধ্যক্ষসহ বিভিন্ন সম্পাদকীয় পদ এবং ছয়টি কার্যনির্বাহী সদস্যপদে ভোট অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিশন ঘোষিত কেন্দ্রগুলো হলো কুইন্সের উডসাইডে ৫৮ ম্যানর, ব্রুকলিনের কলাম্বাস হল, ব্রঙ্কসের গোল্ডেন প্যালেস, জ্যামাইকার অজন পার্টি হল এবং ওজন পার্কের ম্যাজেস্টিক ম্যারবুইন।

নির্বাচন কমিশনের ওয়েবসাইটে ভোটারদের নিজ নিজ কেন্দ্র, ভোটার নম্বর ও নির্ধারিত ভোটিং টেবিলের তথ্য যাচাই করার ব্যবস্থা রাখা হয়েছে।

নির্বাচন কমিশনের অন্য সদস্যরা হলেন মিব বদরুল এইচ. খান, মোহাম্মদ শামসুদ্দিন আজাদ, মো. রুহুল আমিন সরকার, আহবাব চৌধুরী, মিঠু হামিদ ও মোহাম্মদ দুলাল মিয়া।

৩ নভেম্বর যুক্তরাষ্ট্রের মধ্যবর্তী নির্বাচন

৬৪ পৃষ্ঠার পর

যা হওয়ার সম্ভাবনা আমার কাছে ক্ষীণ বলেই মনে হয়।

২০২০ সালের নির্বাচনে জো বাইডেন জয়লাভ করেছিলেন। তখন একই কথা বলা হতো রিপাবলিকান আইনপ্রণেতারা প্রেসিডেন্ট ট্রাম্পের চাপে জোসেফ বাইডেনের জয়ের জন্য ইলেক্টোরাল কলেজের ফলাফলকে চ্যালেঞ্জ করবে। ২০২১ সালের ৬ জানুয়ারি ঠিক সেটাই ঘটেছি। ট্রাম্প সমর্থকরা ক্যাপিটল হিলে আক্রমণ করেছিল। এরপরও রিপাবলিকানদের একটি বড় অংশ ট্রাম্পের রক্তচক্ষুকে উপেক্ষা করে নির্বাচনী ফলাফলকে সার্টিফাই করতে সমর্থন দিয়েছিল।

২০২৬ সালেও একই ধরনের আশংকা থেকে কংগ্রেসের দুই মধ্যপন্থী সদস্য (উভয় দলের) তাদের সহকর্মীদের আহ্বান জানিয়েছেন যেন তারা নির্বাচনের ফলাফল মেনে নেওয়ার প্রতিশ্রুতি দেন। এবং বিজয়ীদের দায়িত্ব গ্রহণকে বাধাগ্রস্ত বা বিলম্বিত করার যেকোনো প্রচেষ্টাকে প্রতিহত করেন। নিউ ইয়র্কের ডেমোক্র্যাট প্রতিনিধি এবং সংখ্যালঘু নেতা হাকিম জেফ্রি বলেছেন, তার দল সব ধরনের পরিস্থিতির জন্য প্রস্তুতি নিচ্ছে। এর মধ্যে রয়েছে ৩রা নভেম্বরের সাধারণ নির্বাচনে আমেরিকান জনগণের দেওয়া রায়কে ৩রা জানুয়ারি নতুন কংগ্রেসে নিশ্চিত করা। এই দিনেই পরবর্তী কংগ্রেসের অধিবেশন বসার কথা রয়েছে।

সংবিধান অনুযায়ী, প্রতিটি অঙ্গরাজ্য তাদের নিজস্ব নির্বাচন পরিচালনার ক্ষমতা রাখে। তারা বিজয়ী প্রার্থীদের নাম নিশ্চিত করে নির্বাচন সংক্রান্ত সনদপত্র হাউস (প্রতিনিধি সভা) ও সিনেটে পাঠিয়ে থাকে। কয়েক দশক ধরে এই সনদ প্রদানের বিষয়টি ছিল একটি নিয়মিত প্রক্রিয়া। তবে ২০২০ সালের নির্বাচনের পর থেকে, কিছু অঙ্গরাজ্যের কর্মকর্তা নির্বাচনের ফলাফল প্রত্যয়ন (সার্টিফাই) করার বিপক্ষে ভোট দিয়েছেন অথবা তা করতে অস্বীকৃতি জানানোর হুমকি দিয়েছেন। যদিও এসব প্রচেষ্টা সফল হয়নি। তবে অনেক ক্ষেত্রে অন্যান্য কর্মকর্তা ও আদালতকে হস্তক্ষেপ করতে হয়েছে।

ফেডারেল নির্বাচন বিশেষজ্ঞদের কেউ কেউ মনে করেন, মধ্যবর্তী নির্বাচনের ফলাফল উল্টে দেওয়ার বা তা নিয়ে সন্দেহ সৃষ্টির প্রচেষ্টায় এটিই হতে পারে সবচেয়ে বড় সংকটময় মুহূর্ত। ডেমোক্র্যাটদের আশঙ্কা, ডোনাল্ড ট্রাম্প নির্বাচনের স্বচ্ছতা নিয়ে মিথ্যা দাবি প্রচার করছেন। এতে ভোট গণনা, যাচাই-বাছাই এবং ফলাফল প্রত্যয়নের প্রক্রিয়াকে চ্যালেঞ্জ করার একটি ভিত্তি তৈরি করা হচ্ছে।

যদি কোনো আসনের ফলাফল প্রত্যয়ন না করা হয়, তবে নতুন কংগ্রেসের প্রথম অধিবেশনে সেই আসনগুলো খালি থেকে যেতে পারে, যা প্রতিনিধি সভায় ক্ষমতার ভারসাম্যের ওপর প্রভাব ফেলতে পারে। ২০২১ সালে, আপস্টেট নিউ ইয়র্কের একটি আসন এক মাসেরও বেশি সময় ধরে খালি ছিল, কারণ তখন নির্বাচন সংক্রান্ত একটি বিরোধ আদালতে বিচারাধীন ছিল।

কংগ্রেসে নতুন নেতৃত্বের আগমনের এই পর্যায়টি বিরোধ সৃষ্টির সুযোগ তৈরি করতে পারে। যেহেতু প্রতি দুই বছর অন্তর প্রতিনিধি পরিষদের (হাউস অব রিপ্রেজেন্টেটিভস) প্রতিটি আসনের জন্য নির্বাচন অনুষ্ঠিত হয়, তাই নতুন কংগ্রেসের শুরুতে নবনির্বাচিত প্রতিনিধিদের শপথ গ্রহণ করতে হয়। বিদায়ী প্রতিনিধি পরিষদ-এবং এর নিয়ন্ত্রণকারী সংখ্যাগরিষ্ঠ পক্ষ ৩রা জানুয়ারি দুপুর ১২টায় তাদের কার্যকাল শেষ করে। এবং নতুন কংগ্রেস গঠিত হয়।

এই অন্তর্বর্তীকালীন সময়ে, যখন কেউ দায়িত্বে থাকেন না, তখন ফেডারেল আইন অনুযায়ী প্রতিনিধি পরিষদের ক্লার্কের ওপর নতুন সদস্যদের তালিকা প্রস্তুত করার দায়িত্ব বর্তায়। ক্লার্ক হলেন এই কক্ষের প্রধান প্রশাসনিক কর্মকর্তা, যাকে স্পিকার মনোনীত করেন এবং পরবর্তীতে নির্বাচিত করা হয়। আইন অনুযায়ী, ক্লার্ক কেবল সেই ব্যক্তিদেরই তালিকায় অন্তর্ভুক্ত করবেন, যাদের নথিপত্র বা প্রমাণপত্র থেকে এটি নিশ্চিত হওয়া যায় যে, তারা অঙ্গরাজ্য ও ফেডারেল আইন মেনে যথাযথভাবে নির্বাচিত হয়েছেন। (নিউইয়র্ক টাইমসের সহায়তায় রিপোর্টটি তৈরি হয়েছে)

জ্যাকসন হাইটস, উডসাইড এ নিরিবিলি পরিবেশে
বাংলাদেশী ডাক্তার
মেডিসিন বিশেষজ্ঞ
Internal Medicine
Geriatric Medicine
শামীম আহমেদ এম, ডি
• আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
• নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
• ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।
35-30 , 64th Street, Woodside NY 11377 (Subway E, F, R, N, V, G, 7)
TEL: 718-205-6561

Starling Car Service LLC
Best Choice for your trip
একটি বাংলাদেশী প্রতিষ্ঠান
* 24 Hours Service
* Experienced & Professional Driver
* Affordable Price
* Airport Service
* Long Distance - Short Distance Hourly Service
* Special Occasions Service
* Wheelchair Available
* Corporate Transporation
Please Contact:
Md. Kamroul Hasan
President & CEO
718-612-8825
2115 Starling Ave
2nd Fl, Bronx
NY 10462
Tel: 718-612-8825
914-294-1845
Email: starlingcarservice@gmail.com
We arrange
Base Letter & Base Affiliate

Amader Service.com
Your Trusted Service Partner
আমাদের সেবাসমূহ
ইভেন্ট ম্যানেজমেন্ট
১. ইভেন্ট ডেকোরেশন
২. ফুড সাপ্লাই
৩. ফটোগ্রাফী
৪. ভিডিওগ্রাফী
হোম সার্ভিস
১. ফার্নিচার সেটআপ
২. ইলেট্রিক্যাল
৩. প্লাম্বিং
৪. রিপিয়ারিং (কন্সট্রাকশন)
৫. সার্ভিলেন্স ক্যামেরা
অফিস এ্যাডভাইজারী
১. ভিসা প্রসেসিং
২. পাসপোর্ট রিনুয়াল
৩. যেকোন ধরণের ইমিগ্রেশন ফরম
৪. ডিএমভি সার্ভিস
৫. ইবিটি, ফুড ষ্ট্যাম্প, রেন্টাল এসিসট্যান্ট
৬. হোম কেয়ার
এছাড়াও আমরা বাংলাদেশে বাড়ি, প্লট, জমি ক্রয়-বিক্রয় করে থাকি এবং আপনার বিল্ডিং ম্যানেজমেন্ট এর দায়িত্ব নিয়ে থাকি।
Get all services you need in one place from professional expart, at home!
এ্যাপসটি ডাউনলোড করে আপনার মোবাইল থেকে সরাসরি অর্ডার করুন।
GET IT ON Google Play
GET IT ON App Store
CONTACT
+1 917 519 1151, +1 929 569 9350, +1 347 659 8410
www.amaderservice.com

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন
STAR
Photography
শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার
হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান
Please contact for all Your Professional Photography Like events News Conference Wedding Reception & Modelling
NEHER SIDDIQUEE
MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

In the name of Allah, the most beneficent, the most merciful

JMC

ট্রাস্টি বোর্ড ও নির্বাহী কমিটি আপনাকে ও আপনার পরিবারকে
সাদর আমন্ত্রণ জানাচ্ছে আমাদের

বিশেষ ফান্ডরেইজিং ডিনার

জেএমসির সম্প্রসারণ প্রকল্প সম্পন্ন করার লক্ষ্যে

শনিবার, ২৪ অক্টোবর, ২০২৬। বিকেল ৫:৩০ মিনিট

New York LaGuardia Airport Marriott
102-05 Ditmars Blvd., East Elmhurst, NY 11369

KEY NOTE SPEAKER
- **Sheikh Usman bin Farouk,** Renowned Da'i and Interfaith Scholar

GUEST SPEAKERS
- **Sheikh Dr. Zakir Ahmed,** Renowned Islamic Scholar
- **Imam Abu Zafar Beg,** Lead Imam, Jamaica Muslim Center
- **Imam Shamsi Ali,** Director, Jamaica Muslim Center

জামাইকার অন্যতম প্রাচীন মসজিদের সম্প্রসারণ প্রকল্পে আপনার সহযোগিতা কামনা করছি। আপনার সহায়তায় আমাদের তরুণ প্রজন্ম ও কমিউনিটির জন্য গড়ে উঠবে একটি সুন্দর ও আপন পরিবেশ-যেখানে সবাই একসঙ্গে বেড়ে উঠবে, জ্ঞান অর্জন করবে এবং ইবাদত করবে।

SUGGESTED DONATION
$250 PER PERSON OR **$1000** FOR A FAMILY OF FOUR.

Aftab Mannan, Chairman, Fundraising Committee | 516-250-8708

Mohammad M. Rahman Tuheen, M.D. Chairman, BOT | 718-864-8882
Nazmul H. Khan, M.D. President | 516-428-1010
Mohammed Fakhrul Islam Delwar General Secretary | 917-494-5163

FUNDRAISING COMMITTEE MEMBERS

Asabur Rahman (516-316-9209), Muhibul Islam (516-343-0244), Syed Rahman Labu (917-355-6799)
Rashid Rana (917-856-6584), Nasir Uddin (718-300-9547), Azahar Haque (917-517-1252)
Sheyeb Bakth (917-853-0026)

JAMAICA MUSLIM CENTER
85-37 168th Street, Jamaica, NY 11432, Tel: 718-739-3182

পায়ের বিশেষজ্ঞ চিকিৎসক

Bangladeshi Foot Specialist

Dr. Sadi Alam

পায়ের কোন সমস্যায় ভুগছেন ?

নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন

ডায়াবেটিক রোগীদের ইন্স্যুরেন্সের মাধ্যমে ডায়াবেটিক জুতা দেওয়া হয়।

We Accept Wellcare, Fidelis, Medicare, Metroplus, Healthfirst and other private insurances.

Our Office Locations

01 16605 Highland Ave, Suite L-1, Jamaica, NY 11432
02 264-02 Hillside Ave, Floral Park, NY 11004
03 486 McDonald Ave, Brooklyn, NY 11218
04 7017 37th Ave, Jackson Heights, NY 11372
05 7721 101th Ave, Ozone Park, NY 11416
06 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

Phone: 347-509-4470, Fax: (646) 845-1861

আজই আপনার ডাক্তারকে রেফারেলের জন্য জিজ্ঞাসা করুন।

Call for Appointment

ESTD 2017

Tribune Training Academy

Workplace Safety Training School

40-38 75th Street,
Jackson Heights, NY 11373
(718) 790-2664
tribunest@gmail.com
www.tribunest.com

40-HR OSHA/SST: $400

Tribune Training Academy is an outstanding institution with a proven track record of excellence that has made it a top player in the field of safety and technical training. Based in New York City, our esteemed organization has continuously set the standard for quality education through our unwavering commitment to providing the very best in certification training. Below are a list of some of the courses we offer:

- 30 Hour OSHA Training
- 40 Hour OSHA/SST
- 62 Hour Supervisor SST
- 4,16 & 32 Hour Scaffold
- 8-Hour EPA Lead Renovator
- NYS Security Guard License
- Fire Guard/FSD Training
- Work-zone Flagger
- Forklift/Scissor Lift Operator
- Defensive Driving Course

40-HR OSHA/SST: $400 (LIMITED TIME OFFER)

Get your 40-Hour OSHA/SST Training for only $400. This is a limited time offer only and this rate will not be honored once this promotional rate ends.

আমেরিকা তথা নিউইয়র্ক এ একটি গর্বিত বাড়ির মালিক হতে চান?

আমরা স্বাচ্ছন্দ্য মুল্যে বাড়ি ক্রয় বিক্রয়ে নিশ্চয়তা দিয়ে থাকি।

REALTOR® MLS EQUAL HOUSING LENDER

KAZI N JALAL
Licensed Sale Agent

ARA REALTY SERVICES INC

A full Service Real Estate Brokerage of Professional Company

158-10 84th Drive Jamaica, NY 11432
Email: realtornykazi@gmail.com
Office: 917-417-6766
Cell: 516-439-0156

CHAUDRI CPA P.C.

FINANCE, ACCOUNTING, TAX, AUDIT & CONSULTING

Sarwar Chaudri, CPA, MBA

ট্যাক্স একটি গুরুত্বপূর্ণ বিষয়
অহেতুক ঝামেলা এড়াতে
অভিজ্ঞ সিপিএ'র তত্ত্বাবধানে
ট্যাক্স ফাইলিং করুন

ব্যক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
অডিট, ফাইন্যান্শিয়াল স্টেটমেন্ট, বুককিপিং
অ-লাভজনক ব্যবসা প্রতিষ্ঠা, লাইসেন্স ও পে-রোল
আইআরএস এবং নিউইয়র্ক স্টেট ট্যাক্স সমস্যা সমাধানে অভিজ্ঞ

IRS e-file PROVIDER

Individual and Business Tax Audit, Financial Statement Bookkeeping, Non-Profit Business Setup, Licensing & Payroll Specialized in IRS & NYS Tax problem resolution

tax refund

Finance, Accounting, Tax Filing, Audit & Consulting
(Business & Not for Profit)

JACKSON HEIGHT OFFICE:
74-09 37th Ave, Bruson Building, Suite # 203
Jackson Height, NY 11372, Tel: 718-429-0011
Fax: 718-865-0874, Cell: 347-415-4546
E-mail: chaudricpa@gmail.com

BRONX OFFICE:
1595 Westchester Avenue
Bronx, NY 10472
Cell: 347-415-4546 / 347-771-5041
E-mail: chaudricpa@gmail.com

জব জব হেল্প জব

Job Help Application Processing Service

917-500-3937

OUR SERVICES

- পোষ্টাল জব
- ফেডারেল জব
- স্টেট জব
- এম. টি. এ জব
- সিটি জব
- রেজুমী তৈরী
- কভার লেটার
- সিটিজেনশিপ এপ্লিকেশন প্রসেসিং
- নিউ পাসপোর্ট/রিনিউয়াল
- ডুয়েল সিটিজেনশিপ
- ফুড স্ট্যাম্প
- ডিজএবিলিটি (SSI)
- সোশ্যাল সিকিউরিটি (SS)
- রিটারম্যান্ট বেনিফিট

Md. Ali
B.Sc. LLB
Chittagong University
Retired Govt. Officer
Bangladesh

148-45, Hillside Ave, 2nd Fl, Suite 204
Jamaica, NY 11435

Phone/Fax: 917-200-6160

আমাদের প্রতিশ্রুতি – নিরাপত্তা, নিশ্চয়তা ও সাশ্রয়ী মূল্যের ইন্স্যুরেন্স সেবা প্রদান করা

EnR Insurance BroKerage

একটি বিশ্বস্ত এবং অভিজ্ঞ বাংলাদেশী প্রতিষ্ঠান

4122 75th Street
Elmhurst, NY 11373
(718) 310-0413

আমাদের ইন্স্যুরেন্স সেবাসমূহঃ

হোম ইন্স্যুরেন্স
- Home/ Co-op/ Condo/Renters
- High Value Home
- Vacant Property/ Land
- Builders Risk

Home Business
Masjid, Church & Temple
Umbrella Insurance & More

কমার্শিয়াল ইন্স্যুরেন্স
- Commercial Property
- Commercial Package Policy
- Business Owners Policy
- Disability Insurance
- Workers' Compensation
- Professional Liability
- Construction Insurance
- One Day Event

আমরা মেডিকেয়ার ইন্স্যুরেন্স সেবাও দিয়ে থাকি
Providers: HealthFirst, VNS, United, WellCare, Aetna, Fidelis Care

Home Insurance Carriers
DB Insurance, Hyundai, Liberty Mutual, Otsego Mutual, Travelers, Associated Mutual, Sterling, Kingstone, Security Mutual & More.

Mohammed Tohin, Broker
info@enrinsurance.com
Fax: (718) 650-2245
www.enrinsurance.com

LIBERTY REAL ESTATE SCHOOL

NYS Approved Real Estate School

রিয়েলএস্টেটের লাইসেন্স করুন
বছরে লক্ষ ডলার আয় করুন

বিস্তারিত তথ্য এবং ক্লাসের সময় সুচি জানতে কল করুন +1 (929) 393-8620

- SALESPERSON COURSE : 75 HOURS
- CONTINUING EDUCATION : 22.5 HOURS
- BROKER COURSE : 45 HOURS

YOU LEARN :
- The easiest way to buy and sell a home
- Learn for Being a professional Realtor or for knowledge
- Buying and selling a home as an investment
- The market price of house goes up and down
- Buy for profit, sell for profit (fix-flip)
- What to do to buy your own house
- Rules of buying and selling properties
- Different types of mortgage loans

Jackson Heights Office: 37-22 73rd Street, Suite 2A
Jamaica Office: 167-16 Hillside Avenue
917 781 0647, 929 399 9352
libertyrealestateschool@gmail.com

TOUR Packages

১ দিনের ট্যুর (নিউইয়র্ক থেকে)

বস্টন ভ্রমণ	$ ১১৯
আমেরিকান ড্রিম মল	$ ৩০
ওয়াশিংটন ডিসি	$ ১০৯
ফিলাডেলফিয়া (চেরি ব্লসম)	$ ১০৯
লেগোল্যান্ড, নিউইয়র্ক	$ ১৪৮
চুয়াং ইয়েন মনাষ্ট্রি ও মহাযান টেম্পল	$ ৭৮
ফল সংগ্রহ ও হ্যাপি ফার্ম	$ ৬৮
ড্রিম থার্ণ (সুইস টাউন, পেনসিলভেনিয়া)	$ ৮৮
লিউইন ফার্মস, ন্যাভেন্ডারস বাই দ্য বে ও ট্যান্ডার আউটলেটস	$ ৬০
শ্রী স্বামিনারায়ণ মন্দির (রবিনসভিল) ও লংউড গার্ডেন্স	$ ৬৮
লং আইল্যান্ড গেম ফার্ম, শিশুদের চিড়িয়াখানা, ভ্যান্ডারবিল্ট মিউজিয়াম ও প্ল্যানেটোরিয়াম	$ ৬৮

২ দিনের ট্যুর

ফিলাডেলফিয়া+ওয়াশিংটন ডিসি	$ ২৪৮
কেপ মে	$ ৩৪৮
স্টারপেজিং ট্যুর	$ ৩৪৮
নিউ হেভেন+রোড আইল্যান্ড+বস্টন	$ ২৫৮
নায়াগ্রা+ওয়াটকিন্স গ্লেন+ফিঙ্গার লেক	$ ১৮৮
অ্যালিস টাউন ও মার্থাস ভিনইয়ার্ড	$ ৩৩৮
থাউজ্যান্ড আইল্যান্ডস+কর্নেল ইউনিভার্সিটি+ওয়াইনারি	$ ২৮৮
শ্রী স্বামিনারায়ণ মন্দির+আমিশ ফার্ম+হার্শি চকলেট ওয়ার্ল্ড	$ ৩১৮
ওয়াশিংটন ডিসি (চেরি ব্লসম)+স্মিথসোনিয়ান+ওল্ড টাউন আলেকজান্দ্রিয়া	$ ১৯৮

৩ দিনের ট্যুর

নায়াগ্রা ফলস+বস্টন	$ ৩২৮
নায়াগ্রা ফলস+থাউজ্যান্ড আইল্যান্ডস	$ ৪২৮
ওয়াশিংটন ডিসি+নায়াগ্রা ফলস	$ ২৮৮
নায়াগ্রা ফলস+টরেন্টো+থাউজ্যান্ড আইল্যান্ডস	$ ৪৬৮
বস্টন+পোর্টল্যান্ড+আকাডিয়া ন্যাশনাল পার্ক	$ ৪৯৮

বুকিং ও তথ্যের জন্য আজই যোগাযোগ করুনঃ

ট্যুরস্ এন্ড ফান

136-21 Hillside Avenue, Jamaica, NY 11418
917-378-4921, 929-928-5001
info@toursandfun.com | www.toursandfun.com

আমরা মেক্সিকো, দক্ষিণ আমেরিকা, ইউরোপ এবং এশিয়াতেও ট্যুর প্যাকেজের ব্যবস্থা করি।

আরামদায়ক পরিবহন • অভিজ্ঞ গাইড • পরিবার ও গ্রুপের জন্য বিশেষ ছাড়!

আয়কর
ICOR
TAX & CONSULTING
MAXIMIZE YOUR REFUND
CLAIM EVERY CREDIT & DEDUCTION YOU DESERVE
Tax Prep & Consulting Services for Individuals & Businesses
Our Services
AUTHORIZED IRS e-file PROVIDER
Individual Tax Preparation (Form W-2, 1098, 1099 ...)
Business Tax Preparation (Corporation, LLC, Partnership, Not-for-Profit ...)
Self-Employed Tax Preparation (Uber, Lyft, Taxi ...)
Amended Tax Preparation
Sales Tax Preparation
Tax Planning & Consulting
Year-Round Support
Notary, Immigration, RAPID DIVORCE, Insurance – 7702 Plan, Copy, Scan, Print, E-mail ...
BUSINESS SETUP LLC, INC., Not-for-Profit, Nonprofit...
1040
W-2
Notary Public
You Can Trust Us for Accurate, Reliable, and Professional Tax Filing.
30 MINUTES NO OBLIGATION FREE CONSULTATION
TAX
Md Mukhter Hossain, CEO
Financial Service Consultant
347-266-3376, 646-651-0945
Nadira Hossain, MA
Tax Assistant
646-651-2787
ICOR Multi Services Inc.
icormultis@gmail.com
7226 Roosevelt Ave, Suite - 201, Jackson Heights, NY 11372

আয়কর
ICOR
TAX & CONSULTING
PAY LESS TAXES
PROVEN TAX STRATEGIES
The IRS won't tell you which CREDITS & DEDUCTIONS you are missing—but I WILL.
Small Business Owners, Rental Property Owners, Self-Employed Individuals, and Investors...
Discover what you have been overlooking ...
Customize Tax Planning Can Maximize Your Tax Savings
Tax-Advantaged Accounts are Dedicated Savings Vehicles—Specially Designed to Give You and Your Family Extra Tax Benefits in Exchange for Saving Money for Specific Goals-Like: Retirement, Education, Wealth Creation, Financial Security ...
Retirement Plans - 401(k), IRA, Roth IRA ...
Education plans - 529 Plan, Coverdell ESA, UGMA/UTMA ...
Health Savings Account - HSA
Flexible Savings Account - FSA
Achieving a Better Life Experience Account - ABLE
Tax-efficient investment - ETFs, Index Funds ...
Tax-advantaged investment - Municipal Bond, Treasury Bond ...
INSURANCE LIFE HEALTH DISABILITY
Income Continuation Plan – 7702 Plan – Permanent Life Insurance is a Hybrid Financial Tool / Unique Blend of Financial Protection for you & your business, assets and family / Tax Exempt Financial Asset: MULTI-PURPOSE FUND for you to access for any reason without penalty & taxes – Emergencies, Education, Retirement, Opportunities ... while FINANCIAL SECURITY & TAX-FREE INCOME for your family and loved ones.
Estate Planning : can be used to Equalize Inheritances or Provide Funds For Estate Taxes...
I am a Professional Financial Coach, Tax Advisor, and Licensed Insurance Broker
I am happy to assist you with your Financial Planning, Tax Planning, Budgeting, Debt Management, and Insurance Needs
Md Mukhter Hossain, CEO
Financial Service Consultant
ICOR Multi Services Inc.
7226 Roosevelt Ave, Suite - 201, Jackson Heights, NY 11372
347-266-3376, 646-651-0945 icormultis@gmail.com

HP
HAVEN POINT
HOME CARE INC.
A Home Health Care Consultant
PCA HOME CARE SERVICE
আমরা সর্বোচ্চ রেট পেতে সহযোগিতা করছি
আপনি কি PCA HOME CARE সেবা নিতে চান?
আমরা HHA/PCA সার্টিফিকেট প্রদানে সহায়তাসহ হোম কেয়ার সংক্রান্ত সকল প্রকার সহযোগিতা করে থাকি।
ডে কেয়ারের
সেবা নিলে পাচ্ছেন সর্বোচ্চ সুযোগ সুবিধা
আমাদের সাথে যোগাযোগ করুন:
470 447 8625
917 519 1151
ডে কেয়ার ও হোম কেয়ার সেবা নিতে আজই যোগাযোগ করুন
1088 Liberty Ave. Brooklyn, NY 11208


বিসমিল্লাহির রাহমানির রাহিম
BANGLADESH SOCIETY INC. ELECTION 2026
বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২৬
নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার-২০২৬
আপনাদের সাথে নিয়ে আরও তিন বছর আরও অগ্রগতি, আরও অর্জন
নতুন প্রজন্মের জন্য আরও সমৃদ্ধ বাংলাদেশ সোসাইটি
B1
B4
সেলিম-আলী পরিষদের
সহ সভাপতি পদপ্রার্থী
PLEASE CAST YOUR VOTE IN 2ND ROW (B1 to B21) FOR SALIM-ALI PANEL
সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতা
সহ সভাপতি
বাংলাদেশ সোসাইটি, ইনক
সাবেক সাধারণ সম্পাদক
জ্যাকসন হাইটস বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন জেবিবিএ)
সাবেক সভাপতি
প্রবাসী সিরাজগঞ্জ জেলা সমিতি ইউএসএ ইনক
উপদেষ্টা
জ্যাকসন হাইটস এলাকাবাসী
নর্থবেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ ইনক
জামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি
সত্বাধিকারী
খামার বাড়ি গ্রুপ, রিলায়েবল হোম কেয়ার
সি কে ফ্রোজেন ফিস এন্ড ভেজিটেবল
দেশী ডিস্ট্রিবিউটর ইনক
আজীবন সদস্য
জ্যাকসন হাইটস ইসলামিক সেন্টার মসজিদ
আল আরাফা ইসলামিক সেন্টার মসজিদ
B3
PLEASE CAST YOUR VOTE FOR
MD. KAMRUZ ZAMAN
VICE PRESIDENT
মেশিনের দ্বিতীয় সারিতে সেলিম-আলী পরিষদে (B1 থেকে B21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন
মো: কামরুজ্জামান কামরুল
আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী
B2 B5 B6 B7 B8 B9 B10 B11 B12 B13 B14 B15
B16 B17 B18 B19 B20 B21
সেলিম- আলী পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
B
PLEASE VOTE FOR
SALIM-ALI PANEL
প্রচারেঃ সেলিম-আলী পরিচালনা কমিটি

First Time in NY
COMMUNITY
CONNECT
Scan to Register
Tuesday June 17th, 2025
5.00 PM - 7.30 PM
150 State Street 4 FL
Albany 12207 NY
Speakers
The Next Bangladesh:
Powered by its Global Citizens (NRBs)
Quazi M. Ahmed
LLB, MBA (IBA), MA (Japan), IMP (NYU, USA), CISS (Norway)
Global Leadership Trainer & Coach
Founder & President, BOND
CEO, Global Center of Excellence, LLC
Cybersecurity Awarness:
Protecting Ourselves and Our Community
Mahbub Rahman
IT Professional & Career Coach
Founder & CEO at Sustain Secure and The Triple Zero LLC
Refreshments will be served
Hosted by
MAJESTIC TOUCH
Organizing Partners
BOND
SUSTAIN SECURE
QUAZI consultants
GLOBAL
EAGLES BOOST
triplezero
CXO GLOBAL ALLIANCE
America TECH


পূর্বাচল মেরিন সিটিতে সাশ্রয়ী মূল্যে
প্লট ক্রয় করে বাড়ী নির্মাণের সুবর্ণ সুযোগ
মানচিত্রে প্রকল্পের অবস্থান
যোগাযোগঃ ATM Salah Uddin, Cell: 929-462-2170, Md Mofizur Rahman, Cell: 929-395-3945
Address : 37-18-73rd st. Suite 501, Jackson Heights, NY 11372

Video & Photo
PRODUCTION
SERVICES
DFC TV
DREAM FRAME CREATIVE
সোশ্যাল মিডিয়ার জন্য কনটেন্ট দরকার? আমাদের হাতে তৈরি করুন ফাস্ট ও স্মার্টলি!
Brand Videos
Event Coverage
Product Demos
Corporate Videos
Video Editing
আমাদের সেবাসমূহ:
ইভেন্ট ফিল্মিং (বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন)
কর্পোরেট ও প্রোমোশনাল ভিডিও
সোশ্যাল মিডিয়া ও ইউটিউব কনটেন্ট
লাইভস্ট্রিমিং (Facebook, YouTube)
ডকুমেন্টারি
ইভেন্ট কভারেজ থেকে কর্পোরেট ভিডিও —সবকিছু এক ছাতার নিচে!
Phone
(646) 457-6732
(929) 498-0979
Website
www.dfcreative.org
Location
Jamaica, NY 11432

UB GROUP
US BANGLA TAX & MULTISERVICES INC.
US BANGLA TECHNOLOGY & SUPPLIES INC.
US BANGLA DEVELOPER & PROPERTY INC.
Chandan Gupta
President
347-239-3408
Mostafezur Rahman
Vice President
646-361-0250
Authorized e-file Provider
One Stop Services
37-47 73rd Street, Suite #217
Jackson Heights, NY-11372
Tel :718-255-6783
Fax:718-255-6783
usbanglagroup@yahoo.com
Services : Individual & Business Tax Services, Immigration Services, Loan Modification, Real Estate Property Investment.

আপনার স্বপ্নের বাড়ীটি বেছে নিন
Dream Cottage Realty Inc
আমরাই আপনার এটর্নি, প্রি-অ্যাপ্রুভড লোন সহ সকল ব্যাবস্থা করে থাকি।
শত ভাগ গ্যারান্টি
সবচেয়ে কম রেটের মর্টগেজে
সহযোগীতা প্রদান করা হয়
Fazle Shohag Khan
Licensed Real Estate Sales
Cell: 1-917 770 1341
Office: 1-516 800 5160
e-mail: shohag.khan@hotmail.com

Charles Rutenburg Realty Inc.

255 Executive Drive, Suite 104, Plainview, New York 11803
Office: (516) 575-7500 | Fax: (516) 575-7501
www.crrli.com

আমরা বাড়ী ক্রয়-বিক্রয় করিতে সহায়তা করে থাকি।

OneKey® MLS

Shamsud Doha
Licensed Real Estate Salesperson
(718) 415-0013
doha57@aol.com

• RESIDENTIAL • CO-OP & CONDO • SHORT SALE • FORECLOSURES

We Speak বাংলা, English, हिन्दी العربية

ALAM MEDICAL

লং আইল্যান্ডে ডিয়ার পার্কে
আপনার পরিবারের স্বাস্থ্যসেবা এখন হাতের নাগালে।

Dr. Rehana Alam
DO, DPM
Board certified family medicine physician

আমাদের সেবাসমূহ :

- হেলথ চেকআপ।
- দীর্ঘস্থায়ী (ক্রনিক) রোগ নির্ণয় ও ব্যবস্থাপনা (ডায়াবেটিস, উচ্চ রক্তচাপ ও অন্যান্য)।
- রোগ প্রতিষেধক টিকা প্রদান।
- শিশু ও কিশোর-কিশোরীদের স্বাস্থ্যসেবা।
- নারীদের স্বাস্থ্য পরীক্ষা ও সেবা, যার মধ্যে রয়েছে জরায়ুর ক্যান্সার নির্ণয়ের জন্য প্যাপ স্মিয়ার, গর্ভধারণ পরামর্শ ও মেনোপজ ব্যবস্থাপনা সহায়তা।

আমাদের সাথে যোগাযোগ করুন

Contact us 631-778-4048 1755 Deer Park Ave, Deer Park, NY 11729
www.alammedical.com

WIN ZONE REALTY INC.

Licensed Real Estate Broker

Specialist on Residential & Commercial, Bank Own Properties, Short Sale, REO and Loan Modification.
Hard Money Loan Available.

রিয়েল স্টেট লাইসেন্স প্রাপ্ত আমেরিকাতে বাড়ি বেচা-কেনা ও লোন সংক্রান্ত বিষয়ে বহু বছরের অভিজ্ঞতা সম্পন্ন বিশিষ্ট রিয়েল্টর

Somnath Ghosh (SAM)
Licensed Real Estate Agent
Tel: (Direct)
646-597-1760

Office : 81-15 Queens Blvd
2nd FL, Elmhurst, NY 11373
Tel: 718-899-7000
Fax: 516-407-5615
Email:sstreamline@ gmail.com

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.

Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

646-920-4799

আপনাদের সেবাই আমাদের লক্ষ্য

• ব্যক্তিগত পরামর্শ • ইন্টারেষ্ট রেট কম • ইনভেষ্টমেন্ট
• ফ্রি এপ্রোভাল • ফাষ্ট ক্লোজিং • দ্রুত এবং বিশ্বস্ত

139-27 Queens Blvd, Jamaica, NY 11435
Akib Hussain

Empire Care Agency

LHCSA Licensed Home Health Care

PCA / HHA SERVICE

WHY CHOOSE US?

We Pay The Highest Rate

Our Experienced Nurse Will Advocate for your more Hours

হোম কেয়ার সেবা দিয়ে অর্থ উপার্জন করুন

আমরা সর্বোচ্চ পেমেন্ট দিয়ে থাকি

OUR SERVICES

- Skilled Nursing
- Home Health Aides
- Medicaiton Remindrs
- Meal Preparation
- Personal Care
- Light Housekeeping

$23 Per Hour Giver to PCA & HHA Care Giver

WE SPEAK BANGLA, HINDI, URDU, PUNJABI, SPANISH

NURUL AZIM
CEO
516-451-3748

119-40 Metropolitan Ave
Suite 101C, Kew Gardens
NY 11415

516-900-7860
Fax: 212-381-0649
Empirehcam@gmail.com

ঈদ উপলক্ষে 10% DISCOUNT

DUO NEST
REAL ESTATE TUTORING CENTER

নিউ ইয়র্কে আপনার রিয়েল এস্টেট ক্যারিয়ার শুরু করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই!

DUO NEST REAL ESTATE TUTORING- এ, আমরা আপনার লাইসেন্স পাওয়ার প্রক্রিয়া সহজ এবং ঝামেলামুক্ত করে তুলি

কেন রিয়েল এস্টেট লাইসেন্স নেবেন?

দ্রুত একটি নির্ভরযোগ্য আয় উপার্জন করুন।
নিউ ইয়র্কের ক্রমবর্ধমান রিয়েল এস্টেট বাজারে একটি সম্মানিত ক্যারিয়ার তৈরি করুন।
স্বাধীনভাবে বা নেতৃস্থানীয় রিয়েল এস্টেট সংস্থাগুলির সাথে কাজ করুন।
ধাপে ধাপে আর্থিক প্রবৃদ্ধি অর্জন করুন।
আপনার সাফল্যের মাধ্যমে আপনার পরিবারকে গর্বিত করুন।

শক্তিশালী ইংরেজি দক্ষতা নেই? কাজের অভিজ্ঞতা নেই?
কোন চিন্তা নেই আমরা আপনাকে প্রতিটি ধাপে গাইড করার জন্য এখানে আছি।

আমাদের সুযোগ ও সুবিধা

- এককালীন পেমেন্ট, কোন এক্সট্রা ফি নেই।
- আপনি পাশ করে লাইসেন্স পাওয়া না পর্যন্ত অগণিত ক্লাস।
- দ্রুত শেখার জন্য ব্যক্তিগত ১-অন-১ কোচিং
- পরীক্ষায় আত্মবিশ্বাস বাড়াতে প্র্যাকটিস এক্সাম
- সময় অনুযায়ী অনলাইন বা সরাসরি ক্লাস আপনার সুবিধামতো সময়ে
- পরিষ্কার, সহজবোধ্য ইংরেজি ব্যাখ্যা
- রিয়েল এস্টেট সম্পর্কিত শব্দ ও নিয়মাবলী সহজ বাংলায় ব্যাখ্যা

Design by: ihopeprint.com, 929-538-7903

CALL US TODAY TO START YOUR REAL ESTATE CAREER
929-414-7746
929-608-6206
646-508-2434

duonest03@gmail.com
169-24 Hillside Ave, FL 2
Jamaica, NY 11432
www.duonest.us

বিসমিল্লাহির রাহমানির রাহিম
বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২৬
BANGLADESH SOCIETY INC. ELECTION 2026
নির্বাচন ২৫ অক্টোবর, রবিবার ২০২৬
"সমৃদ্ধি, কল্যাণ, স্বচ্ছতা ও জবাবদিহিতার পরিষদ"
কুনু-ফিরোজ
পরিষদ
সিনিয়র সহ সভাপতি
A1
আজমল হোসেন কুনু
সভাপতি
AJMOL HUSSAIN KUNU, PRESIDENT
A4
ফিরোজ আহমেদ
সাধারণ সম্পাদক
FIROZ AHMED, GENERAL SECRETARY
মেশিনের প্রথম সারিতে কুনু-ফিরোজ পরিষদে (A1 থেকে A21) পর্যন্ত অনুগ্রহ করে আপনার মূল্যবান ভোট দিন
A2
সামাজিক কার্যক্রম ও সাংগঠনিক অভিজ্ঞতা
সভাপতি
ঢাকা জেলা এসোসিয়েশন ইউএসএ ইনক
প্রেসিডেন্ট
স্মার্ট ষ্টাফিং সার্ভিসেস ইনক
সেক্রেটারী
রোটারী ক্লাব অব বাংলাদেশী আমেরিকান
উপদেষ্টা
কুইন্স বাংলাদেশ সোসাইটি
সাবেক সভাপতি
দোহার উপজেলা সমিতি ইউএসএ ইনক
আজীবন সদস্য
বাংলাদেশ সোসাইটি ইনক
প্রতিষ্ঠাতা
বায়তুল মামুর জামে মসজিদ ও রহা হেফজুখানা
আজীবন সদস্য
বাতুল আতিক মুসলিম সেন্টার, উডসাইড
উডসাইড বায়তুল জান্নাত মসজিদ
মসজিদ আবু হুরায়রা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
PLEASE CAST YOUR VOTE FOR
DULAL BEHEDO
SENIOR VICE PRESIDENT
PLEASE CAST YOUR VOTE IN FIRST ROW (A1 to A21) FOR KUNU-FIROZ PANEL
দুলাল বেহেদু
সিনিয়র সহ সভাপতি
আপনাদের মূল্যবান ভোট ও দোয়া প্রার্থী
A3
A5
A6
A7
A8
A9
A10
A11
A12
A13
A14
A15
A16
A17
A18
A19
A20
A21
কুনু-ফিরোজ
পরিষদে আপনার মূল্যবান ভোট দিন
PLEASE VOTE FOR KUNU-FIROZ PANEL
প্রচারে: কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটি

কুনু-ফিরোজ প্যানেলের ব্রুকলিনের সভা অনুষ্ঠিত

৬২ পৃষ্ঠার পর

১১টা পর্যন্ত সভার কার্যক্রম চলে। সভা শুরুর আগে 'কুনু-ফিরোজ'-এর নেতৃত্বে দেশীয় স্টাইলে বিপুল সংখ্যক মানুষ চার্চ-ম্যাকডোনাল্ড এলাকার রাস্তায় মিছিল বের করেন এবং নানা স্লোগান দেন।

এ প্যানেলের সাধারণ সম্পাদক পদপ্রার্থী ফিরোজ আহমেদের এলাকা হিসেবে ব্রুকলিনকে প্যানেলটির ঘাঁটি হিসেবে উল্লেখ করেন বক্তারা। সভায় কুনু বলেন, আগামী নির্বাচনে জয়ী হলে সবাইকে নিয়ে বাস্তবভিত্তিক কর্মসূচী নিয়ে সোসাইটিকে তথা কমিউনিটিকে শক্তিশালী করবো।

অপরদিকে সাধারণ সম্পাদক পদপ্রার্থী ফিরোজ আহমেদ বলেন, আমি ব্রুকলিনের মানুষ, ব্রুকলিনবাসীরাই আমার ভাই-বোন-ভাবী, বন্ধু, চাচা-চাচী। আপনাদের সন্তান হিসেবে আমি ২৫ অক্টোবরের নির্বাচনে সবার দোয়া আর ভোট চাই। আর কোন কারণে কাউকে কষ্ট দিয়ে থাকলে ক্ষমা চাই। তিনি বলেন, আমরা বিজয়ী হলে সোসাইটিকে সবার সংগঠনে পরিণত করবো, জবাবদিহীর সোসাইটি গড়বো।

'কুনু-ফিরোজ' প্যানেলের ব্রুকলিনের নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক এবং সন্দ্বীপ সোসাইটি ইউএসএ'র সাবেক সভাপতি ও ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান মাহফুজুল মওলানা নান্নুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির সাবেক ট্রাস্ট্রি বোর্ডের সাবেক চেয়ারম্যান ও সাবেক সভাপতি এম এ আজিজ। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন মাওলানা নাসির উদ্দিন।

সভায় আমন্ত্রিত অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির সাবেক প্রধান নির্বাচন কমিশনার ও 'কুনু-ফিরোজ' প্যানেলের নির্বাচন পরিচালনা কমিটির প্রধান উপদেষ্টা জামাল আহমেদ জনি, বাংলাদেশ সোসাইটি ও গ্রেটার নোয়াখালী সোসাইটির সাবেক সভাপতি আব্দুর রব মিয়া, সোসাইটির ট্রাস্টি বোর্ডের সাবেক সদস্য ও গ্রেটার নোয়াখালী সোসাইটির সাবেক সভাপতি ও ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান কাজী মফিজুর রহমান, চট্টগ্রাম সমিতির সাবেক সভাপতি মোহাম্মদ হানিফ, সোসাইটির সাবেক সহ সভাপতি ও কুইন্স নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান ফারুক চৌধুরী, 'কুনু-ফিরোজ' প্যানেলের কেন্দ্রীয় নির্বাচন পরিচালনা কমিটির চেয়ারম্যান বেলাল মাহমুদ, আহ্বায়ক রুহুল আমীন সিদ্দিকী, সদস্য সচিব আনোয়ার হোসেন, কো-চেয়ারম্যান এবং বৃহত্তর কুমিল্লা সমিতি ইউএসএ'র সভাপতি ইউনুস সরকার, প্রধান সমন্বয়কারী বাবুল চৌধুরী এবং অর্থ কমিটির চেয়ারম্যান মইনুল ইসলাম, মিডিয়া ও কমিউনিকেশন কমিটির চেয়ারম্যান প্রকৌশলী সৈয়দ আজাদ, বিশিষ্ট রাজনীতিক ও ব্যবসায়ী মোস্তফা কামাল পাশা বাবুল, লুৎফুল করীম, সন্দ্বীপ সোসাইটি ইউএসএ'র সাবেক সভাপতি ও বোর্ড অব ট্রাস্টির সদস্য আব্দুল ওয়াদুদ, সন্দ্বীপ সোসাইটির বোর্ড অব ট্রাস্টির সদস্য রফিকুল ইসলাম মানিক ও গোলাম মাহমুদ, সন্দ্বীপ এসোসিয়েশন ইউএসএ'র সভাপতি আশ্রাফ উদ্দিন, নারায়ণগঞ্জ জেলা সমিতি ইউএসএ'র সাবেক সভাপতি ও উপদেষ্টা মোহাম্মদ মহসীন, কুইন্স বাংলাদেশ সোসাইটির সভাপতি কাজী তোফায়েল ইসলাম, কমিউনিটি নেতা টি মোল্লা, এস এম সেরদৌস, আহসানউল্লাহ বাচ্চু, ইঞ্জিনিয়ার জাহাঙ্গীর আলম, কবি গৌউস খান, গ্রেটার নোয়াখালী সোসাইটি ইউএসএ'র সভাপতি মোহাম্মদ নাসিম, কুমিল্লা সোসাইটি ইউএসএ'র সভাপতি কাজী আসাদুল্লাহ, জ্যামাইকা নির্বাচন পরিচালনা কমিটির প্রধান উপদেষ্টা ভিপি জহির মোল্লা, ওজনপার্ক নির্বাচন পরিচালনা কমিটির প্রধান সমন্বয়কারী আব্দুল ওয়াদুদ, আহ্বায়ক রুখরুল ইসলাম, সদস্য সচিব মির্জা মাহফুজুল হাসান, অর্থ কমিটির চেয়ারম্যান আরিফ আর চৌধুরী প্রমুখ। সভায় প্যানেল নিয়ে স্বরচিত কবিতা পাঠ করেন এম ও জি রাসেল ভূইয়া।

সভায় 'কুনু-ফিরোজ' প্যানেলের সভাপতি ও সাধারণ সম্পাদক পদপ্রার্থী সহ অন্যান্য প্রার্থীদের মধ্যে বক্তব্য রাখেন সিনিয়র সহ সভাপতি পদপ্রার্থী দুলাল বেহেলু, সহ সভাপতি পদপ্রার্থী ও সোসাইটির বর্তমানসহ সাধারণ সম্পাদক কালাম ভূঁইয়া, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক মোর্শেদ আলম, কার্যকরী সদস্য আবুল বাশার ভূঁইয়া প্রমুখ। যৌথভাবে সভা পরিচালনা করেন 'কুনু-ফিরোজ' প্যানেলের ব্রুকলীন নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক মহিবুল উদ্দিন মাহমুদ ও সদস্য সচিব ওয়াশিকুল ইসলাম।

৯৪ বছর পর ডেমোক্র্যাটরা ক্যানসাসে স্বপ্ন দেখছেন

আজকাল রিপোর্ট

কৃষির রাজ্য ক্যানসাস। রক্ষণশীল একটি স্টেট। রিপাবলিক্যানদের ঘাঁটি। জ্বালানি ও কৃষিপণ্যের উচ্চমূল্য রিপাবলিকান ভোটারদের আনুগত্যের পরীক্ষা চলছে সেখানে। গত ৯৪ বছরে সিনেট নির্বাচনে কোন ডেমোক্র্যাট প্রার্থী জয় লাভ করতে পারেনি। এবার চিত্রটি ভিন্ন। হাতছাড়া হবার পথে আসনটি। রিপাবলিক্যান পার্টি ও প্রেসিডেন্ট শংকিত। দলীয় প্রার্থীর প্রচারনায় এসে ট্রাম্প ঘোষণা দিলেন, মার্কিন কৃষি বিভাগ একটি "হারভেস্ট ফুয়েল রিলিফ প্রোগ্রাম" (ফসল তোলার মৌসুমে জ্বালানি সহায়তা কর্মসূচি) চালু করবে। এর মাধ্যমে কৃষকদের ৮ বিলিয়ন ডলার দেওয়া হবে, যা ফসল তোলার মৌসুমে ডিজেলের বাড়তি খরচের বোঝা কমাতে সাহায্য করবে। ভোটের আগে ক্ষুদ্র কৃষকদের আশার বাণী।

সিনেটের এই আসনে ডেমোক্র্যাটিক প্রার্থী অ্যাডাম হ্যামিল্টন একজন মেগাচার্চের যাজক। রিপাবলিকান মার্কিন সিনেটর রজার মার্শালের সাথে হাড্ডাহাড্ডি লড়াই করছেন। নিউ ইয়র্ক টাইমস/সিয়েনা পোল এবং এমারসন কলেজ পোলিং উভয়ের জরিপ অনুযায়ী, এমন একটি রাজ্যে এই লড়াই হচ্ছে যেখানে রিপাবলিকান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ২০২৪ সালে ৫৭ শতাংশেরও বেশি ভোট পেয়ে জয়ী হয়েছিলেন। আর এবার সিনেট নির্বাচনের চিত্রটাই বিপরীত।

এই অপ্রত্যাশিতভাবে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ লড়াইটি রিপাবলিকানদের শক্ত ঘাঁটির টানাপোড়েনকে প্রতিফলিত করে। যেখানে ডেমোক্র্যাটরা বলছেন, প্রায় রেকর্ড-উচ্চ ডিজেলসহ কৃষিপণ্যের আকাশছোঁয়া খরচ এবং ট্রাম্পের অভিবাসন দমন নীতির প্রতি অসন্তোষ এই অঞ্চলের প্রগতিশীল জনতাবাদী ঐতিহ্যকে পুনরুজ্জীবিত করতে পারে।

গৃহযুদ্ধের ২০ বছর পর ১৮৮৫ সালে অ্যাস এমেনের পূর্বপুরুষেরা পশ্চিম কানসাসে কৃষিকাজ শুরু করেছিলেন। কিন্তু এখন, ইরানের বিরুদ্ধে মার্কিন-ইসরায়েল যুদ্ধের কারণে সৃষ্ট ক্রমবর্ধমান খরচ তাকে তার খামার এবং আশেপাশের অন্যান্য খামারগুলোর জন্য এক অন্ধকার ভবিষ্যতের কথা ভাবাচ্ছে। এমেনে বলেন, গত এক বছরে আমরা জ্বালানির দাম প্রায় দ্বিগুণ হতে দেখেছি। এর ফলে আমাদের ৫০,০০০ ডলারের অপ্রত্যাশিত ব্যয় বেড়েছে। ফেব্রুয়ারিতে যুদ্ধ শুরুর পর থেকে জ্বালানি ও সারের দাম নাটকীয়ভাবে বেড়ে গেছে। বিশেষ করে কৃষি যন্ত্রপাতি চালানোর জন্য ব্যবহৃত ডিজেলের দাম যুদ্ধ শুরুর পর থেকে ৭০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। এই ক্রমবর্ধমান ব্যয়ের প্রভাব কানসাস, আইওয়া এবং নেব্রাস্কার মতো অঙ্গরাজ্যগুলোতে পড়েছে। যেখানে স্থানীয় অর্থনীতির মূল ভিত্তি হলো কৃষি। আইওয়া অঙ্গরাজ্যের জনমত জরিপ অনুযায়ী, রিপাবলিকান জনি আর্নেস্টের ছেড়ে দেওয়া সিনেট আসনের জন্য রিপাবলিকান প্রতিনিধি অ্যাশলি হিনসন এবং ডেমোক্র্যাট জশ টুরেক-এর মধ্যে হাড্ডাহাড্ডি লড়াই চলছে। গত মাসে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে হিনসন ইরান যুদ্ধের "অবিলম্বে সমাপ্তি" দাবি করেন। তিনি লেখেন, আইওয়ার বাসিন্দাদের "যুদ্ধের জন্য জ্বালানি পাম্পে বা কেনাকাটার সময় বাড়তি মূল্য পরিশোধ করতে বাধ্য হওয়া উচিত নয়।" যদিও তার দলের প্রেসিডেন্টই এই যুদ্ধের হোতা। নেব্রাস্কাতে রিপাবলিকান সিনেটর পিট রিকেটস স্বতন্ত্র প্রার্থী ড্যান অসবর্ন-এর কাছ থেকে কঠিন চ্যালেঞ্জের মুখে পড়েছেন-যদিও ২০২৪ সালে ট্রাম্প এই অঙ্গরাজ্যে ২০ পয়েন্টেরও বেশি ব্যবধানে জয়ী হয়েছিলেন।

কুমিল্লা বিভাগীয় জাতীয়তাবাদী ফোরাম গঠন

৬৪ পৃষ্ঠার পর

জাতীয়তাবাদী ফোরাম'। সংগঠনটির আহ্বায়ক নির্বাচিত হয়েছেন মো. জসীমউদ্দিন ভিপি এবং সদস্যসচিব হয়েছেন মো. কামরুল হাসান। গত ১৮ অক্টোবর আয়োজিত এক আলোচনা সভায় ৫৭ জন ভোটারের প্রত্যক্ষ ভোটে তারা নির্বাচিত হন। কুমিল্লা উত্তর, কুমিল্লা দক্ষিণ, ব্রাহ্মণবাড়িয়া ও চাঁদপুর জেলার নেতাকর্মীদের সমন্বয়ে গঠিত এ ফোরামের নেতৃত্ব নির্বাচনের লক্ষ্যে সভার আয়োজন করা হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রনেতা ও যুক্তরাষ্ট্র বিএনপির জ্যেষ্ঠ নেতা আব্দুল সবুর এবং যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক আকতার হোসেন বাদলের সার্বিক উদ্যোগ ও তত্ত্বাবধানে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন চাঁদপুরের সাবেক ছাত্রনেতা সাখাওয়াত হোসেন রুমান।

সভায় ভোটের মাধ্যমে একেএম আজিজুল বারী (তিতাস) যুগ্ম আহ্বায়ক এবং মো. হুমায়ুন কবির যুগ্ম সদস্যসচিব নির্বাচিত হন। একই সঙ্গে আগামী ৯০ দিনের মধ্যে সংগঠনটির পূর্ণাঙ্গ কমিটি গঠনের সিদ্ধান্ত নেওয়া হয়।

সংশ্লিষ্ট নেতারা আশা প্রকাশ করেন, কুমিল্লা বিভাগের চার জেলার জাতীয়তাবাদী আদর্শে বিশ্বাসী নেতাকর্মীদের ঐক্যবদ্ধ করার মধ্য দিয়ে এ ফোরাম যুক্তরাষ্ট্র বিএনপির সাংগঠনিক কার্যক্রমকে আরো সুসংগঠিত ও গতিশীল করবে। পাশাপাশি দলের চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বকে শক্তিশালী করতে সংগঠনটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। নেতারা মনে করেন, পারস্পরিক ঐক্য ও সমন্বয়ের মাধ্যমে প্রবাসে জাতীয়তাবাদী আদর্শের অনুসারীদের মধ্যে যোগাযোগ বাড়ানোর পাশাপাশি সাংগঠনিক কর্মকাণ্ডেও নতুন গতি সঞ্চার করবে এ ফোরাম।

ডিভি লটারি স্থগিত চেয়ে আদালতে ট্রাম্প প্রশাসনের আপিল

৬২ পৃষ্ঠার পর

একই সঙ্গে আপিলের শুনানি ও নিষ্পত্তি চলাকালে আদেশটি কার্যকর না রাখার জন্য পৃথক আবেদনও জমা দেওয়া হয়। মার্কিন পররাষ্ট্র দপ্তর ২০২৫ সালের নভেম্বরে জানিয়েছিল, ডিভি-২০২৭ লটারির আবেদন-প্রক্রিয়ায় কিছু পরিবর্তন আনা হচ্ছে। যত দ্রুত সম্ভব নিবন্ধন শুরুর তারিখ ঘোষণা করা হবে বলেও জানানো হয়েছিল। কিন্তু ২০২৭ অর্থবছর গত ১ অক্টোবর শুরু হলেও নিবন্ধন কার্যক্রম চালু হয়নি। আদালতের পর্যবেক্ষণে বলা হয়, নিবন্ধনের সুযোগ না থাকলে আগ্রহীরা ডাইভারসিটি ভিসার জন্য আবেদনই করতে পারেন না। ফলে অনির্দিষ্টকালের জন্য নিবন্ধন স্থগিত থাকায় কার্যত পুরো কর্মসূচি বন্ধ হয়ে পড়েছিল।

বিচারক ওয়েটার মতে, সাময়িকভাবে নিবন্ধন স্থগিত রাখার ঘোষণা কীভাবে অনির্দিষ্টকালের স্থগিতাদেশে পরিণত হলো, সে বিষয়ে পররাষ্ট্র দপ্তর যথাযথ ব্যাখ্যা দিতে পারেনি। কর্মসূচিটির ওপর নির্ভরশীল ব্যক্তিদের স্বার্থ বিবেচনা করা হয়েছিল কি না, সে বিষয়েও স্পষ্ট ব্যাখ্যা পাওয়া যায়নি। তিনি বলেন, এ ধরনের ব্যাখ্যার অভাবে ডিভি-২০২৭ কর্মসূচি স্থগিত রাখার সিদ্ধান্তকে স্বেচ্ছাচারী ও যুক্তিহীন হিসেবে বিবেচনা করার যথেষ্ট কারণ রয়েছে।

মামলাটি দায়ের করে গ্রেভ ইগল ল' যুক্তি দেয়, ডিভি লটারির নিবন্ধন বন্ধ থাকায় তাদের গ্রাহকসংখ্যা ও আয় কমে যাচ্ছে। এ ক্ষতি পরবর্তী সময়ে মামলার মাধ্যমে পূরণ করাও কঠিন হবে। বিচারক ওয়েটা মনে করেন, নিবন্ধন চালু করার নির্দেশে সরকারের ওপর অন্যায্য চাপ তৈরি হবে না। বরং কেন্দ্রীয় আইন অনুযায়ী কর্মসূচি পরিচালনার ব্যবস্থা করা জনস্বার্থের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ।

অন্যদিকে মার্কিন সরকার দাবি করেছিল, নিবন্ধনের নির্ধারিত সময় পেরিয়ে যাওয়ার পর আদালতের পক্ষে লটারি চালুর নির্দেশ দেওয়া সম্ভব নয়। দেশজুড়ে কার্যকর এমন নিষেধাজ্ঞা জারি করাও যথাযথ নয় বলে যুক্তি দেয় সরকার।

তবে বিচারক এমন যুক্তি গ্রহণ করেননি। তার পর্যবেক্ষণ অনুযায়ী, বিলম্বে নিবন্ধন শুরু হলেও কংগ্রেসের নির্ধারিত কর্মসূচি বাস্তবায়নের শর্ত পূরণ করা সম্ভব।

বাংলাদেশের জ্বালানি সংকট ও টেকসই উত্তরণের পথ

৭ পৃষ্ঠার পর

আলাদা করে নিরীক্ষা করতে হবে। পাশাপাশি মজুতদারি ও অবৈধ বিক্রি ঠেকাতে প্রকৃত ব্যবসায়িক মজুত এবং বাজারে সংকট সৃষ্টির উদ্দেশ্যে রাখা মজুতের পার্থক্য নির্ণয় জরুরি।

তাৎক্ষণিক পদক্ষেপের জন্য বিদ্যমান সংস্থাগুলোর দায়িত্ব নির্দিষ্ট করে একটি সময়সীমাবদ্ধ সমন্বয় ব্যবস্থা গড়ে তোলা যেতে পারে। বিদ্যুৎ ও জ্বালানি বিভাগ, বিপিসি, পেট্রোবাংলা, বিতরণ প্রতিষ্ঠান এবং জেলা প্রশাসন এতে কাজ করবে। নিয়ন্ত্রক সংস্থা বিইআরসির স্বাধীন ভূমিকা বজায় রাখতে হবে। নতুন স্থায়ী দপ্তরের ব্যয় বাড়ানোর আগে এই সমন্বয় কতটা কার্যকর হচ্ছে, তা মূল্যায়ন প্রয়োজন। প্রথম কাজ হবে ডিপো ও বিক্রয়কেন্দ্রের মজুত, সরবরাহ এবং বিক্রির হিসাব নিয়মিত মিলিয়ে দেখা। জনসাধারণের জন্য সরবরাহ পরিস্থিতির নির্ভরযোগ্য সারসংক্ষেপ প্রকাশ করতে হবে, যাতে গুজব থেকে আতঙ্কে জ্বালানি কেনার প্রবণতা কমে। পাম্পে মূল্যতালিকা ও রসিদ বাধ্যতামূলকভাবে কার্যকর করা এবং অভিযোগ দ্রুত নিষ্পত্তি করা জরুরি। ডিজিটাল ব্যবস্থা চালু হলে তথ্যের নিরাপত্তা ও দুর্বল ইন্টারনেট এলাকায় বিকল্প ব্যবস্থাও থাকতে হবে।

এলএনজি সরবরাহে টার্মিনাল বিকল হওয়া ও প্রতিকূল আবহাওয়ার ঝুঁকি কমাতে গুরুত্বপূর্ণ যন্ত্রাংশের মজুত, নিয়মিত নিরাপত্তা পরীক্ষা এবং বিকল্প সরবরাহ পরিকল্পনা প্রয়োজন। দর ও উৎসের বৈচিত্র্য রেখে দীর্ঘমেয়াদি চুক্তি ও স্পট ক্রয়ের ভারসাম্য করতে হবে। এতে সাময়িক বিঘ্নের প্রভাব কমানো যাবে; পাশাপাশি দেশীয় গ্যাস অনুসন্ধান ও চাহিদা সাশ্রয় দীর্ঘমেয়াদে আমদানির চাপ কমাতে সহায়তা করবে।

সরবরাহ ঘাটতির সময় সীমিত মেয়াদে রেশন নিয়ন্ত্রণ প্রয়োজন হতে পারে। সে ক্ষেত্রে কৃষি, পণ্য পরিবহন, হাসপাতাল ও জরুরি সেবার প্রয়োজনকে অগ্রাধিকার দিতে হবে। অনিয়মের শাস্তি বিদ্যমান আইন ও যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে দিতে হবে। নির্বিচারে সরবরাহ বন্ধ করলে সাধারণ গ্রাহক ও উৎপাদনশীল প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়; অভিযানের লক্ষ্য হওয়া উচিত অপরাধী এবং অনিয়মের উৎস। উচ্চ ক্ষতির গ্যাস ও বিদ্যুৎ বিতরণ এলাকায় ঝুঁকিভিত্তিক নিরীক্ষা শুরু করা দরকার। মিটার বদল, লিকেজ মেরামত, অবৈধ সংযোগ অপসারণ এবং বিল আদায়কে একই কর্মসূচিতে আনতে হবে। প্রথম নব্বই দিনে কোথায় কত ক্ষতি শনাক্ত হলো এবং তার কতটা কমানো গেল, তার সংক্ষিপ্ত প্রতিবেদন প্রকাশ করলে জনগণ বাস্তব অগ্রগতি দেখতে পাবে।

সাশ্রয়কে উৎপাদনের অংশ ধরা : বিদ্যুতের একটি ইউনিট অপচয় রোধ মানে সেই ইউনিট উৎপাদনে প্রয়োজনীয় জ্বালানি ও ব্যয় সাশ্রয়। সরকারি ভবন, বিশ্ববিদ্যালয় ও শিল্পকারখানায় দক্ষ আলো, মোটর, শীতাতপনিয়ন্ত্রণ এবং নিয়মিত রক্ষণাবেক্ষণ দিয়ে কাজ শুরু করা যায়। শিল্পে বয়লার ও বাষ্প ব্যবস্থার দক্ষতা বাড়ানো এবং বর্জ্যতাপ পুনর্ব্যবহারেও গুরুত্ব দিতে হবে। সাশ্রয়ের ফল মাপতে উৎপাদনের প্রতি একক পণ্যে কত শক্তি লাগছে, সেই হিসাব রাখতে হবে। পিক আওয়ারে অপ্রয়োজনীয় ব্যবহার কমাতে গ্রাহককে তথ্য ও উপযুক্ত প্রণোদনা দেওয়া প্রয়োজন। দোকান বা অফিসের সময় পরিবর্তনের সিদ্ধান্ত হলে প্রকৃত সাশ্রয়, কর্মসংস্থান ও ব্যবসার ওপর প্রভাব পর্যালোচনা করতে হবে। নিম্ন আয়ের পরিবারের ন্যূনতম ব্যবহার এবং কৃষি ও ক্ষুদ্র উদ্যোগের প্রয়োজন বিবেচনায় রেখে মূল্য সংস্কার করতে হবে। অপচয় ও অনিয়মের বোঝা গ্রাহকের ওপর চাপালে সংস্কারের প্রতি আস্থা নষ্ট হবে। সাশ্রয়ের লক্ষ্য পরিমাপযোগ্য করা যায়। উদাহরণস্বরূপ, কোনো সময়ে চাহিদা ১৫ হাজার মেগাওয়াট হলে চাহিদা ব্যবস্থাপনায় ৫ শতাংশ কমানো মানে ৭৫০ মেগাওয়াট চাপ হ্রাস। এটি পরিকল্পনার উদাহরণ, অর্জিত সাশ্রয়ের দাবি নয়। স্বেচ্ছায় শিল্পের কাজের সময় সমন্বয় ও উপযুক্ত সময়ভিত্তিক মূল্যপ্রণোদনা প্রয়োগ করে ব্যয়বহুল পিক উৎপাদন কমানো সম্ভব কি না, পরীক্ষামূলকভাবে মাপতে হবে।

ছাদে সৌরবিদ্যুৎ সম্প্রসারণ : নবায়নযোগ্য জ্বালানি নীতিমালা ২০২৫ অনুযায়ী, ২০৩০ সালের মধ্যে মোট উৎপাদিত বিদ্যুতের ২০ শতাংশ এবং ২০৪০ সালের মধ্যে ৩০ শতাংশ নবায়নযোগ্য উৎস থেকে উৎপাদনের লক্ষ্য নির্ধারিত হয়েছে। এই লক্ষ্য বাস্তবায়নে শিল্পকারখানা, গুদাম, সরকারি ভবন, শিক্ষাপ্রতিষ্ঠান ও হাসপাতালের উপযুক্ত ছাদ অগ্রাধিকার পেতে পারে। গ্রিডের ওপর চাপ কমিয়ে নিজের চাহিদার একটি অংশ মেটানোর সুযোগ রয়েছে এখানে। সৌরবিদ্যুৎ স্থাপন বাধ্যতামূলক করার আগে ভবনের কাঠামোগত নিরাপত্তা, ছায়া, ছাদের ব্যবহার এবং গ্রিডে সংযোগের সক্ষমতা যাচাই করতে হবে। নেট মিটারিংয়ে অনুমোদনের সময় কমানো, মানসম্মত যন্ত্রপাতি নিশ্চিত করা এবং বিক্রয়োত্তর সেবা গড়ে তোলা জরুরি। ছোট উদ্যোক্তার জন্য সহজ অর্থায়ন এবং তৃতীয় পক্ষের বিনিয়োগে বিদ্যুৎ কেনার স্বচ্ছ চুক্তি থাকলে প্রাথমিক খরচের বাধা কমবে।

সৌরবিদ্যুতের উৎপাদন সময় ও আবহাওয়াভেদে বদলায়। তাই সন্ধ্যার চাহিদা, গ্রিডের ভারসাম্য ও প্রয়োজনীয় ব্যাকআপের পরিকল্পনা ছাড়া শুধু প্যানেল বসালেই নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিত হবে না। যেখানে অর্থনৈতিকভাবে যৌক্তিক, সেখানে ব্যাটারি ও চাহিদা ব্যবস্থাপনা যুক্ত করতে হবে। একইভাবে উপকূলীয় বায়ুবিদ্যুতের ক্ষেত্রে দীর্ঘমেয়াদি বাতাসের তথ্য ও ফলনশীল নকশার ভিত্তিতে বিনিয়োগ করা উচিত। কৃষিতে সৌরসেচের সঙ্গে পানি ব্যবস্থাপনাও যুক্ত করতে হবে। সমবায় বা সেবাভিত্তিক ব্যবস্থায় কৃষক পাম্প কেনার বদলে সেচসেবা কিনতে পারেন। মৌসুমের বাইরে গ্রিডে বিদ্যুৎ বিক্রির সুযোগ প্রকল্পের আয় বাড়াতে পারে। তবে সস্তা শক্তির কারণে ভূগর্ভস্থ পানি অতিরিক্ত উত্তোলন ঠেকাতে মিটার, সেচের সময়সূচি ও স্থানীয় পানির প্রাপ্যতার সীমা রাখতে হবে। এতে জ্বালানি সাশ্রয়ের সুফল কৃষি ও পানিসম্পদ উভয় ক্ষেত্রে স্থায়ী হওয়ার সম্ভাবনা বাড়বে।

বর্জ্য ও জলবিদ্যুতে বাস্তবসম্মত পরিকল্পনা : পৌরবর্জ্য, গোবর ও কৃষিজ অবশিষ্টাংশ থেকে জ্বালানি উৎপাদনের সুযোগ রয়েছে। ভেজা জৈববর্জ্য ও গোবর থেকে বায়োগ্যাস এবং প্রক্রিয়াজাত অবশিষ্টাংশ থেকে জৈবসার উৎপাদন স্থানীয়ভাবে উপযোগী হতে পারে। তবে সব বর্জ্য একই প্রযুক্তিতে ব্যবহার করা যায় না। পুনর্ব্যবহারযোগ্য উপকরণ আগে আলাদা করতে হবে; কৃষিজ অবশিষ্টাংশের পশুখাদ্য ও মাটির উর্বরতায় ভূমিকা বিবেচনা করতে হবে।

প্রথমেই সব জেলায় একই আকারের কেন্দ্র স্থাপনের বদলে নির্বাচিত কয়েকটি এলাকায় পরীক্ষামূলক প্রকল্প নেওয়া যুক্তিসংগত। বর্জ্য সংগ্রহ, উৎসে পৃথকীকরণ, পরিবহন ব্যয়, নিঃসরণ নিয়ন্ত্রণ এবং উৎপাদিত বিদ্যুৎ ও সারের বাজার যাচাই করতে হবে। প্রকল্পের প্রকৃত খরচ ও ফল প্রকাশের পর সফল মডেল সম্প্রসারণ করা যাবে।

কাপ্তাইয়ের ২৩০ মেগাওয়াট জলবিদ্যুৎকেন্দ্রের যন্ত্রপাতি আধুনিকায়ন ও পরিচালনার উন্নতি অগ্রাধিকার পেতে পারে। কিন্তু উৎপাদন পানির প্রাপ্যতার ওপর নির্ভরশীল। বড় সম্প্রসারণের লক্ষ্য ঘোষণার আগে জলপ্রবাহ, পরিবেশ, স্থানীয় জনগোষ্ঠীর অধিকার ও জীবিকার প্রভাব নিয়ে স্বাধীন সমীক্ষা প্রয়োজন। নেপাল ও ভুটান থেকে জলবিদ্যুৎ কেনার সুযোগও মূল্য, মৌসুমি সরবরাহ, সঞ্চালন পথ এবং সংশ্লিষ্ট দেশের সম্মতির ভিত্তিতে মূল্যায়ন করতে হবে।

রপ্তানি প্রতিযোগিতা ও অর্থায়ন : পরিচ্ছন্ন জ্বালানির সঙ্গে তৈরি পোশাকসহ রপ্তানি শিল্পের দীর্ঘমেয়াদি প্রতিযোগিতা যুক্ত। তবে ইউরোপীয় কমিশনের বর্তমান তালিকায় কার্বন সীমান্ত সমন্বয় ব্যবস্থা বা সিবিএএম সিমেন্ট, লোহা ও ইস্পাত, অ্যালুমিনিয়াম, সার, বিদ্যুৎ এবং হাইড্রোজেনের নির্দিষ্ট পণ্যে প্রযোজ্য। তৈরি পোশাক এই তালিকায় নেই। ফলে পোশাক রপ্তানিতে নির্দিষ্ট সিবিএএম কর আরোপের পূর্বাভাসকে প্রতিষ্ঠিত তথ্য হিসেবে ব্যবহার করা ঠিক হবে না। তবু কারখানার শক্তি ব্যবহার ও নিঃসরণের নির্ভরযোগ্য হিসাব রাখা এবং পরিচ্ছন্ন বিদ্যুৎ ব্যবহারের সুযোগ বাড়ানো প্রয়োজন। এতে উৎপাদন দক্ষতা বাড়তে পারে এবং ক্রেতার পরিবেশসংক্রান্ত শর্ত পূরণ সহজ হয়। নবায়নযোগ্য বিদ্যুৎ কেনার চুক্তিতে বাস্তবসম্মত লক্ষ্য, বিদ্যুতের উৎস যাচাই এবং গ্রিড ব্যবহারের স্পষ্ট নিয়ম রাখতে হবে।

অর্থায়নে উন্নয়ন সহযোগীর স্বল্পসুদের ঋণ, বেসরকারি বিনিয়োগ, সবুজ বন্ড এবং উপযুক্ত সম্পদভিত্তিক সবুজ সুকুক ব্যবহার করা যেতে পারে। প্রতিটি প্রকল্পে অর্থের ব্যবহার, আয়, ঝুঁকি ও পরিবেশগত ফলের স্বাধীন যাচাই প্রয়োজন। সামাজিক ওয়াকফের অর্থে মাদ্রাসা, বিদ্যালয় ও স্বাস্থ্য চিকিৎসাকেন্দ্রে সৌরব্যবস্থা স্থাপনের উদ্যোগও বিবেচনা করা যায়, যদি ওয়াকফের শর্ত ও সুশাসন নিশ্চিত থাকে। জ্বালানি আমদানিতে নতুন কর বসিয়ে তহবিল গঠনের আগে মূল্যস্ফীতি ও শিল্পের ব্যয়ে তার প্রভাব পরীক্ষা করা দরকার। স্বল্প ব্যয় পর্যালোচনায় পাওয়া সাশ্রয়ের একটি অংশ পরিচ্ছন্ন জ্বালানিতে বিনিয়োগ করা তুলনামূলকভাবে গ্রহণযোগ্য পথ হতে পারে। বিনিয়োগের টাকা এবং ভবিষ্যতের সাশ্রয় একই সময়ে আসে না; তাই প্রতিটি প্রকল্পের নগদ প্রবাহ ও বৈদেশিক মুদ্রার দায় হিসাব করতে হবে। সমন্বিত সংস্কারের সম্ভাব্য সুফলের একটি পরিমাপ রয়েছে আইইইএফএর ডিসেম্বর ২০২৪-এর গবেষণায়। শিল্পের ক্যাপটিভ উৎপাদননির্ভর চাহিদার অর্ধেক নির্ভরযোগ্য গ্রিডে আনা, ৩ হাজার মেগাওয়াট নবায়নযোগ্য ক্ষমতা যোগ, সঞ্চালন ও বিতরণ ক্ষতি ৮ শতাংশে নামানো এবং লোডশেডিংকে ২০২৩-২৪ অর্থবছরের মাত্রার ৫ শতাংশে সীমিত করার সম্মিলিত দৃশ্যপটে বছরে প্রায় ১৩ হাজার ৮০০ কোটি টাকা ভর্তুকি কমানোর সম্ভাবনা দেখানো হয়েছে। এটি শর্তসাপেক্ষ গবেষণা-অনুমান। বর্তমান দাম, চাহিদা ও বিনিয়োগ ব্যয় দিয়ে তা পুনর্মূল্যায়ন করে ধাপে ধাপে বাস্তবায়ন করা দরকার।

বাস্তবায়নের দায় নির্দিষ্ট হোক : প্রথম তিন মাসে সরবরাহের তথ্য, অভিযোগ নিষ্পত্তি এবং উচ্চ ক্ষতির এলাকায় নিরীক্ষা দৃশ্যমান করতে হবে। পরবর্তী এক বছরে উপযুক্ত সরকারি ও শিল্পভবনের ছাদে সৌরবিদ্যুৎ, দক্ষ যন্ত্রপাতি এবং নির্বাচিত বর্জ্যভিত্তিক প্রকল্প এগিয়ে নেওয়া যেতে পারে। তিন থেকে পাঁচ বছরে গ্রিড উন্নয়ন, দেশীয় গ্যাস অনুসন্ধান, আঞ্চলিক বিদ্যুৎ বাণিজ্য ও নবায়নযোগ্য উৎপাদনকে সমন্বিত পরিকল্পনায় আনতে হবে। প্রতিটি কর্মসূচির দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান, বাজেট, সময়সীমা এবং ফল মাপার সূচক প্রকাশ করা প্রয়োজন। দেশীয় গ্যাস অনুসন্ধানে সক্ষমতা বাড়ানোর সঙ্গে পরিবেশগত সুরক্ষা ও প্রতিযোগিতামূলক ক্রয় নিশ্চিত করতে হবে। নিয়মিত অগ্রগতি পর্যালোচনায় অকার্যকর প্রকল্প সংশোধন কিংবা বন্ধ করার সুযোগ রাখতে হবে। সাফল্যের হিসাবে অন্তত পাঁচটি সূচক নিয়মিত প্রকাশ করা উচিত: গ্যাসের ঘাটতি, গ্রাহক পর্যায়ে বিদ্যুৎ বিভ্রাটের সময়, প্রতি ইউনিটের প্রকৃত উৎপাদন ব্যয়, সিস্টেম লস এবং নবায়নযোগ্য উৎসের প্রকৃত উৎপাদন। প্রকল্পে ভিত্তিবছরের তথ্য নির্ধারণ করে ত্রৈমাসিক অগ্রগতি দেখাতে হবে। কোনো প্রকল্পে সাশ্রয় বাড়লেও সেবার মান বা পরিবেশ ক্ষতিগ্রস্ত হলে তার নকশা সংশোধন প্রয়োজন।

বাংলাদেশের জ্বালানি নীতির কেন্দ্রবিন্দুতে থাকা উচিত নির্ভরযোগ্য ও সহনীয় ব্যয়ের সেবা। কৃষক যেন সময়মতো সেচ দিতে পারেন, উদ্যোক্তা যেন উৎপাদনের খরচ অনুমান করতে পারেন এবং পরিবার যেন প্রয়োজনীয় বিদ্যুৎ পায়। এই ফল নিশ্চিত করতে সরবরাহের স্বচ্ছতা, অপচয় রোধ ও পরিচ্ছন্ন জ্বালানির বিনিয়োগকে একই পরিকল্পনায় নিতে হবে। জ্বালানি সংকট কাটানোর অগ্রগতি তখনই বিশ্বাসযোগ্য হবে, যখন তার সুফল মানুষের বিল, ব্যবসার উৎপাদন এবং রাষ্ট্রের ব্যয়ে দেখা যাবে।

লেখক: ফিন্যান্স ও বিনিয়োগের জ্যেষ্ঠ অধ্যাপক, কিং আবদুল আজিজ বিশ্ববিদ্যালয়, সৌদি আরব

UCS Ultra Credit Solutions Inc.

CREDIT REPAIR

ক্রেডিট রিপেয়ার

আমাদের সেবাসমূহঃ

পাবলিক রেকর্ড, কালেকশন একাউন্ট, ব্যাংকক্রাপসি, ডেবট সেটেলমেন্ট, লেট-পেমেন্ট, ষ্টুডেন্ট লোন, মেডিক্যাল বিল ও কার রিপজিশানিং রিমুভাল।

(এটি একটি বাংলাদেশী প্রতিষ্ঠান)

Public Record Removal, Collection Removal
Bankruptcy Removal, Debt Settlement, Debt Elimination

929-386-6426
929-386-4705

3716 73rd Street, Suite. 302-B (3RD FLOOR)
JACKSON HEIGHTS, NY 11372
34-18 Northern Blvd, Suite # 5/14
Long Island City, NY 11101 (বাংলাদেশ কনস্যুলেট অফিসের উপর তলায়)

www.ultracreditsolutions.com

MITU DISABILITY CENTER



RONJAN (Consultant)
646-730-8416

JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET $500-$2500 PER MONTH

State Disability (TANF) • Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury • Divorce • Bankruptcy • Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Loan Modification • Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।

এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।

ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

37-47 73 St. #215, Jackson Heights NY 11372
TEL: 718-701-2666



ডাঃ গোবিন্দ পাল

মেডিসিন বিশেষজ্ঞ

Attending Physician
Wyckoff Heights
Medical Center

Gobinda Paul M.D., F.A.C.P.

Board Certified in Internal Medicine

- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য সুলভে পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারিরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের সম্ভাবনা সম্পর্কে জেনে নিন।
- বয়সভিত্তিক বিভিন্ন রোগের টিকা দিয়ে ভবিষ্যতে নিরাপদ থাকুন।

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি। অফিসে আসার পূর্বে অনুগ্রহ করে ফোন করুন।

GOBINDA PAUL PHYSICIAN P.C.

An Ideal Healthcare Unit for Curative and Preventive Medicine

Visiting Hours: Mon-Fri : 6PM-9PM
Sat or Sun : 9AM-2PM

87-38 168 Pl, Jamaica, NY 11432
P: 718-874-0076, F: 718-841-7499
E-mail : GobindaPaul.PC@outlook.com

মহিলা দাঁতের ডাক্তার

NAEEMA BHUIYA, D.D.S

নাঈমা ভূঁইয়া, ডি.ডি.এস

Program Director, Department of Dentistry, Lincoln Hospital

* রেফারেন্সের প্রয়োজন নেই। সরাসরি চলে আসুন
* আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি
* স্বল্প মূল্যে দাঁতের সবধরনের চিকিৎসা করা হয়

87-48, 168 Street, Jamaica, NY 11432
Tel: **718-206-0601**, Fax: 718-206-0603

রুমী ডেন্টাল ল্যাব

কোন প্রকার মেটাল বা মেটালিক তার ছাড়া আরামদায়ক ও উন্নতমানের দাঁত(Unbreakable, Flexi,Soft & Latest Denture) তৈরী করা হয়।

আবু হক
(সার্টিফাইড ডেন্টাল টেকনোলজিষ্ট)
২৫ বছরের অধিক অভিজ্ঞতা সম্পন্ন

Princeton Court Building
35-06, 73rd St. #3H, Jackson Heights, NY 11372
(Bet. 35th & 37th Avenue)

Tel: 718-414-4760

USR BROKERAGE CORP.

USR BROKERAGE আমরা সব ধরনের ইন্সুরেন্স করে থাকি

★HOME ★BUSINESS ★AUTO ★WORKERS' COMPENSATION

MULTI-CARRIER ACCESS:
ALLOWS US TO COMPARE PRICES FROM MULTIPLE CARRIERS.

MD ABDUR ROUF

President

Electrical and Computer Engineer NYIT, NY

Cybersecurity and Cyber Insurance Specialist

Licensed Property and Causality Insurance Broker

+1 (646) 270 4861, +1 (631) 565 4334

usrbrokerage.com | a.rouf@usrbrokerage.com, info@usrbrokerage.com

37-21 72 Street, Suit # 2, Jackson Heights, New York 11372

হোমিও চিকিৎসা

এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)

Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রণ *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্ট্রিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal

72-08 Broadway, Jackson Heights, NY 11372

Cell: 917-285-4804

BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

GAZIPUR ZILA ASSOCIATION OF USA, INC.

গাজীপুর জেলা এসোসিয়েশন অব ইউএসএ ইনক

মনোনয়ন ফরম বিক্রি ও কমিটি গঠন

গাজীপুর জেলা এসোসিয়েশন অব ইউএসএ ইনক্-এর ২০২৭-২৮ সালের জন্য নতুন কার্যকরী কমিটি গঠন উপলক্ষ্যে মনোনয়ন ফরম বিতরণ ও কমিটি গঠিত হবে।

স্থান : আড্ডা রেস্টুরেন্ট পার্টি হল (বেসমেন্ট)

37-11 73 street Jackson Height, NY 11372

তারিখ : ১০-২৭-২০২৬ ইং

সময় : প্রথম পর্ব বিকাল ৩টা

দ্বিতীয় পর্ব বিকাল ৫টা

আপনারা সবাই আমন্ত্রিত। আমন্ত্রণে......

মো. ইকবার হোসেন ভূইয়া বাচ্চু
প্রধান নির্বাচন কমিশনার

মাসুদ রানা
সদস্য সচিব

অ্যাসালের বার্ষিক কনভেনশন অনুষ্ঠিত

১ পৃষ্ঠার পর

কংগ্রেস সদস্য, নির্বাচিত জনপ্রতিনিধি, শ্রমিক ইউনিয়নের নেতা ও কমিউনিটি প্রতিনিধিরা অংশ নেন। 'আমাদের ভোট, আমাদের কণ্ঠ, আমাদের শক্তি, আমরাই গড়ব তুলব পরিবর্তন'-এই প্রতিপাদ্যে আয়োজিত সম্মেলনে ভোটাধিকার প্রয়োগ, রাজনৈতিক সচেতনতা বৃদ্ধি, কমিউনিটির ঐক্য এবং নতুন প্রজন্মের নেতৃত্ব বিকাশের ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়।
সম্মেলনে উপস্থিত ছিলেন নিউইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস, নিউইয়র্ক সিটির কম্পট্রোলার মার্ক লেভিন, ব্রঙ্কস বরো প্রেসিডেন্ট ভেনেসা গিবসন, কংগ্রেস সদস্য গ্রেস মেং, জর্জিয়া স্টেট সিনেটর শেখ রহমান, নিউইয়র্ক স্টেট সিনেটর নাথালিয়া ফার্নান্দেজ, নিউইয়র্ক সিটি কাউন্সিল সদস্য শেখর কৃষ্ণান ও লিন্ডা লি। এ ছাড়া নিউইয়র্ক সিটি মেয়র অফিসের প্রধান প্রশাসনিক কর্মকর্তা মীর বাশার, সাপ্তাহিক আজকাল সম্পাদক ও বাংলাদেশ সোসাইটির ট্রাস্টিবোর্ডের চেয়ারম্যান শাহ নেওয়াজ, অ্যাসালের প্রতিষ্ঠাতা ও প্রেসিডেন্ট ইমেরিটাস মাফ মিসবাহ উদ্দিন, জাতীয় সভাপতি মোহাম্মদ করিম চৌধুরী এবং জাতীয় সেক্রেটারি হরজিৎ সিং মিনহাসসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ অংশ নেন।
সম্মেলনের কর্মসূচিতে নিউইয়র্ক স্টেট কম্পট্রোলার থমাস ডিনাপোলি, স্টেট অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস, কংগ্রেস সদস্য থমাস সুয়োজি, কুইন্স বরো প্রেসিডেন্ট ডনোভান রিচার্ডস, ব্রঙ্কস বরো প্রেসিডেন্ট ভেনেসা গিবসনসহ আরও অনেক নির্বাচিত জনপ্রতিনিধির নাম অন্তর্ভুক্ত ছিল। মূল বক্তা হিসেবে নাম ছিল নিউইয়র্ক স্টেট সিনেটের সংখ্যাগরিষ্ঠ দলের নেতা আন্দ্রেয়া স্টুয়ার্ট-কাজিনসের।
সম্মেলনে বক্তব্য দিতে গিয়ে নিউইয়র্ক সিটির কম্পট্রোলার মার্ক লেভিন এবং কংগ্রেস সদস্য গ্রেস মেং দক্ষিণ এশীয় কমিউনিটির কর্মকাণ্ড ও অ্যাসালের ভূমিকার প্রশংসা করেন। তাঁরা মূলধারার রাজনীতিতে দক্ষিণ এশীয়দের অংশগ্রহণ এবং কমিউনিটির অধিকার প্রতিষ্ঠায় সংগঠনটির কার্যক্রমকে গুরুত্ব দেন।জর্জিয়া স্টেট সিনেটর শেখ রহমান আসন্ন মধ্যবর্তী নির্বাচনে বাংলাদেশিসহ দক্ষিণ এশীয় ভোটারদের সক্রিয় অংশগ্রহণের প্রয়োজনীয়তা তুলে ধরেন। সম্মেলনে ভোটারদের রাজনৈতিক সচেতনতা বৃদ্ধি, যোগ্য নেতৃত্ব তৈরি এবং দলমত-নির্বিশেষে কমিউনিটির ঐক্য অটুট রাখার ওপর গুরুত্ব দেওয়া হয়।
নিউইয়র্ক স্টেট সিনেটর নাথালিয়া ফার্নান্দেজ, নিউইয়র্ক সিটি কাউন্সিল সদস্য শেখর কৃষ্ণান এবং মেয়র অফিসের প্রধান প্রশাসনিক কর্মকর্তা মীর বাশারও দক্ষিণ এশীয়দের সামাজিক ও রাজনৈতিক অবদানের কথা তুলে ধরেন। তাঁরা নিউইয়র্কের অর্থনীতি ও জনজীবনে অভিবাসী জনগোষ্ঠীর ভূমিকা এবং সিটির সুযোগ-সুবিধা সম্পর্কে কমিউনিটির সচেতনতা বৃদ্ধির প্রয়োজনীয়তার ওপর আলোকপাত করেন গত ১৮ বছর ধরে অ্যাসাল যুক্তরাষ্ট্রে দক্ষিণ এশীয় জনগোষ্ঠী, বিশেষ করে শ্রমজীবী মানুষের অধিকার রক্ষায় কাজ করে আসছে। শ্রমিকদের ন্যায্য মজুরি, কর্মক্ষেত্রে বৈষম্য দূর করা, কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি এবং সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠায় সংগঠনটি বিভিন্ন উদ্যোগ গ্রহণ করে আসছে। সম্মেলনে এসব বিষয় গুরুত্বের সঙ্গে উঠে আসে।
অ্যাসালের প্রতিষ্ঠাতা ও এমিরেটাস সভাপতি মাফ মিসবাহ উদ্দিন সংগঠনটির প্রতিষ্ঠাকালীন লক্ষ্য, দীর্ঘদিনের কার্যক্রম এবং ভবিষ্যৎ পরিকল্পনা তুলে ধরেন। দক্ষিণ এশীয় আমেরিকানদের মূলধারার রাজনীতিতে প্রতিষ্ঠিত করা এবং শ্রমজীবী মানুষের অধিকার রক্ষায় সংগঠনের কার্যক্রম অব্যাহত রাখার প্রত্যয় ব্যক্ত করেন তিনি।
অ্যাসালের জাতীয় সভাপতি মোহাম্মদ করিম চৌধুরী সংগঠনটির কার্যক্রম ও ভবিষ্যৎ লক্ষ্য তুলে ধরেন। জাতীয় সেক্রেটারি হরজিৎ সিং মিনহাস দক্ষিণ এশীয় জনগোষ্ঠীর মধ্যে ঐক্য ও সমন্বয় বৃদ্ধির প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। দিনব্যাপী সম্মেলনে দক্ষিণ এশীয় নারীদের ওপর পারিবারিক সহিংসতা প্রতিরোধ, মূলধারার রাজনীতিতে দক্ষিণ এশীয়দের অংশগ্রহণ এবং ২০২৬ সালের মধ্যবর্তী নির্বাচন নিয়ে পৃথক আলোচনা অনুষ্ঠিত হয়।'ব্রেকিং সাইলেন্স: সাউথ এশিয়ান উইমেন কনফ্রন্ট ডমেস্টিক ভায়োলেন্স' শীর্ষক অধিবেশনে নারীদের নিরাপত্তা, পারিবারিক সহিংসতা প্রতিরোধ এবং কমিউনিটিতে সচেতনতা সৃষ্টির বিষয়গুলো গুরুত্ব পায়। এই পর্বের যৌথ আলোচকদের মধ্যে ছিলেন সাউথ কুইন্স উইমেন্স মার্চের প্রতিষ্ঠাতা অমিতা কিলাওয়ান ও কমিউনিটি অধিকারকর্মী উমা খান।
সম্মেলনে শ্রমিক ও কমিউনিটি নেতাদের জন্য একটি বিশেষ অধিবেশনের আয়োজন করা হয়। এতে বিভিন্ন শ্রমিক ইউনিয়ন, সামাজিক সংগঠন ও কমিউনিটির প্রতিনিধিদের অংশগ্রহণের কর্মসূচি ছিল।
সম্মেলনের অন্যতম আকর্ষণ ছিলেন বাংলাদেশি বংশোদ্ভূত বিস্ময়বালক সুবর্ণ আইজ্যাক বারী। অল্প বয়সে শিক্ষা ও গবেষণার জন্য পরিচিতি পাওয়া সুবর্ণ সম্মেলনে বক্তব্য দেন এবং নতুন প্রজন্মকে অনুপ্রাণিত করেন। তাঁর উপস্থিতি সম্মেলনে নতুন মাত্রা যোগ করে। বাংলাদেশি বংশোদ্ভূত তরুণ প্রজন্মের মেধা ও সম্ভাবনাকে মূলধারায় তুলে ধরার বিষয়টিও গুরুত্ব পায়। বক্তারা বলেন, নতুন প্রজন্মের বাংলাদেশি ও দক্ষিণ এশীয় আমেরিকানদের শিক্ষা, সামাজিক নেতৃত্ব এবং রাজনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা প্রয়োজন। ভবিষ্যতে কমিউনিটির অবস্থান আরও শক্তিশালী করতে তরুণদের নেতৃত্বে এগিয়ে আসার সুযোগ সৃষ্টি করতে হবে।
শ্রমিক অধিকার, সামাজিক ন্যায়বিচার, রাজনৈতিক ক্ষমতায়ন এবং নতুন প্রজন্মের নেতৃত্ব বিকাশের আহ্বানের মধ্য দিয়ে শেষ হয় অ্যাসালের ১৯তম বার্ষিক সম্মেলন। যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতিতে বাংলাদেশিসহ দক্ষিণ এশীয়দের অংশগ্রহণ আরও বৃদ্ধি এবং শ্রমজীবী মানুষের অধিকার প্রতিষ্ঠায় অ্যাসাল আগামীতেও সক্রিয় ভূমিকা রাখবে, এমন প্রত্যাশা ব্যক্ত করেন সম্মেলনে অংশগ্রহণকারীরা।

OPEN 24 HOURS
PANSHI NEVER SLEEP
আমরা সব ধরনের ক্যাটারিং করি
ভাল খাবার, সুন্দর পরিবেশ, ভাল সার্ভিস, কমদামে উপভোগ করুন।
$6.99
Midnight & Driver Special

PANSHI RESTAURANT & PARTY HALL
168-37/39 Hillside Ave, Jamaica, NY 11432
Tel: 718-480-8516, Fax: 718-480-8531

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই যোগাযোগ করুন
আমাদের সার্ভিস
নিউ ইয়র্ক ফিল্ম একাডেমী থেকে প্রকাশিত
২০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন কর্মী দ্বারা পরিচালিত
স্বল্প খরচে, দ্রুত ডেলিভারি
বিয়ে, জন্মদিন, বিসিনেস পার্টি, কালচারাল প্রোগ্রাম হাই কোয়ালিটি নিশ্চিত করা হয়
যোগাযোগ: আমাদের সার্ভিস
+১ (৯১৭) ৫১৯ - ১১৫১
amader.services@gmail.com

রুম ভাড়া হবে
অ্যাস্টোরিয়ায় দুটি পৃথক অ্যাপার্টমেন্টে দুটি রুম ভাড়া দেওয়া হবে।
প্রথম অ্যাপার্টমেন্ট: একটি রুম স্বামী-স্ত্রী বা কর্মজীবী মহিলার কাছে ভাড়া দেওয়া হবে।
Mobile: 347-898-8383
দ্বিতীয় অ্যাপার্টমেন্ট: একটি পৃথক রুম ভাড়া দেওয়া হবে।
Mobile: 347-465-0496
আগ্রহীদের বিস্তারিত জানতে যোগাযোগ করার অনুরোধ করা হচ্ছে।

apartment for rent
5109 61 woodside apartment for rent for two peapul
contrak 347 615 3284

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন DMV অনুমোদিত অত্যন্ত নির্ভরযোগ্য ইনস্ট্রাকটরের কাছে ড্রাইভিং শিখুন
স্বদেশ ড্রাইভিং স্কুল

ঃ সেবা সমূহ ঃ
* রোড লেসন ০৫/১০/১৫ লেসনের প্যাকেজ ডিলস্
* DMV Quick রোড টেস্ট
* 5 Hour (Per- License Class) Certificate
* 6 Hour DDC (ডিফেন্সিভ ড্রাইভিং সার্টিফিকেট) for Insurance & Points
* High Way Lesson
* Available Schedule
* DMV Service
মহিলাদের জন্য অত্যন্ত ধৈর্য্যসহকারে অভিজ্ঞ মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শেখানো হয়।
যোগাযোগ
Swadesh Driving School
37-13 74th ST. FL-2
Jackson Heights NY-11372
Phone: 718 255 1231
Cell: 929 670 2871
E-mail: swadeshdrv@gmail.com

JOY TECH ELECTRONICS & COMPUTER
সেলস এবং রিপেয়ার

Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।
Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।
GSM আনলক সেলফোন বিক্রয়।
সবধরনের Accesories পাওয়া যায়
সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।
ultra mobile · h2o · T··Mobile· · univision mobile · Lycamobile
Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733
37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

আটলান্টিক সিটিতে ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবা ১০ নভেম্বর

৬২ পৃষ্ঠার পর

কনস্যুলেট সেবা প্রদান করা হবে। ভ্রাম্যমাণ কনস্যুলেট সেবার আওতায় প্রবাসী বাংলাদেশিরা ই পাসপোর্ট , জাতীয় পরিচয়পত্র , বাংলাদেশি পাসপোর্ট নবায়ন ও সংশোধন, দ্বৈত নাগরিকত্বের সনদ, বাংলাদেশের বিভিন্ন সনদপত্রের সত্যায়ন, পাওয়ার অব অ্যাটর্নি, নো ভিসা রিকোয়ার সীলসহ বিভিন্ন ধরনের সেবা গ্রহনের সুযোগ পাবেন। বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সির সভাপতি জাহিরুল ইসলাম বাবুল ও সাধারন সম্পাদক জাকিরুল ইসলাম খোকা, ট্রাস্টি বোর্ড এর চেয়ারম্যান আব্দুর রফিক প্রবাসী বাংলাদেশিদেরকে ভ্রাম্যমান কনস্যুলেটের সেবা গ্রহণ করার জন্য আহ্বান জানিয়েছেন।

জিপ কোডের ভিত্তিতে ভোটকেন্দ্র নির্ধারণ

৬২ পৃষ্ঠার পর

ওজোন পার্ক, এনওয়াই ১১৪১৬; ব্রুকলিনের কেন্দ্র কালামা'স হল, ৯৬ চার্চ এভিনিউ, ব্রুকলিন, এনওয়াই ১১২১৮; ব্রঙ্কসের কেন্দ্র গোল্ডেন প্যালেস ব্যাঙ্কুইট হল, ১৪৫১ ইউনিপোর্ট রোড, ব্রঙ্কস, এনওয়াই ১০৪৬২; এবং জ্যামাইকার কেন্দ্র অরুন পার্টি হল, ৮৯-১৬ ১৭৫ স্ট্রিট, স্যুইট # বিএফ২, জ্যামাইকা এনওয়াই ১১৪৩২।

কমিশন জানিয়েছে, ভোটারদের প্রকাশিত জিপ কোডের তালিকা অনুযায়ী নিজ নিজ নির্ধারিত কেন্দ্রে ভোট দিতে হবে। এক কেন্দ্রের ভোটার অন্য কেন্দ্রে ভোট দিতে পারবেন না। তাই নির্বাচনের আগেই নিজেদের ভোটকেন্দ্র নিশ্চিত করার জন্য ভোটারদের প্রতি আহ্বান জানানো হয়েছে।

ভোট দেওয়ার সময় ছবিসংবলিত বৈধ পরিচয়পত্র প্রদর্শন বাধ্যতামূলক। ড্রাইভিং লাইসেন্স, স্টেট আইডি, নিউইয়র্ক সিটি আইডি, গ্রিন কার্ড, ওয়ার্ক অথরাইজেশন কার্ড অথবা পাসপোর্ট পরিচয়পত্র হিসেবে গ্রহণ করা হবে। পরিচয়পত্রে থাকা নাম ও জন্মসাল ভোটার তালিকার তথ্যের সঙ্গে মিলতে হবে। ভোটকেন্দ্রের ২০০ ফুটের মধ্যে নির্বাচনী প্রচারণা, পোস্টার-ব্যানার লাগানো ও লিফলেট বিতরণ নিষিদ্ধ করা হয়েছে।

কেন্দ্রের আশপাশে মাইক বা অন্য কোনো শব্দসৃষ্টিকারী যন্ত্র ব্যবহারও নিষিদ্ধ। নির্বাচন চলাকালে অনিয়ম বা বেআইনি কর্মকাণ্ড ঘটলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে বলে সতর্ক করেছে কমিশন।নির্বাচনসংক্রান্ত বিস্তারিত তথ্য ও জিপ কোডভিত্তিক ভোটকেন্দ্রের তালিকা নির্বাচন কমিশনের ওয়েবসাইট থেকেও জানা যাবে।

আমেরিকার প্রতিটি শিশু জন্য স্পেসএক্সের শেয়ার

৬২ পৃষ্ঠার পর

প্রতিটি শেয়ারের বাজারমূল্য প্রায় ১৪৬ ডলার থেকে ১৫০ ডলার। মাস্কের এ ঘোষণা এসেছে মূলত কৃত্রিম বুদ্ধিমত্তা প্রতিষ্ঠান অ্যানথ্রপিকের একটি উদ্যোগের পর।১৮ অক্টোবর প্রতিষ্ঠানটি জানায়, তাদের মোট শেয়ারের অন্তত ৫ শতাংশ একটি 'পাবলিক বেনিফিট ফান্ডে' দেবে। প্রতিষ্ঠানটির এই শেয়ারের মূল্য প্রায় ৪৮ বিলিয়ন ডলার।

মাস্ক মনে করেন, শেয়ারগুলো তহবিলে না রেখে সরাসরি জনগণের হাতেই তুলে দেওয়া উচিত। আর ঘোষণা দেন তিনি নিজেই ঠিক সেই কাজটাই করতে যাচ্ছেন। স্পেসএক্স-এর বর্তমান মূল্য প্রায় ২ ট্রিলিয়ন ডলারের কাছাকাছি। আমেরিকায় ১৮ বছরের কম বয়সী শিশু আছে প্রায় ৭ কোটি ৩০ লাখ। সবার হাতে একটা করে শেয়ার পৌঁছে দিতে গেলে খরচ পড়বে প্রায় ১১ বিলিয়ন ডলার। অপর দিকে মাস্কের মোট সম্পদ এখন প্রায় ১ ট্রিলিয়ন ডলার। এদিকে শিশু-কিশোরদের জন্য এমন উদ্যোগ নতুন নয়। চলতি মাসেই যুক্তরাষ্ট্রের অর্থ মন্ত্রণালয় ১৮ বছরের কম বয়সীদের জন্য 'ট্রাম্প অ্যাকাউন্টস' নামে নতুন একটি ফেডারেল সঞ্চয় ও বিনিয়োগ কর্মসূচিতে স্বয়ংক্রিয়ভাবে লাখ লাখ শিশুকে অন্তর্ভুক্ত করেছে। ২০২৫ সালের শুরু থেকে ২০২৮ সালের শেষ পর্যন্ত জন্ম নেওয়া শিশুরা এ কর্মসূচির আওতায় এককালীন এক হাজার ডলারের সরকারি অনুদান পাওয়ার যোগ্য। এছাড়া গত জুলাইয়ে স্পেসএক্সের প্রেসিডেন্ট গুইন শটওয়েল ও তার স্বামীও শেয়ার দানের ঘোষণা দিয়েছিলেন। তাদের প্রতিশ্রুতি অনুযায়ী, এরই মধ্যে অ্যাকাউন্ট খোলা প্রায় ২০ লাখ শিশুর প্রত্যেককে স্পেসএক্সের একটি করে শেয়ার দেওয়া হবে।

কিউবার অভিজ্ঞতা এবং আমাদের শিক্ষা

৫ পৃষ্ঠার পর

